CMYK

ত্রিপুরার প্রথম দৈনিক

# জাগরণ

গৌরবের ৬৬ তম বছর

THE FIRST DAILY OF TRIPURA

অনলাইন সংস্করণ ঃ www.jagarandaily.com

JAGARAN ■ 16 March, 2019 ■ আগরতলা, ১৬ মার্চ, ২০২০ ইং ■ ২ চৈত্র ১৪২৬ বঙ্গাব্দ, সোমবার ■ RNI Regn. No. RN 731/57 ■ Founder : J.C.Paul ■ মূল্য ৩.৫০ টাকা ■ আট পাতা










### আজ প্রশাসনের উচ্চ পর্যায়ের বৈঠক

## করোনা ঃ রাজ্যে বন্ধ হচ্ছে স্কুল-কলেজ বাজেট অধিবেশনও স্থগিতের সম্ভাবনা

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৫ মার্চ।।** মহামারি রূপ নিয়েছে করোনা ভাইরাস। ফলে, আরও সতর্ক হতে চাইছে রাজ্য সরকার। করোনা ভাইরাসের সতর্কতা মূলক ব্যবস্থা হিসেবে স্কুল কলেজ সহ সমস্ত শিক্ষা প্রতিষ্ঠানগুলি অনির্দিষ্ট কালের জন্য বন্ধ ঘোষণার চিন্তা ভাবনা করছে রাজ্য সরকার। শুধু তাই নয়, আপাতত বাজেট অধিবেশনও স্থগিত ঘোষণা করা হতে পারে। এক্ষেত্রে বাজেট অধিবেশন স্থগিত ঘোষণা ও ভোট অন একাউন্ট নিয়ে আগামীকাল বিধানসভার বিজনেস এডভাইজারি কমিটির বৈঠকে আলোচনা হবে। এ বিষয়ে কমিটি সম্মত হলে তা মন্ত্রিসভায় অনুমোদনের জন্য পাঠানো হবে। তাছাড়া, মধ্য শিক্ষা পর্ষদের পরীক্ষা চলাকালীন বিশেষ সতর্কতা মূলক ব্যবস্থা হিসেবে পরীক্ষার হলে ঢোকার আগে ছাত্র ছাত্রী এবং শিক্ষক শিক্ষিকাদের এলকোহল মিশ্রিত সেনিটাইজার কিংবা সাবান দিয়ে ভালো করে হাত ধুতে হবে। এদিকে, দেশে করোনা ভাইরাস নিয়ে পরিস্থিতি স্বাভাবিক না হলে পিছিয়ে যাবে এডিসি নির্বাচনও। এমনটাই সম্ভাবনা দেখা দিয়েছে।

করোনা ভাইরাস সারা দেশে ক্রমশ ছড়িয়ে পড়ছে। এর ভয়াবহতা থেকে বাঁচার জন্য বিভিন্ন রাজ্য সতর্কতা মূলক ব্যবস্থা নিচ্ছে। ইতিমধ্যে পূর্বোত্তরের আসাম, মণিপুরে শিক্ষা প্রতিষ্ঠানগুলি ছুটি ঘোষণা করেছে। সূত্রের খবর, আগামীকাল সচিবালয়ে উচ্চ পর্যায়ের এক বৈঠক অনুষ্ঠিত হবে। মুখ্যসচিব সমস্ত দপ্তরের সাথে রাজ্যে করোনা ভাইরাস সংক্রান্ত পরিস্থিতির পর্যালোচনা করবেন। সূত্রের দাবি, ওই বৈঠকে রাজ্যে সমস্ত শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ রাখার বিষয়ে মতামত সংগ্রহ করবে শিক্ষা দপ্তর। ধারণা করা হচ্ছে, আগামীকালই শিক্ষা দপ্তর রাজ্যের সমস্ত শিক্ষা প্রতিষ্ঠান অনির্দিষ্ট কালের জন্য বন্ধ রাখার সিদ্ধান্ত ঘোষণা করবে। তাতে, সরকারী এবং বেসরকারী উভয় শিক্ষা প্রতিষ্ঠানগুলি ওই সিদ্ধান্ত অনুযায়ী বন্ধ থাকবে। শুধু তাই নয়, বিভিন্ন সপিংমল এবং সিনেমা হল গুলি নিয়েও ওই বৈঠকে আলোচনা হবে। এক্ষেত্রে সিনেমা হল গুলি আপাতত কিছু দিন বন্ধ রাখার সিদ্ধান্ত হতে পারে।

এদিকে, করোনা ভাইরাসের সতর্কতা মূলক ব্যবস্থা হিসেবে আগামী ২০ মার্চ থেকে রাজ্য বিধানসভার বাজেট অধিবেশন স্থগিত রাখা হতে পারে। এ বিষয়ে আগামীকাল বিজনেস এডভাইজারি কমিটির বৈঠকে বিস্তারিত আলোচনা হবে। ইতিমধ্যে, দেশের ১২টি রাজ্য বিধানসভা অধিবেশন স্থগিত ঘোষণা করেছে। কারণ, বিশ্ব স্বাস্থ্য সংস্থা এবং ভারত সরকারের নির্দেশিকা অনুযায়ী বড় জমায়েত এড়ানোর নির্দেশ রয়েছে। সূত্রের খবর, আগামীকাল বিজনেস এডভাইজারি কমিটির বৈঠকে বাজের অধিবেশন স্থগিত রাখার পাশাপাশি ভোট অন একাউন্ট নিয়েও আলোচনা হবে। যেহেতু বাজেট অধিবেশন স্থগিত রাখা হবে তাই একদিনের বিধানসভা অধিবেশন ডেকে ভোট অন একাউন্ট পাশ করানোর চিন্তা ভাবনা করছে রাজ্য সরকার। বিজনেস এডভাইজারি কমিটি তাতে সম্মতি জানালে ভোট অন একাউন্টের জন্য রাজ্য মন্ত্রিসভার অনুমোদন চাওয়া হবে।

এদিকে আজ বুনিয়াদী শিক্ষা অধিকর্তা করোনা ভাইরাস নিয়ে সতর্কতা মূলক ব্যবস্থা নেওয়ার জন্য নির্দেশিকা জারি করেছেন। রাজ্যে পর্ষদ পরিচালিত বিদ্যালগুলিতে মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিক পরীক্ষা চলছে। তাই, পরীক্ষা কেন্দ্রের দায়িত্ব প্রাপ্তদের সাবান, এলকোহল মিশ্রিত সেনিটাইজার এবং পর্যাপ্ত জল ব্যবস্থা রাখার নির্দেশ দেওয়া হয়েছে। বুনিয়াদী শিক্ষা অধিকর্তার নির্দেশিকা ☞ ৬ এর পাতায় দেখুন

## ১০৩২৩ ঃ এক গোষ্ঠীর গণঅবস্থান জারি রাখার সিদ্ধান্ত, অপর গোষ্ঠীও নামছে অনির্দিষ্টকালের গণধর্ণায়




**নিজস্ব প্রতিনিধি,আগরতলা, ১৫ মার্চ ।।** ১০,৩২৩ শিক্ষকদের চাকরিতে বহাল রাখার দাবিতে আন্দোলন তীব্র থেকে তীব্রতর হয়ে উঠেছে। শনিবার থেকে ওরিয়েন্ট চৌমুহনিস্থিত গুরুজি কনফারেন্স হলের সামনে শুরু হয়েছে টানা ৪৮ ঘণ্টার গণ-অবস্থান। রবিবার দ্বিতীয় দিন অতিক্রান্ত হয়ে গেলেও সরকারপক্ষ থেকে ইতিবাচক কোন সাড়া দেওয়া হয়নি। এদিন দুপুর নাগাদ ওরিয়েন্ট চৌমুহনিতেই গণ-অবস্থানকারীরা পথ অবরোধে শামিল হন। আন্দোলন আরও তীব্রতর করার হুঁশিয়ারিও দিয়েছে তারা। তারপর গণঅবস্থানকারী শিক্ষকরা জানিয়েছেন তারা অনির্দিষ্টকালের জন্য গণঅবস্থান চালিয়ে যাবেন। অন্যদিকে, ১০৩২৩ এর আরও একটি সংগঠন ১৭ মার্চ থেকে আগরতলায় সিটি সেন্টারের সামনে অনির্দিষ্টকালের জন্য গণধর্ণায় বসছে।

এদিকে, ১০৩২৩ এর গণঅবস্থান মঞ্চে পৌঁছেন প্রদেশ কংগ্রেসের কার্যকরী সভাপতি পিযুষ কান্তি বিশ্বাস। তিনি এখানে বক্তব্য রাখতে গিয়ে বলেন, গত বিধানসভা নির্বাচনে ১০৩২৩ শিক্ষকরা বিজেপিকে সমর্থন করেছিল এবং ভোট দিয়েছে। সরকার পরিবর্তনের দুই বছরের মধ্যে ১০৩২৩ শিক্ষকদের নিয়ে সরকার কোন সুরাহা করেনি। বরং আশ্বাস দিয়ে যাচ্ছেন শিক্ষামন্ত্রী তথা আইনমন্ত্রী রতন লাল নাথ। অন্যদিকে, ☞ ৬ এর পাতায় দেখুন

## আজ মধ্যপ্রদেশে আস্থা ভোটের মুখোমুখি হচ্ছে কমলনাথ সরকার

**ভুপাল, ১৫ মার্চ।।** আস্থাভোট সোমবার। তার ঠিক আগে রবিবার সকালে রাজস্থানের 'সেফ হাউজ' থেকে ভোপালে ফিরলেন মধ্যপ্রদেশে কংগ্রেসের ৮০ জনবিধায়ক। দলীয় বিধায়কদের যাতে বিজেপি হাইজ্যাক করতে না পারে, তার জন্যগোটা বিমানবন্দর চত্বর জুড়ে ১৪৪ ধারা জারি করে রেখেছিল মধ্যপ্রদেশের কংগ্রেস সরকার। দলীয় বিধায়করা ভোপালের মাটিতে পা দেওয়ার সঙ্গে সঙ্গে কড়া পাহারায় তাঁদের নিয়ে যাওয়া হয় ম্যারিয়ট হোটেলে। জয়পুরের রিসর্ট থেকে ভোপালের হোটেলে চেক-ইন পর্যন্ত পুরো রাস্তা বিধায়কদের দলকে এসকর্ট করেছেন মধ্যপ্রদেশ কংগ্রেসের শীর্ষ নেতা হরিশ রাওয়াত।

গত সপ্তাহে কংগ্রেস ছেড়ে বিজেপিতে যোগ দেন জ্যোতিরাদিত্য সিন্ধিয়া। বিধানসভার অধ্যক্ষের কাছে ইস্তফা পাঠান তাঁর অনুগামী ২২ জন কংগ্রেস বিধায়ক। ফলে বিধানসভায় সংখ্যালঘু হয়ে যায় কংগ্রেস সরকার। বিজেপির তরফ থেকে দাবি ওঠে আস্থা ভোটের। দল-ভাঙানোর আশঙ্কা রুখতে শীর্ষ কংগ্রেস নেতারা রাতারাতি দলীয় বিধায়কদের নিয়ে পৌঁছন কংগ্রেস শাসিত রাজস্থানের একটি রিসর্টে। সেখানকার মুখ্যমন্ত্রী অশোক গহলৌত থেকে শুরু করে মুকুল ওয়াসনিকের মতো নেতাদের কড়া নজরদারিতে রাখা হয় কংগ্রেস বিধায়কদের। অন্যদিকে কংগ্রেসের 'বিদ্রোহী' বিধায়কদের বিজেপি ☞ ৬ এর পাতায় দেখুন

## রাঙ্গাছড়া সফর করলেন আইনমন্ত্রী, অভিযুক্ত ম্যাজিক চালক সৌরভ পাল পুলিশ রিমান্ডে

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৫ মার্চ।।** রাঙ্গামুড়ায় যুবতীকে গণধর্ষণ ও হত্যার মামলায় অভিযুক্ত সৌরভ পালকে রবিবার আদালতে তোলা হয়। আাদলত সৌরভ পালকে সাত দিনের পুলিশ রিমান্ডে রাখার নির্দেশ দেন। সিধাই থানার পুলিশ সৌরভ পালকে শুক্রবারই আটক করেছিল। শনিবার তাকে গ্রেপ্তার করা হয়েছিল। রবিবার সকালে তাকে আগরতলায় আদালতে নিয়ে আসে সিধাই থানার পুলিশ। পুলিশের তরফ থেকে আদালতের কাছে রিমান্ডের আর্জি জানানো হয়েছিল। সেই মোতাবেক আদালত সৌরভ পালকে পুলিশ রিমান্ডের নির্দেশ দিয়েছেন। উল্লেখ্য, গত ১২ মার্চ মন্টি দেব নামে ২২বছরের যুবতিকে হত্যা করে পুড়িয়ে ফেলার চেষ্টা করা হয়েছিল। এ ব্যাপারে নির্দিষ্ট ধারায় ভারতীয় দন্ডবিধির ৩৬৪/৩০২/৩৭৬(ডি)/২০১/৩৪


রবিবার আদালতে তোলা হয় সৌরভ পালকে। ছবি নিজস্ব।

আইপিসিতে মামলা গৃহীত হয়েছে। পুলিশ তাকে জিজ্ঞাসাবাদ করে ঘটনার আসল কারণ উদ্‌ঘাটনের চেষ্টা শুরু করেছে।

এদিকে, রাজ্যের আইনমন্ত্রী তথা স্থানীয় বিধায়ক রতনলাল নাথ রবিবার অভিশপ্ত রাঙাছড়া এলাকা সফর করেছেন। সফরকালে নিহতের মা সহ পরিবার পরিজনদের সঙ্গে কথা বলে ঘটনার সুষ্ঠু তদন্তক্রমে অভিযুক্তের সর্বোচ্চ শাস্তি ও সব ধরনের সহযোগিতা করার আশ্বাস দিয়েছেন। আইনমন্ত্রীর সঙ্গে বিজেপির প্রদেশ সভাপতি ডা. মানিক সাহাও এলাকা পরিদর্শন করে দলের পক্ষ থেকে পরিবারকে সবধরনের সাহায্য সহযোগিতা করার আশ্বাস দিয়েছেন। সিধাই মোহনপুরের রাঙাছড়ায় ২২ বছর বয়সী যুবতীকে হত্যা ও অগ্নিদগ্ধ করার তিনদিন পর রবিবার রাজ্যের আইনমন্ত্রী তথা মোহনপুরের স্থানীয় বিধায়ক রতন লাল নাথ এলাকা সফর করলেন।

সফরকালে নিহতের পরিবারের সঙ্গে কথা বলার সময় রাজ্য সরকারের তরফে পরিবারকে সবধরনের সাহায্য সহযোগিতা করার আশ্বাস ☞ ৬ এর পাতায় দেখুন

## কোরোনার মোকাবিলায় তহবিল, ১ কোটি মার্কিন ডলার দেবে ভারত, প্রতিশ্রুতি মোদীর

### দেশে আক্রান্তের সংখ্যা বেড়ে ১০৭

**নয়াদিল্লি, ১৫ মার্চ (হি.স.) ।।** কোরোনার সংক্রমণ মোকাবিলায় ভিডিও কনফারেন্সে সার্ক দেশগুলিকে একটি ফান্ড তৈরি প্রস্তাব দিলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী । সেইসঙ্গে ওই ফান্ডে ভারতের তরফ থেকে ১ কোটি মার্কিন ডলার দেওয়ার প্রতিশ্রুতিও দিলেন তিনি ।

বিশ্বজুড়ে মহামারীর আকার ধারন করেছে মরণ কোরোনারভাইরাস, এর মধ্যে চিনের পর এবার একের পর এক প্রভাব বিস্তার করছে দক্ষিণ এশিয়ার দেশগুলিতে । এই অবস্থায় গত শুক্রবার টুইট বার্তায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী কোভিড-১৯ নভেল করোনাভাইরাসের বিরুদ্ধে লড়াই করতে শক্তিশালী রণকৌশল তৈরি করার আহ্বান জানিয়ে সার্ক দেশগুলির কাছে আবেদন জানিয়েছিলেন সেই মত ররিবার বিকেলে শুরু হয় ভিডিও কনফারেন্স সেখানেই সার্কভুক্ত দেশগুলোর নেতাদের অভিবাদন জানিয়ে তার বক্তব্য শুরু করেন মোদী। তিনি বলেন, আমাদের দেশগুলি একে অপরের সঙ্গে সংযুক্ত। তাই এ সমস্যা মোকাবিলায় আমাদের সমন্বিতভাবে কাজ করতে হবে। স্বাস্থ্যঝুঁকির বিষয়টি যেমন অবমূল্যায়ন করা যাবে না, তেমনই অযথা আতঙ্কিতও হওয়া যাবে না।

কোভিড-১৯ মোকাবিলায় দেশে গৃহীত পদক্ষেপ বিষয়ে মোদী জানান, ভ্রমণে বিধিনিষেধ আরোপ করা হয়েছে, হাসপাতালে বিশেষ ব্যবস্থা নেওয়া হয়েছে, প্রতিটি প্রদেশকে আলাদাভাবে প্রস্তুত হতে বলা হয়েছে। এ ভিডিও কনফারেন্সের উদ্দেশ্য এ মহামারি মোকাবিলায় আমাদের অবস্থান ও দৃষ্টিভঙ্গি একে অপরকে জানান। এদিনের বৈঠকে শুরু বার্তা দেওয়া নয়, করোনা রুখতে একটি ফান্ড তৈরি করার কথা বলেন নরেন্দ্র মি। পাশপাশি ☞ ৬ এর পাতায় দেখুন

## রাঙ্গাছড়া কান্ডের বিচার বিভাগীয় তদন্ত চায় সিপিএম

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৫ মার্চ ।।** সিধাই মোহনপুরের রাঙ্গাছড়া গ্রামের যুবতীর মৃত্যুর ঘটনার বিচার বিভাগীয় তদন্ত দাবী করল সিপিএম। দলের রাজ্য সম্পাদক গৌতম দাশ রবিবার আগরতলায় এক সাংবাদিক সম্মেলনে এই ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করে বলেন, মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্টমন্ত্রী বিপ্লব কুমার দেব এই ঘটনার ব্যাপারে কোন কিছু বলছেন না। পুলিশের ভূমিকাতেও শ্রীদাশ অসন্তোষ প্রকাশ করেছেন। তিনি বলেন রাজ্যে আইন শৃঙ্খলার চরম অবনতি হয়েছে।

## খেরেংজুরি নবোদয়ে নারী কেলেংকারী ছাত্রদের বিক্ষোভ, পুলিশ ডাকলেন অধ্যক্ষ

**নিজস্ব প্রতিনিধি, চুড়াইবাড়ি, ১৫ মার্চ ।।** স্থাপনের পর থেকে সংবাদের শিরোনামে উঠে আসে উত্তর জেলার খেরেংজুরিস্থিত জওহর নবোদয় বিদ্যালয়। ছাত্র-ছাত্রীদের শারীরিক মানসিক নির্যাতন থেকে শুরু করে নানা অপকর্ম সংঘটিত হয় এই বিদ্যালয়ে। রাজ্য মহিলা কমিশনের চেয়ারপার্সনের সাথে দুর্ব্যবহার করেছিলেন তৎকালীন প্রিন্সিপাল ।আর কে মিনার বিরুদ্ধে একগুচ্ছ অভিযোগ থাকায় তাকে এখান থেকে বদলি করে নতুন একজন প্রিন্সিপাল সন্দীপ কুমারকে আনা হয়। সন্দীপ কুমারের সাথে ক্যান্টিন পরিচালক দেব মনির বন্ধুত্বপূর্ণ সম্পর্ক।

দুজনেই দিল্লির বাসিন্দা। সেই সুবাদে নবোদয়ের দ্বিতীয় প্রিন্সিপাল বলতে দেবমণিকেই বোঝায়। ক্যান্টিনে খাবার ভালো হয়না। ছাত্রছাত্রীরা অভিযোগ করলে তাদের এক এক করে প্রিন্সিপালের রুমে ডেকে নিয়ে মানসিক নির্যাতন করা হয় বলে অভিযোগ। আরো হুমকি দেওয়া হয় টিসি হাতে ধরিয়ে স্কুল থেকে বিদায় করে দেওয়া হবে ।এমনকি কিছু ছাত্রকে বর্তমানে সাসপেন্ড করে রাখা হয়েছে। খাবারের অযোগ্য খাবার দেওয়া হয় বলেও ছাত্রদের অভিযোগ ।বেশ কয়েকমাস ধরে খেরেংজুরিসিত জওহর নবোদয় বিদ্যালয়ের এই দুই বন্ধুর কর্মকাণ্ডে চাপা ক্ষোভ বিরাজ করছিল ছাত্রছাত্রীদের মধ্যে। শনিবার সন্ধ্যা নাগাদ ক্যান্টিন ইনচার্জ দেবমণির সাথে এলডিসি ক্লার্ক এক মহিলা কর্মীকে অবৈধ কাজে দেখে ফেলে ছাত্রছাত্রীরা। তাও আবার প্রিন্সিপালের কোয়ার্টারে এ ধরনের কর্মকাণ্ড সংঘটিত হচ্ছে।

তৎক্ষণাৎ ক্ষোভে ☞ ৬ এর পাতায় দেখুন

## দুই নাইজেরিয়ান যুবক আটক, করোনা আতঙ্কে রাখা হল আইসোলেশন ওয়ার্ডে

**নিজস্ব প্রতিনিধি, চুড়াইবাড়ি, ১৫ মার্চ।।** ফের ধৃত দুই নাইজেরিয়ান নাগরিক ।উত্তর জেলার ধর্মনগর থেকে গুয়াহাটি যাওয়ার পথে নৈশ বাস স্বপ্না ট্রেবেলসের এস০১জেসি৮০৫২ নম্বরের গাড়ি আসামের চুড়াইবাড়ি পুলিশের রুটিন তল্লাশির জন্য থামালে ভিতরে বসা দুই নাইজেরিয়ান যুবক পুলিশের লক্ষ্য হওয়া মাত্র নেমে ত্রিপুরার দিকে দৌড়ে পালিয়ে যায় এবং জঙ্গলে ঢুকে আত্মগোপন করে। সঙ্গে সঙ্গে কর্তব্যরত পুলিশ ওয়াচ পোস্ট ইনচার্জ মিন্টু শিলকে অবগত করে। তারপর মিন্টু শিল ও কাটতলী ফাঁড়ি ইনচার্জ মানবজ্যোতি ডেকা সহ পুলিশ বাহিনী নিয়ে রাতে জঙ্গল সার্চ করে অবশেষে ধৃত দুই নাইজেরিয়ান যুবককে করায়ত্ত করতে সক্ষম হয়। ধৃত দুই যুবকের নাম কানু কিংগসুই (২৮) ও চিনেদু নংসু(৩০)।




পুলিশের প্রাথমিক তল্লাশিতে এদের কাছে কোনো বৈধ ভারতীয় নথি পত্র পাওয়া যায়নি। কিন্তু বাংলাদেশের পাসপোর্ট ও ভিসা তাদের সঙ্গে পাওয়া গেছে বলে পুলিশ জানায়। এরা চুড়াই পথে ভারতে প্রবেশ করেছে বলে জেরায় জানায়। তাই স্থানীয়রা খুবই উদ্বেগ প্রকাশ করেছেন সিমান্ত সুরক্ষা নিয়ে। অবৈধ উপায়ে ভারতে বারকয়েক নাইজেরিয়ান নাগরিক প্রবেশের ঘটনা ঘটেছে। যদিও পূর্বে পুলিশের তল্লাশিতে ধরা পড়েছে। উল্লেখ্য ধৃতরা পুলিশের জেরার মুখে ভারতে প্রবেশ করার কারণ হিসাবে ব্যবসাজনিত কারণ বলে জানায়।

অবৈধভাবে ভারতে আগত দুই নাইজেরিয়ান নাগরিককে করোনা ভাইরাসে আক্রান্ত সন্দেহে করিমগঞ্জ অসামরিক হাসপাতালের আইসোলেশনে রাখা হয়েছে। এ নিয়ে শহর তো বটেই, সমগ্র জেলায় করোনা আতঙ্ক বিরাজ করছে। জেলা স্বাস্থ্য দফতরের পক্ষ থেকে দুই বিদেশি নাগরিকের শরীরে করোনা ভাইরাস সম্পর্কে সরকারিভাবে কোনও স্পষ্টীকরণ দেওয়া হয়নি। তাই উদ্বিগ্ন মানুষ। ☞ ৬ এর পাতায় দেখুন

## ধর্মনগরে গলায় ফাঁস জড়িয়ে আত্মহত্যা মহিলার

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৫ মার্চ।।** উত্তর ত্রিপুরার সদর শহর ধর্মনগরে জনৈক মহিলা গলায় ফাঁস জড়িয়ে আত্মহত্যা করেছেন। এ ঘটনায় শহরের সংশ্লিষ্ট এলাকায় শোকের পাশাপাশি চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে। আত্মঘাতী মহিলাকে মালতি ঘোষ (৫৮) বলে পরিচয় পাওয়া গেছে।

ঘটনা ধর্মনগর সদর থানা এলাকার পদ্মপুর মহাদেববাড়ি রোড এলাকায় রবিবার বেলা প্রায় সাড়ে তিনটা নাগাদ সংঘটিত হয়েছে। ঘটনাস্থলে পুলিশ গিয়ে পৌঁছার আগেই পরিবারের লোকজন এবং স্থানীয় জনতা গলায় ফাঁস জড়িয়ে ঝুলন্ত মহিলার মৃতদেহ নামিয়েছেন। এ নিয়ে পুলিশ অসন্তোষ ব্যক্ত করেছে। পাশাপাশি মৃত্যকে কেন্দ্র করে সন্দেহ দানা বেঁধেছে পুলিশের। তবে ☞ ৬ এর পাতায় দেখুন






CMYK

জাগরণ আগরতলা ▫ বর্ষ-৬৬ ▫ সংখ্যা ১৫৫ ▫ ১৬ মার্চ ২০২০ইং ▫ ২ চৈত্র ▫ সোমবার ▫ ১৪২৬ বঙ্গাব্দ

## উপজাতি রাজনীতিতে ঐক্যের তাগিদ

জাতীয়তাবাদী চিন্তা চেতনায় উদ্বুদ্ধ উপজাতি রাজনৈতিক দল কতখানি অগ্রণী তাহা নিয়া প্রশ্ন থাকিয়া যাইতেছে। এ রাজ্যে তো একের পর এক উপজাতি রাজনৈতিক দল আত্মপ্রকাশ করিয়াছে। বহু দল গাড়িয়া উঠিলেও জন ভিত্তির উপর দাঁড়াইতে পারে নাই অধিকাংশ উপজাতি ভিত্তিক দল। ফলে একদিন এই সব দল একে একে বিলীন হইয়া যাইতে থাকে। উপজাতি দলগুলির মধ্যে ভাঙ্গা গড়ার খেলার তো শেষ নাই। শনিবাার এনসিটি মিশিয়া গিয়াছে আইএনপিটির সঙ্গে। দুই পার্টিই মিলিয়া মিশিয়া একাকার হইয়াই নতুন নামাকরণও হইয়া গেল। নতুন এই উপাজাতি দলের নাম হইল ইন্ডিজেনাস ন্যাশনালিস্ট পার্টি অব তুইপ্রা (ইউনাইটেড)। এই ভাবে মিলিয়া মিশিয়া নতুন পার্টির ঘোষণা নতুন নহে। উপজাতি রাজনীতির ইতিহাস এই ভাঙ্গা গড়ারই। কিন্তু তবু, ঐক্যের বিজয়রথ তেমন গড়িয়া উঠে না আর গড়িয়া উঠিলেও নিমেষে ভাঙ্গিয়া খান খান হইয়া যায়। সুতরাং এই নতুন 'ইউনাইটেড' দল কতদিন ঐক্যবদ্ধ ভাবে রাজনৈতিক মঞ্চে বিশেষ ভূমিকা নিতে পারিবে তাহা বলা মুশকিল। কারণ অভিজ্ঞতা কিন্তু অন্যকথাই বলিতেছে। শনিবার আগরতলা সুপারিবাগানস্থিত দশরথ দেব অডিটোরিয়ামে এক অনুষ্ঠানের মাধ্যমে দুই দলের মধ্যে এই সংযুক্তিকরণ সম্পন্ন হয় এবং নতুন দলের নাম ঘোষণা দেওয়া হয়। এই অনুষ্ঠানে উপস্থিত দিলেন মহারাজ প্রদ্যুৎ কিশোর দেববর্মনও। আইএনপিটি সভাপতি বিজয় রাংখল বলেন, আইপিএফটি, আইপিএফটি তিপ্রাহা সহ অন্যান্য দলগুলির সঙ্গেও আলোচনা চলিতেছে। সবকয়টি জনজাতি ভিত্তিক দলকে নিয়া ইউনাইটেড ফ্রন্ট করিবারও অঙ্গীকার ঘোষণা করা হয় সভায়।

ত্রিপুরায় সত্তরের দশকে উপজাতি যুব সমিতিই দীর্ঘ সময় রাজনৈতিক ময়দানে লড়াই করিয়াছে। কংগ্রেসী মুখ্যমন্ত্রী সুখময় সেনগুপ্তের ঐকান্তিক ইচ্ছাতেই রাজ্যে উপজাতি যুব সমিতি নামে রাজনৈতিক দলের আত্মপ্রকাশ ঘটে। সেই সময় সিপিএমের উপজাতি সংগঠনকে টেক্কা দেওয়ার মতো উপজাতি সংগঠন সেই সময় গড়িয়া উঠে নাই। যুব সমিতি পরবর্তী পর্য্যায়ে সিপিএমের বিরুদ্ধে উপজাতিদের মধ্যে লড়াই জারী রাখে এবং একটি শক্তিশালী দল হিসাবে গড়িয়া উঠে। যাহার পরিণতিতে ১৯৮৮ সালে কংগ্রেসের সঙ্গে আঁতাত করিয়া সিপিএমকে হঠাইয়া দেয়। সরকারের আসীন হয় কংগ্রেস যুব সমিতি জোট। সেই যুব সমিতিকে ভাঙ্গিয়া দিতে হয় ঐক্যের স্বার্থে। তখনই গড়িয়া উঠে আইএনপিটি। সব উপজাতি দলের সমাহার। আবার আসে ভাঙ্গা গড়া। এডিসিতে সিপিএমকে হঠাইয়া ক্ষমতায় বসে আইপিএফটি নামের একটি দল। কিন্তু, পরিস্থিতি কি দাঁড়াইয়াছিল। অদৃশ্য শক্তি চালাইত এডিসি। এইসব বেশীদিন টিকিল না। আবার এডিসির দখল নিল সিপিএম। উপজাতি ঐক্যের স্তম্ভ ভাঙ্গিয়া তছনছ হইয়া গেল। আজ রাজ্য মন্ত্রিসভায় আছে আইপিএফটি। কিন্তু, বড় শরিকের সঙ্গে সম্পর্কের অবনতির খবর তো আর গোপন নাই। এডিসি নির্বাচনে বিজেপি আইপিএফটি আঁতত হইবে এমন অভাব তো মিলিতেছে না। যতটুকু ধারণা বিজেপি একাই এডিসি নির্বাচনে লড়াই করিবে। এই অবস্থায় রাজ্যে সব উপজাতি দলগুলিকে একই মঞ্চে আনিবার যে প্রয়াস শুরু হইয়াছে তাহাকে কি খুব খাটো করিয়া দেখিবার সুযোগ আছে? কংগ্রেস ছাড়িয়া প্রদ্যুৎ কিশোর দেববর্মন যে, উপজাতি ভিত্তিক রাজনীতিতে সক্রিয় আছেন তাহা তো বিভিন্ন ঘটনায় স্পষ্ট করিয়া দিয়াছেন। তিনি উপজাতিদের মধ্যেই তাঁহার রাজনীতির কর্মকান্ড ছড়াইয়া দিয়াছেন। এখন দেখিবার বিষয় এডিসি ভোটকে লক্ষ্য রাখিয়া উপজাতি রাজনীতি কোন্ পথে হাটিবে।

## বেআইনি পার্কিংয়ের সমস্যা ও যানজট এড়াতে গড়িয়াহাট ব্রিজের নিচে পার্কোম্যাট খুলল পুরসভা

কলকাতা, ১৫ মার্চ (হি. স.): বেআইনি পার্কিংয়ের সমস্যা ও যানজট এড়াতে গড়িয়াহাট ব্রিজের নিচে পার্কোম্যাট খুলল কলকাতা পুরসভাঙ শনিবার পার্কোম্যাটের উদ্বোধন করলেন মেয়র ফিরহাদ হাকিম এবং পার্কিং বিভাগের মেয়র পারিষদ দেবাশীষ কুমার।

রাস্তাজুড়ে পার্কিংয়ের সমস্যায় নাজেহাল সাধারণ মানুষের এতদিন অভিযোগ জমা পড়তো পুরসভায়। এবার সেই সমস্যার অনেকখানি সমাধান হল গড়িয়াহাটে অত্যাধুনিক মাল্টি লেভেল কার পার্কিং এর উদ্বোধনে। শনিবার পার্কোম্যাটের উদ্বোধন করলেন মেয়র ফিরহাদ হাকিম এবং পার্কিং বিভাগের মেয়র পারিষদ দেবাশীষ কুমার। এবার পার্কিং ব্যবস্থায় স্বচ্ছতা আনতেই মেয়র ফিরহাদ হাকিম গড়িয়াহাট ফ্লাইওভারের নিচে এই মাল্টি লেভেলের গাড়ি পার্কিংয়ের উদ্বোধন করলেন। ব্রীজের নিচে এই পার্কিং জোনে সব মিলিয়ে ৫০ টি গাড়ি পার্ক করা যাবে। ব্রীজের নিচে এই পার্কিং ব্যবস্থার ফলে রাস্তার পুরোটা ব্যবহার করা যাবে। এর ফলে বেআইনি পার্কিং অনেকখানি রোখা যাবে বলে মনে করছে পুরদফতর।

এদিন মেয়র বলেন, 'আমরা শহরে ফ্লাইওভারের নীচে গাড়ি পার্কিংয়ের সুবিধা করে দিলাম। এই পার্কিং স্টেশন সংলগ্ন একটি বৈদ্যুতিক গাড়ির চার্জিং স্টেশন স্থাপন করা হবে। আমরা শহরের দূষণ নিয়ন্ত্রণে আরও বেশি সংখ্যক ব্যাটারিচালিত যানবাহনের জন্য মানুষকে আবেদন জানাচ্ছি'।

মেয়র পারিষদ(পার্কিং) দেবাসিশ কুমার এই প্রসঙ্গে জানান, 'গরিয়াহাটে যে মাল্টি লেভেলের গাড়ি পার্কিং অবস্থা চালু হয়েছে তা শহরের মধ্যে তৃতীয়। এই একই ধরনের পার্কিং ব্যবস্থা করা হয়েছে রডন স্ট্রিটে এবং নিউ মার্কেটেও।'

দেবাশিষবাবু আরও জানান, চৈত্র সেলের কেনাকাটাকে কেন্দ্র করে যে ভিড় হয় গড়িয়াহাটে সে কথা মাথায় রেখে আগামীকাল রবিবার থেকে খুলে দেওয়া হবে পার্কোম্যাট চলবে পয়লা বৈশাখের দিন অর্থাৎ ১৪এপ্রিল পর্যন্ত। কোন রকম অসুবিধা ছাড়াই গড়িয়াহাটে আগত ক্রেতারা এই সুবিধা ভোগ করতে পারবে। পার্কিং বিভাগের একজন উর্ধতন কর্মকর্তা জানিয়েছেন, রাস্তার যত্রতত্র পার্কিং এর জন্য এতদিন যে দূষণ হত এখন আর হবে না।' হকার সংগ্রাম কমিটির সদস্য অভিজিৎ সাহা জানান, 'চৈত্র সেলের কেনাকাটা দুর্গা পুজোর সময়ের কেনাকাটার সমান। এই পার্কিং জোন উদ্বোধনের ফলে সাধারণ মানুষের অনেকাংশে সুবিধা হবে।'

## পুরসভা নির্বাচনে চন্দননগরে তৃণমূল কংগ্রেস আশাতীত ভালো ফল করবে, দাবি ইন্দ্রনীলের

হুগলী, ১৫ মার্চ (হি.স.) : বাংলার গর্ব মমতা এই কর্মসূচির অন্তর্গত জলযোগে যোগাযোগ গত রবিবার থেকে শুরু হয়েছিল। শনিবার তার শেষ দিনে বিভিন্ন বিধানসভার বিধায়করা সাংবাদিকদের সঙ্গে মিলিত হয়েছিলেন। এদিন হুগলি জেলার চন্দননগর বলাগড় এবং চাপদানি বিধানসভা কেন্দ্রের বিধায়ক এবং জেলাতৃণমূল সভাপতি সাংবাদিকদের মুখোমুখি হন। চন্দননগর কেন্দ্রের বিধায়ক তথা রাজ্যের তথ্য ও সংস্কৃতি প্রতিমন্ত্রী ইন্দ্রনীল সেন এদিন সাংবাদিকদের জানান যে তার বিধানসভা কেন্দ্রে মমতা ব্যানার্জি অনুপ্রেরণায় মানুষের কল্যাণে কাজগুলো সুষ্ঠুভাবে রূপায়িত হয়েছে। এবং আগামী পুরসভার নির্বাচনে চন্দননগর পুরো নিগমে তৃণমূল কংগ্রেস আশাতীত ভালো ফল করবে।

অন্যদিকে চাঁপদানি বিধানসভা কেন্দ্রে জলযোগে যোগাযোগ কর্মসূচিতে অংশ নিয়েছিলেন জেলা তৃণমূল কংগ্রেসের সভাপতি দিলীপ যাদব বৈদ্যবাটি পৌরসভা পুরপ্রধান অরিন্দম গুই এবং পুরসভার চেয়ারম্যান ইন কাউন্সিল সুবীর ঘোষ। সাংবাদিকদের মুখোমুখি হয়ে দিলীপ যাদব জানান ২০১১ সালে মমতা বন্দ্যোপাধ্যায়ের সরকার রাজ্যে গঠিত হবার পর থেকে বাংলার উন্নয়নের জোয়ার এসেছে। বিভিন্ন ক্ষেত্রে রাজ্যের মানুষ উন্নয়নের সুফল পাচ্ছেন। একটা মানুষ জন্মানোর থেকে মৃত্যু পর্যন্ত এই যে তার বেড়ে ওঠা ওঠার ক্ষেত্রে নূ্যনতম যা প্রয়োজন সেগুলির ব্যবস্থা করেছে মমতা সরকার। শিক্ষা ক্ষেত্রে যেমন উন্নয়ন হয়েছে তেমনি রূপশ্রী, কন্যাশ্রী, যুবশ্রীর মতো নুতন নুতন কর্মসূচি সফল ভাবে রূপায়িত হয়েছে। এ ছাড়া ওইদিন বলাগর এর বিধায়ক অসীম মাঝি জল যোগাযোগ কর্মসূচিতে অংশ নেন।

# ইতিহাসের ভিত্তি সত্য ও তথ্য

**সূর্যাংশু ভট্টাচার্য**

ভারতের স্বাধীনতা আন্দোলনের ইতিহাস দীর্ঘ। এই ইতিহাস দীর্ঘ কিন্তু অনতিদূর অতীতের বলে বাস্তব। ইতিহাস চর্চায় ফ্যাক্টর গুরুত্ব প্রধান। ফ্যাক্টের গুরুত্ব থাকলে সত্যকে তুলে ধরা সম্ভব। সত্য না থাকলে ফ্যাক্ট থাকতে পারে না। এই দীর্ঘ সময় ধরে চলা ইতিহাস চর্চা হাঠাৎ একটা ধাক্কা খাচ্ছে। বলা হচ্ছে যে, ভারতের ইতিহাস ঠিকমতো চর্চিত হয়নি। ভারতের প্রচলিত ইতিহাস নাকি বামঘেঁষা। হিন্দু দৃষ্টিভঙ্গি চাই। এই বামঘেঁষা ভারতের ইতিহাসকে নাকি সংশোধন করতে হবে। সংশোধন করে 'প্রকৃত' ভারতের ইতিহাস তৈরি করতে হবে। মুশকিল হচ্ছে প্রচলিত ভারতের ইতিহাস যদি বাম ঘেঁষা বা বামপন্থী হয়ে থাকে তবে তাকে তথ্যভক্তিক সংশোধনে কারও কোনও আপত্তি থাকতে পারে না। আপত্তি হয় তখনই যখন সংশোধনপন্থীর অর্থাৎ ডাইপন্থীরা প্রচলিত ইতিহাসের গলা টিপে ধরতে চায়। এই কণ্ঠ রোধের ব্যাপারটাই অনৈতিকহাসিক। অনৈতিকহাসিক তথ্যভিত্তিক নয়। তথ্যের ব্যাখ্যাও সেখানে সত্যকে বিকৃত করে। ফলে দেখা দেয় বিভ্রান্তি।

এই বিভ্রান্তি চলছে এখন ভারতের ইতিহাসকে নিয়ে। রমেশ চন্দ্র মজুমদার, যদুনাথ সরকার, নীহাররঞ্জন রায়, সব্যসাচী ভট্টাচার্যরা যে ভারতের ইতিহাসের নানা দিক নিয়ে চর্চা করেছেন, তা পৃথিবীর তাবড় তাবড় ইতিহাস পণ্ডিতদের সমর্থন পেয়েছে। যদি তাঁদের ইতিহাস চর্চার কোনও খাদ বা মিথ্যাচার থাকত বা কোনও ঘটনার বিকৃতি থাকত, তবে তারা পৃথিবীর সেরা ইতিহাসবেত্তাদের স্বীকৃতি পেতেন না।

ভারত স্বাধীন হওয়ার পরে, স্বাভাবিকভাবেই, ইতিহাস চর্চায় জোয়ার এসেছে। প্রাচীন ভারতের ইতিহাস, ভারতের বিভিন্ন যুগের ইতিহাস চর্চার সঙ্গে সঙ্গে স্বাধীনতা আন্দোলনের ইতিহাস নিয়েও নানা দিক থেকে প্রবন্ধ নিবন্ধ সন্তর্ভ বিভিন্ন পত্রপত্রিকায় প্রকাশিত হয়েছে। সেমিনার ডিসকোর্স, স্মারক বক্তৃতার আয়োজন হয়েছে। সেই সব ক্রিয়াকাণ্ডে দেশবিদেশ থেকে নানা বিষয়ের গবেষকরা যোগ দিয়েছেন, বক্তব্য রেখেছেন। এইভাবে ভারতের ইতিহাস কেবল ভারতীয় ইতিহাসবিদরাই চর্চা করেছেন, একথা মোটেই যথার্থ নয়। ভারতীয় ইতিহাসিবদরা যেমন পৃথিবীর বিভিন্ন দেশে ইতিহাস নিয়ে চর্চা, গবেষণা করেন, তেমনই পৃথিবীর বিভিন্ন দেশের ইতিহাবেত্তারাও ভারতের বিভিন্ন যুগের ইতিহাস নিয়ে চর্চা করেছেন, গবেষণা করেছেন। এইসব গবেষণা থেমে নেই, সর্বত্র এবং সর্বদা ইতিহাস নিয়ে মূল সত্য যাচাই চলছে। ইতিহাস কখনও রাজনৈতিক দূরভিসন্ধিকে প্রশ্রয় দেয় না। রাজনৈতিক দূরভিসন্ধি যদি ইতিহাসের উপর চেপে বসে, তবে, তা আর ইতিহাস থাকে না। তা হয়ে দাঁড়ায় প্লেমফ্লেট, প্রচার পত্র। হিটলারের আমলেমুসোলিনীর আমলে ইতিহাস হয়ে দাঁড়িয়েছিল প্রচার



পুস্তিকায়। কিন্তু সে প্রচেষ্টা বেশিদিন টেকেনি। একদিন সত্য বেরিয়ে এসেছিল। সেই সত্যই ইতিহাসের মূলধন। সেই সত্য কথা, সত্য কাহিনি আজ সবাই জানে। মানে হিটলারের জামানায় কীভাবে জার্মানির ইতিহাস সত্যভ্রষ্ট হয়েছিল। জানে মুসোলিনির শাসনকালে তার দেশের ইতিবৃত্তের কথা। জানে সত্য পুনরদ্ধারের রোজনামচা, বিস্তৃত তথ্যসমবায়।

ভারত বিশ্বের ইতিহাসেরই অঙ্গ। আন্তর্জাতিক স্তরে একথা স্বীকৃত যে রোমিলা থাপার প্রাচীন ভারতের ইতিহাস নিয়ে চর্চা করেছেন, গবেষণা করেছেন। তাঁর প্রাচীন বারতের ইতিহাস নিয়ে চর্চা ও গবেষণার ফলে রচিত হয়েছে বিখ্যাত সব গ্রন্থ। সেই ইতিহাস গ্রন্থগুলি আন্তর্জাতিক স্বীকৃতি পেয়েছে। কেবল বামপন্থী বলে দাগিয়ে দিয়ে রোমিলা থাপারকে নস্যাৎ করা যাবে না। তিনি জওহরলাল নেহরু বিশ্ববিদ্যালয়ের সঙ্গে দীর্ঘদিন যুক্ত। অবসর নেওয়ার পরে রোমিলা থাপারকে জেএনইউ ছেড়ে দেয়নি। এমেরিটাস অধ্যাপিকা হিসেবে জেএনইউ রোমিলা থাপারকে যুক্ত রেখেছে। ইদানীং বামপন্থী ইতিহাসবিদ বলেন, দিল্লির শাসকদের ইচ্ছায় রোমিলা থাপারের 'এমেরিটাস অধ্যাপিক' পদটি খোয়া গিয়েছে। এত অসহিষ্ণুতায় রোমিলা থাপারের কোনও অসম্মান নেয়নি। এই ঘটনায় আন্তর্জাতিক বহু ইতিহসাবিদ নিন্দা করেছেন। দিল্লির শাসককুল ভারতের প্রাচীন ইতিহাস বদলে ফেলতে চায় তার প্রথম পদক্ষেপ হচ্ছে রোমিলা থাপারের জেএনইউ থেকে বিদায়। কিন্ত তাতে রোমিলা থাপারের ব্যাক্তিগত কোনও অসম্মান হয়নি। বরং অসম্মান হয়েছে ভারতের সাসকবর্গের। সমস্ত পৃথিবী দেখল, জানল একটা দেশের রাজনীতি কতটা অসহিষ্ণু হতে পারে। তাতে কিন্তু প্রাচীন ভারতের ইতিহাসে,আন্তর্জাতিক মহলে, বিন্দুমাত্র বদল হবে না।

ভারতের মধ্যযুগের ইতিহাস রচয়িতাদের মধ্যে উজ্জ্বল নক্ষত্র হচ্ছেন ইরফান হাবিব। মধ্যযুগের বহু তথ্য তিনি অনুসন্ধান করে লিপিবদ্ধ করেছেন। সেই মধ্যযুগের নানান তথ্য নিয়ে দেশবিদেশের নানা গবেষক নানা সন্দর্ভ পত্র রচনা করেছেন। ইরফান হাবির অত্যন্ত নিরপেক্ষ দৃষ্টিভঙ্গি থেকে সত্যকে উদ্ধার করে মধ্যযুগের ইতিহাস রচনা করেছেন। পশ্চিমের ঐতিহাসিকরা তথ্যের বিচার করে সত্যের অনুসন্ধান করে ইরফান হাবিবের পাণ্ডিত্যের স্বীকৃতি দিয়েছেন। এখন ডানপন্থী শাসককুল যদি সত্যের উপর রাজনীতির প্রলেপ দিয়ে নতুন করে ভারতের মধ্যযুগের ইতিহাস রচনা করতে চান, তবে তা করতে পারেন। তবে সে প্রচেষ্টা টিকবে না, তার কারণ ইতিহাসের ভিত্তি হচ্ছে তথ্য এবং সত্য। সত্য এবং তথ্যের জোর না থাকলে কেবল হিন্দুত্বের জোরে ইতিহাস তৈরি হতে পারে না। এই যে চেষ্টাগুলো হচ্ছে ইতিহাস পুনর্লিখনের তা কখনও ভারতের ইতিহাস পণ্ডিতদের সমর্তন পাবে না। তবে কিছুদিন কিছু মানুষকে বিভ্রান্ত করা যাবে। এই বিভ্রান্ত মানুষরাও একদিন সত্যের অনুসন্ধান করে সত্যের উদঘাটন করবে। পৃথিবীর ইতিহাসে ধর্মান্ধতা বেশিদিন টেকে না।

ভারতের স্বাধীনতা আন্দোলন নিয়েও বিভ্রান্তি ছড়াবার চেষ্টা ইদানীং দেখা যাচ্ছে। ভারতে বশে কয়েকবার হিন্দু মুসলমানে দাঙ্গা হয়েছে। কিন্তু ভারতের দীর্ঘ ইতিহাসে দীর্ঘ সময় হিন্দু মুসলমানে কোনও বিরোধ ছিল না। এই দু'টি আলাদা অধ্যায়। কিন্তু ঐতিহাসিকের কর্তব্য হবে হিন্দু মুসলমানের ভবিষ্যৎকে তৈরি করবে। তবে কোনও ঐতিহাসিক যদি ইতিহাস রচনার আগেই একটা অনড় দৃষ্টিভঙ্গি থেকে ইতিহাস রচনায় প্রবৃত্তি হন তবে তা হবে অর্থনৈতিকহাসিক এক বিষয়। এটা যেমন যথার্থ নয়, যদি কোনও ঐতিহাসিক পণ করেন তিনি 'সেকুলার ইতিহাস' লিখবেন, তবে তা সঠিক ইতিহাস রচনার পথ নয়। আবার কোনও ইতিহাস রচয়িতা যদি ঠিক করেন, যে, তিনি 'হিন্দুত্বের ইতিহাস' লিখবেন, তাও ঠিক নয়। ইতিহাস রচনার সঠিক পন্থা হচ্ছে খোলামনে এগিয়ে গিয়ে, সত্যকে আবিষ্কার করা। ইতিহাস রচনায় কোনও 'বায়াস' সচল নয়, একেবারেই অচল। কারণ শত শত বছরের মানুষের কাজকর্মকে উজ্জ্বল বা সমীলিপ্ত করা কোনও ঐতিহাসিকের ধর্ম নয়। যদি কোনও ঐতিহাসিক তেমন কাজ করেন তবে তাকে ইতিহাসবেত্তা বলা যাবে না, কেননা তিনি তো কোনও রাজনৈতিক দলের বা কোনও এনজিও'র পক্ষে ইস্তেহার বা 'সিউডো দলিল' কখনওই ইতিহাসের মর্যাদা পাবে না। সাময়িকভাবে সেই সব ইস্তেহার বা 'সিউডো-দলিল' কলেজ বা স্কুলে পাঠ্য করা যায়। কিন্ত আন্তর্জাতিক ইতিহাসজ্ঞরা সেই সব ইস্তেহার বা 'সিউডো দলিল'কে গ্রাহ্য বা মান্য করবেন না, ফেলে দেবেন ওয়েস্ট পেপার বাস্কেটে। আজকে যারা রেকমের প্রচেষ্টা চালিয়ে যাচ্ছেন তাদের ভবিষ্যতে অন্ধকারে নিমজ্জিত। ইতিহাসে চূড়ান্ত সত্য বলে কোনও কিছু নেই। ইতিহাসবিদের কাজ হচ্ছে সত্যের অনুসন্ধান, সত্যের যাচাই। এই কাজটা শ্রমসাধ্য। যাঁরা ইতিহাস নিয়ে গবেষণা করেন, তারা বছরের পর বছর নানা তথ্যের খোঁজ করেন। তারপর সেই তথ্য নিয়ে বিতর্ক করেন। এই বিতর্কের মাধ্যমেই আন্তর্জাতিক স্তরে তথ্যের যাচাই হয়ে যায়। সেটা না করে মহাকাব্য বা প্রাচীন কোনও পুঁথির উপর নির্ভর করে কেবল ভাবাবেগের উপর নির্ভর করে ইতিহাস রচনা যদি করতে চাই তবে তা যথার্থ হবে না। কারণ ইতিহাসের মূল ভিত্তি হচ্ছে, তথ্য ভাবাবেগ নয়। কোনও বিষয়ে স্থির সিদ্ধান্ত নিয়ে কাজে নামলে, তাতে ইতিহাসতৈরি হয় না। পূর্ব সিদ্ধান্ত নয়, খোলামেলা দৃষ্টিভঙ্গি নিয়ে তবেই ইতিহাস রচনায় নামতে হবে। এই বিষয়ে বামপন্থা বা ডানপন্থা বলে কিছু নেই। যিনি প্রকৃত ইতিহাসবিদ তিনি বামপন্থীকেও বলবেন, আগে সত্যকে খোঁজ। ডানমন্থীকেও বলবেন, আগে সত্যকে খোঁদ। এটাই হচ্ছে ইতিহাস রচনার গণতান্ত্রিক পদ্ধতি। গণতন্ত্রে বামপন্থী মতবাদ গ্রাহ্য তেমনই গ্রাহ্য ডানপন্থী মতবাদ। তবে কোনও 'পন্থাই পূর্ব সিদ্ধান্ত বা ভাবাবেগকে ইতিহাসের উপর চাপাবেন না। সেই প্রচেষ্টা হলেই বিপদ। আজকে হিন্দুত্ববাদী কোনও কোনও তথাকথিত ইতিহাসবিদ ভাবাবেগে তাড়িত হয়ে পূর্ব সিদ্ধান্ত করে বসে আছেন, মনে হয়। আপত্তি সেই খানেই।

ইরফান হাবিব বা রোমিলা থাপারের ইতিহাস দর্শনকে অগ্রাহ্য করতে কিছু ঐতিহাসিক অসহিষ্ণু হয়ে নানা রকমের উক্তি এবং কাজকর্ম করেছেন। তত্যের সত্যতা যাচাই না করে, বিতর্ক না করে, তারা ইতিহাস পাল্টে ফেলতে চাইছেন। 'এই যে পাল্টে ফেলতে চাইছেন'---এটা হচ্ছে পূর্ব সিদ্ধান্ত। পূর্ব সিদ্ধান্ত ইতিহাসের ধোপে টেকে না। কিন্তু তথ্যের সত্যতা নিয়ে শতবার প্রশ্ন করা যায় এবং বিতর্ক করা যায়। কিন্তু আজকের যারা হিন্দুত্ববাদী, তা করতে পারেন, কিন্তু করছেন না। তাই বিনা কারণে দেশপ্রেমের উত্তেজনা বর্ষণ হচ্ছে, কিন্তু 'একাডেমিক' কোনও কাজ হচ্ছে না। এতে কিন্তু হিন্দুত্বের প্রতি আস্থা প্রদর্শিত হচ্ছে না কেবলমাত্র হিন্দুত্বের নামে এক ধরনের গোঁড়ামির আবাহন করা হচ্ছে মাত্র। 'পপুলার হিস্ট্রি' নামে একটা কথা চালু হয়েছে। ইতিহাসকে জনসাধারণের মধ্যে ছড়িয়ে দেয়াই 'পপুলার হিস্ট্রি'র কাজ । নানা মাধ্যমে তা করা যেতে পারে। কিন্তু সেটা করার আগে সটিক তথ্য যাচাই করে তা করতে হবে ইদানীং নেতাজি সুভাষচন্দ্র বসুকে উপজীব্য 'গুমনামী বাবা' নামে একটি সিনেমা হয়েছিল। বিনোদনের নামে তথ্য বিভ্রান্তি এই ধরনের সিনেমার পুঁজি। তথ্য ও সত্যের সঙ্গে যোগ না থাকলে এই ধরনের 'পপুলার ইতিহাস' জনসাধারণের মধ্যে প্রচার অনুচিৎ। 'পপুলার হিস্ট্রি'অ-তথ্যকে বিনোদনের হাতিয়ার করলে তা আর ইতিহাস থাকে না। 'পপুলার হিস্ট্রি' কেবলমাত্র গুজবভিত্তিক বিনোদন হতে পারে না।

(সৌজন্যে-দৈ :স্টেটসম্যান)

# করোনা ঠেকাতে চিনের ব্যর্থতা মানুষ ভুলবে না

**সুমন ভট্টাচার্য**

প্রশান্ত মহাসাগরের বুকে ফিজি এমনিতে পরিচিত 'হানিমুন ডেস্টিনেশন' বলে। নীল আকাশ আর ততোধিক নীল সমুদ্র পর্যটকদের লহমায় টানে। সেই ছোট্ট দেশে, বা দ্বীপপুঞ্জে, চক্কর মারতে গেলে, প্রথমেই নজর পড়ত যেটা—চিনাদের উপস্থিতি। সাউথ প্যাসিফিক ইউনিভার্সিটিতে পড়াতে যাওয়া আমার বন্ধ হাসতে হাসতে বলেছিল, 'এত চিনা শ্রমিকের ভিড় এখানে, মাজে মাঝে মনে হয়, হংকং কিংবা ম্যাকাওতে আছি।' সেটা আগের দশকের গোড়ার দিকের কথা। তখনও বেজিং তার বিখ্যাত 'ওয়ান বেল্ট, ওয়ান রোড' পকিল্পনার কথা ঘোষণা করেনি। শি জিনপিং-ও তখনও প্রাচীন চিনা লোকগাথা অনুসরণ করে সমুদ্র এবং ভূমিকে একমালায় গেঁথে হাজার বছরের পুরনো চিনা 'সুপিরিয়ারিটি'-কে ফিরিয়ে আনার চেষ্টায় ব্রতী হননি।কিন্তু তা-ত্ত প্রশান্ত মহাসাগরের সুদূরতম প্রান্তে এহেন প্রবলতর চিনা উপস্থিতি অবাক করেছিল।

গত দশকেরই মাঝামাঝি মধ্য এশিয়ার কিরঘিজস্তানে একটি কনফারেন্সে যাওয়া। কিরঘিজ সরকারের প্রতিনিধিদের সঙ্গে আলোচনার সময় জানতে পারলাম,সে দেশে সবচেয়ে বড় তেল শোধনাগারে লগ্নি করেছে চিন, এবং ইতিমধ্যেই এত বেশি উৎপাদন হচ্ছে, যা তাদের চাহিদার চেয়ে অনেক বেশি। মধ্য এশিয়ার এসব দেশ, কিরঘিজস্তান বা কাজাখস্তানের সঙ্গে অবশ্য চিনের ভৌগোলিক নৈকট্য



রয়েছে। তাই যে দেশগুলি একসময় সাবেক সোভিয়েত ইউনিয়নের অংশ ছিল, সেগুলিই যখন নয়ের দশকে স্বাধীন রাষ্ট্র রূপে আত্মপ্রকাশ করল,তখন বিভিন্ন ধরনের খনিজ সম্পদ 'ধনী' এই দেশগুলির উপর প্রভাব বজায় রাখার জন্য মস্কো এবং ওয়াশিংটন সমান তালে ঝাঁপিয়েছিল। কিন্তু পরিকাঠামোর উন্নয়নে বিনিয়োগ হোক কিংবা নতুন কোনও শিল্প স্থাপনের ঋণ, এসব বিষয়েই মধ্য এশিয়ার দেশগুলি প্রথম যাদের কাছ থেকে সাড়া পেত, সেটা গণপ্রজাতন্ত্রী চিন।

নিউ ইয়র্কের টাইমস স্কোয়ারে যাই কেনাকাটা করি, তাতে যে 'মেড এই চায়না' লেখা থাকবে, এটা ৯/১১-র আগের পৃথিবীতেই জেনে গিয়েছিলাম। কিন্তু সেটা দু' দশক আগের সত্যি। আজকের পৃথিবীতে, এই কয়েক মাস আগেও, যখন সিডনি হারবারে দাঁড়িয়ে শহরের দিকে চোখ ফিরিয়ে দেখেছি, সবচেয়ে উঁচু বাড়িটার গায়ে 'ব্যাঙ্ক অফ চায়না'-র লোগো লাগানো আছে, তখন বুঝে গিয়েছিল 'চিনের চেয়ারম্যান আমাদের চেয়ারম্যান' এই স্লোগান কীভাবে নতুন প্যাকেজিংয়ে ফেরত চলে এসেছে। তখন অবাক লাগেনি এটা শুনে যে, অস্ট্রেলিয়ার কোন ও রাজনীতিকের বিরুদ্ধে চিনা কোনও সংস্থার থেকে ঘুষ নেওয়ার অভিযোগে গোডটা মহাদেশ উত্তাল অস্ট্রেলিয়ায় বসে এসব যখন শুনছি, তখন ওয়াশিংটন এবং নয়াদিল্লি, উবযই চিন্তিত চিনের এই 'আগ্রাসী' মনোভাব নিয়ে। আর মাথায় রাখতে হবে,গত দশকে দু'-দু'বার বেজিং যখন নিজেদের মুলুকে 'ওয়ান বেল্ট, ওয়ান রোড' নিয়ে শীর্ষ বৈঠকের আয়োজন করেছে, তখন নিজেদের আপত্তির কথা পরিষ্কার জানিয়ে দিয়ে ভারত তার থেকে দূরে থেকেছে। নয়াদিল্লির এই সিদ্ধান্তের নেপথ্যে কতটা আমেরিকার ইন্ধন ছিল,তা নিয়ে সবসময়ই চিনের 'থিঙ্ক ট্যাঙ্ক' সন্দিহান ছিল। তারা মনে করত, ভারতকে ব্যবহার করে আসলে আমেরিকাই চিনের সঙ্গে 'ছায়াযুদ্ধ' করছে। প্রায় একযুগ আগে, ক্রেমলিন থেকে অল্প দূরে, মস্কোয় এক নৈশ আড্ডায়, সাংহাই বিশ্ববিদ্যালয়ের এক অধ্যাপক আমাকে বোঝানোর চেষ্টা করেছিলেন, ভারত আর চিন পুরনো 'বন্ধু' আর মার্কিনি বুদ্ধি না নিয়ে নয়াদিল্লি আর বেজিংয়ের কাছাকাছি আসা উচিত।

কিন্তু এসব প্রাক্ 'করোনা ভাইরাস' যুগের কথা। 'দ্য নিউ ইয়র্ক টাইমস' শুক্রবার সকালেও চিনের অর্থনীতি নিয়ে যতটা গভীর উদ্বেগ প্রকাশ করেছে, মার্কিন স্বরাষ্ট্র দফতর হয়তো ততটাই হাঁফ ছেড়ে বেঁচেছে যে, 'বেজিংয়ের আগ্রাসন' কিছুটা হয়তো কমবে। বিশ্বের সমস্ত অর্থনৈতিকবিদই মনে করছেন, করোনা সংক্রামণকে ঠেকাতে যেভাবে চিন তার অর্থনীতিতে গত দু'মাস ধরে লাগাম পরিয়ে রেকেছিল চাইলে পরেই সেটাকে আবার পুরনো জায়গায় ফেরত নিয়ে আসা সম্ভব নয়। 'আমরা স্বাভাবিক আছি', বিশ্বকে এই বার্তা দিতে এই সপ্তাহেই চিনের প্রেসিডেন্ট যখন করোনা ভাইরাসের মূল কেন্দ্র ইউহানে গিয়েছিলেন, তখন তিনি কিন্তু একইরকম আশঙ্কার কথা মনে করিয়ে দিয়েছিলেন। অর্থাৎ, এতদিন যেটা ছিল বিশ্বের দ্বিতীয় বৃহত্তম অর্থনীতি, করোনা ভাইরাসের সংক্রমণ ঠেকাতে সেটাতে 'লাগাম' পরোনো হয়েছিল, কিন্তু এখন আবার শেই 'লাগাম' খুলে ঘোড়াকে ফের তেজিয়ান করতে গেলে আবার সংক্রমণের আশঙ্কা রয়েছে, এমনটা স্বয়ং জিনপিং-ই মনে করিয়ে দিয়েছিলেন।

এ তো গেল অর্থনীতির কথা। রাজনতিক ক্ষেত্রে বেজিং আগামী পৃথিবীতে কতটা আগ্রাসী বূমিকায় থাকবে? প্রশান্ত মহাসাগরেরসেই ফিজি থেকে পৃথিবীর অন্যপ্রান্তে আফ্রিকা মহাদেশের নাইজেরিয়া, যেখানে যেখানে এতদিন বেজিংয়ের অঙ্গুলিহেলনেই সরকারের ভাঙা-গড়া নির্ধারিত হত, সেখানে কী হবে? ওয়াশিংটন থেকে নয়াদিল্লি, আপাতত এই আলোচনায় এবং ভবিষ্যতের জল্পনায় ব্যস্ত। যদি মনে হয় এই আলোচনার কোনও যৌক্তিকতা নেই, তাহলে আজকের পৃথিবীর বাস্তবাত থেকে আমরা অনেক দূরে আছি। জেনে রাখা ভাল, আমাদের অনেক প্রতিবেশী দেশেও রাজনৈতিক দলগুলি অফিস নেয় চিনা দূতাবাস কত দূরে সেটা হিসাব করে। অনেক ক্ষেত্রেই সেই রাজনৈতিক দলগুলি কোনও গুরুত্বপূর্ণ সাংবাদিক সম্মেলনের আগে একবার চিনা দূতাবাসের রাজনৈতিক সচিবের সঙ্গে আলোচনা সেরে নেয়। এবং নয়াদিল্লির রক্তচাপ বাড়িয়ে সেই অনুযায়ী ঠিক হয় আমাদের প্রতিবেশী দেশের বিভিন্ন রাজনৈতিক দল ভারত বিরোধিতার সুর কতটা চড়াবে অথবা নামাবে।

(সৌজন্যে-প্রতিনিধি)



রবিবার পুলিশ সদর কার্যালয়ে রাজ্য মহিলা কংগ্রেসের এক প্রতিনিধি দল ডেপুটেশন প্রদান করেন। ছবি- নিজস্ব।

# করোনা মোকাবিলায় সার্কভুক্ত দেশগুলোকে সহযোগিতা ও সমন্বিত হয়ে কাজ করতে হবে : শেখ হাসিনা

ঢাকা, ১৫ মার্চ (হি.স.) : এই মহামারি মোকাবিলায় সার্কভুক্ত দেশগুলোকে সহযোগিতা ও সমন্বিত হয়ে কাজ করতে হবে ঊ রবিবার করোনাভাইরাস (কোভিড-১৯) মোকাবিলায় সার্কভুক্ত দেশের শীর্ষ নেতাদের নিয়ে কার্যকর ভিডিও কনফারেন্সে একথা বলেন বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা ঊ এই কার্যকর ভিডিও কনফারেন্স আয়োজনের জন্য তিনি ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে ধন্যবাদও জানিয়েছেন।

বিশ্বজুড়ে মহামারীর আকার ধারন করেছে মরণ কোরোনারভাইরাস ঊ এর মধ্যে চিনের পর, এবার একের পর এক প্রভাব বিস্তার করছে দক্ষিণ এশিয়ার দেশগুলিতে । এই অবস্থায় গত শুক্রবার টুইট বার্তায় ভারতের নরেন্দ্র মোদী কোভিড-১৯ নভেল করোনাভাইরাসের বিরুদ্ধে লড়াই করতে শক্তিশালী রণকৌশল তৈরি করার আহ্বান জানিয়েছিলেন সার্ক দেশগুলির কাছে ঊ প্রধানমন্ত্রীর সেই আবেদন মত বরিবার বিকেলে কোরোনার সংক্রমণ মোকাবিলায় ভিডিয়ো কনফারেন্সে বৈঠক শুরু করেছে সার্ক অন্তর্ভুক্ত দেশগুলি । এদিনের ভিডিও কনফারেন্সে ঢাকা থেকে যুক্ত হওয়া বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা তার শেষের বক্তব্যে বলেন, এ মহামারি মোকাবিলায় সার্কভুক্ত দেশগুলোকে সহযোগিতা ও সমন্বিত হয়ে কাজ করতে হবে। সমন্বয় করতে হবে আমাদের সম্মিলিত সামর্থ্য,অভিজ্ঞতা ও সম্পদ। লজিস্টিক সাপোর্টসহ সক্ষমতা,অভিজ্ঞতা এবং কার্যক্রম সার্কভুক্ত দেশগুলোর সঙ্গে শেয়ার করতে আমরা প্রস্তুত বলে জানান শেখ হাসিনা। তিনি আরও বলেন, আমাদের ভুলে যাওয়া উচিত নয় যে,বর্তমান বিশ্বে আমরা সবাই সবার সঙ্গে সংযুক্ত।

তাই রোগ নিয়ন্ত্রণ ও জলবায়ু পরিবর্তনের মতো সমস্যাগুলো মোকাবিলায় আমাদের নিবিড়ভাবে সম্মিলিত হয়ে কাজ করতে হবে।

ভিডিও কনফারেন্সে মোদীর সঙ্গে যোগ দেন বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা, আফগানিস্তানের প্রেসিডেন্ট আশরাফ গনি, নেপালের প্রধানমন্ত্রী কেপি শর্মা ওলি, ভুটানের প্রধানমন্ত্রী শেরিং তোবগে, মালদ্বীপের প্রেসিডেন্ট ইব্রাহিম মহম্মদ সলিহ, শ্রীলঙ্কার প্রেসিডেন্ট গোটাবে রাজাপাকসে এবং পাকিস্তানের প্রধানমন্ত্রী ইমরান খানের স্বাস্থ্য উপদেষ্টা জাফর মির্জা।

# করোনা : সতর্ক কাছাড় জেলা প্রশাসন বন্ধ করা হয়েছে এনআইটি-শিলচর আসাম বি.বিদ্যালয়, আবাস ছাড়ার নির্দেশ

শিলচর (অসম), ১৫ মার্চ (হি.স.) : অসম সরকার কোভিড-১৯ (করোনা ভাইরাস) রোধে জনস্বার্থে সতর্কতামূলক পদক্ষেপ গ্রহণ করেছে। সে হিসেবে রাজ্যের সকল প্রাথমিক বিদ্যালয়, উচ্চ বিদ্যালয়, উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান, বিশ্ববিদ্যালয়সমূহ বন্ধ রাখার নির্দেশ দেওয়া হয়েছে। তাৎক্ষণিকভাবে জারিকৃত আজকের এই নির্দেশ সমগ্র রাজ্যে আগামী ২৯ মার্চ (২০২০) পর্যন্ত কার্যকর থাকবে বলে সরকারি এক জরুরি বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে।

তবে বোর্ড, কাউন্সিল, বিশ্ববিদ্যালয়গুলির দ্বারা পরিচালিত পরীক্ষার পূর্ব নির্ধারিত সময়সূচির কোনও পরিবর্তন হবে না বলে জারিকৃত বিজ্ঞপ্তিতে বলেছে সরকার।

এদিকে রাজ্যের বাসিন্দা ও নাগরিকদের মধ্যে কোভিড-১৯ ছড়িয়ে পড়ার সম্ভাবনা রোধ করার জন্য সতর্কতামূলক ব্যবস্থা হিসেবে অসম সরকার সব সিনেমা হল, মাল্টিপ্লেক্স, মিনি সিনেমা হল, সুইমিংপুল, জিমনেশিয়াম, মিনি জিমনেশিয়াম ইত্যাদি আগামী ২৯ মার্চ পর্যন্ত বন্ধ রাখতে নির্দেশ দেওয়া হয়েছে। তবে আগাম সতর্কতা অবলম্বন করে শিলচরের গান্ধীমেলা বন্ধ করে দেওয়া হয়েছে। বন্ধ রাখা হয়েছে বারুণী মেলার কার্যসূচিও।

করোনা আতঙ্কে শিলচর এনআইটিতেও ছুটি ঘোষণা করা হয়েছে। পাশাপাশি ছাত্রছাত্রীদের ছাত্রাবাস ছাড়তে নির্দেশ দিয়েছে কর্তৃপক্ষ। দূরের ছাত্রদের বাড়ি পাঠানোর জন্য টিকিটের ব্যবস্থা করতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এয়ার ইন্ডিয়াকে চিঠি লিখেছেন। উত্তরপূর্ব সীমান্ত রেলের জেনারেল ম্যানেজারকেও অনুরোধ করেছেন, বাকিদের জন্য টিকিটের ব্যবস্থা করতে।

ছাত্রছাত্রীদের বাড়ি গিয়ে প্রতিষ্ঠানের ওয়েবসাইটের প্রতি নজর রাখতে নির্দেশ দেওয়া হয়েছে। বিদেশি ছাত্রদের ব্যাপারেও ভাবছেন এনআইটি কর্তৃপক্ষ। তাঁদের সোমবার সকাল ১০টায় স্টুডেন্টস ওয়েলফেয়ার ডিনের অফিসে যোগাযোগ করতে বলা হয়েছে এনআইটি কর্তৃপক্ষের পক্ষ থেকে। একইভাবে শিলচরের আসাম বিশ্ববিদ্যালয়ও বন্ধ রাখার নির্দেশ দেওয়া হয়েছে।

# করোনা মোকাবিলায় উদ্যোগী নরেন্দ্র মোদীকে ধন্যবাদ জানালেন সার্ক দেশগুলির রাষ্ট্রপ্রধানরা

নয়াদিল্লি, ১৫ মার্চ (হি.স.) : ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে ধন্যবাদ জানলেন বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা সহ সার্ক অন্তর্ভুক্ত দেশগুলিঊ নরেন্দ্র মোদীর আহ্বানে অনুষ্ঠিত রবিবারের ভিডিও কনফারেন্সে করোনা মোকাবিলা একত্রে কাজ লড়াই করার জন্য সার্কদেশগুলিকে আহ্বান জানানোয় ভারতের প্রধানমন্ত্রীকে ধন্যবাদ জানান ভিডিও কনফারেন্সে উপস্থিত রাষ্ট্রনেতারা। বিশ্বজুড়ে মহামারীর আকার ধারন করেছে মরণ কোরোনারভাইরাস ঊ এর মধ্যে চিনের পর, এবার একের পর এক প্রভাব বিস্তার করছে দক্ষিণ এশিয়ার দেশগুলিতে ঊ এই অবস্থায় গত শুক্রবার টুইট বার্তায় ভারতের নরেন্দ্র মোদী কোভিড-১৯ নভেল করোনাভাইরাসের বিরুদ্ধে লড়াই করতে শক্তিশালী রণকৌশল তৈরি করার আহ্বান জানিয়েছিলেন সার্ক দেশগুলির কাছে ঊ প্রধানমন্ত্রীর সেই আবেদন মত বরিবার বিকেলে কোরোনার সংক্রমণ মোকাবিলায় ভিডিয়ো কনফারেন্সে বৈঠক শুরু করেছে সার্ক অন্তর্ভুক্ত দেশগুলি । সেখানেই একে একে নিজেদের বক্তব্য রাখতে গিয়ে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে ধন্যবাদ জানলেন বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা, আফগানিস্তানের প্রেসিডেন্ট আশরাফ গনি, নেপালের প্রধানমন্ত্রী কেপি শর্মা ওলি, ভুটানের প্রধানমন্ত্রী শেরিং তোবগে, মালদ্বীপের প্রেসিডেন্ট ইব্রাহিম মহম্মদ সলিহ, শ্রীলঙ্কার প্রেসিডেন্ট গোটাবে রাজাপাকসে এবং পাকিস্তানের প্রধানমন্ত্রী ইমরান খানের স্বাস্থ্য উপদেষ্টা জাফর মির্জাও।


রবিবার আগরতলায় আয়োজিত রক্তদান শিবিরটি পরিদর্শন করেন বিধায়ক সুদীপ রায় বর্মণ। ছবি- নিজস্ব।

## পাওয়া গেল কোচবিহারে হারিয়ে যাওয়া মাধ্যমিকের ইংরেজি বিষয়ের ৭৩টি উত্তরপত্র

কোচবিহার, ১৫ মার্চ (হি.স.) : কোচবিহারের তুফানগঞ্জে অবশেষে খোঁজ মিলল মাধ্যমিকের উত্তরপত্রের। তুফানগঞ্জ মহকুমার দেওচড়াই গ্রামপঞ্চায়েতের নেপালের খাতা এলাকা থেকে এই উত্তরপত্র উদ্ধার হয় বলে পুলিশ সূত্রে জানা গেছে। শুক্রবার বিকেলে দেওচড়াই হাই স্কুলের শিক্ষক উৎপল দাম তুফানগঞ্জ থেকে মাধ্যমিক পরীক্ষার ইংরেজি বিষয়ের ৭৩ টি উত্তরপত্র বাইকে ব্যগে করে নিয়ে যাচ্ছিলেন। সে সময় রাস্তায় খাতাগুলি হারিয়ে যায়। কোচবিহারের তুফানগঞ্জ থেকে হারিয়ে যাওয়া মাধ্যমিক এর ৭৩ টি ইংরেজির উত্তরপত্র রবিবার সকালে উদ্ধার করা হল। এদিন সকালেই এই উত্তরপত্র মূল্যায়নের দায়িত্বে থাকা শিক্ষক উৎপল দাম নিজেই পর্যদকে খাতা গুলি উদ্ধার হওয়ার ঘটনা জানান। এদিকে দায়িত্বে গাফিলতি থাকার জেরে শাস্তির মুখে পড়তে চলেছেন উৎপল দাম।মধ্যশিক্ষা পর্ষদ সূত্রে খবর প্রাথমিকভাবে এই শিক্ষককে শোকজ করা হবে। সোমবারের মধ্যেই উদ্ধার হওয়া উত্তরপত্র গুলি মধ্যশিক্ষা পর্ষদের মূল অফিসে নিয়ে আসা হবে বলে জানা গেছে। মূলত উত্তর পত্র গুলি আসল নাকি, কোন ভাবে উত্তর পত্র গুলো জাল করা হয়েছে নাকি, কোনভাবে বাড়তি কিছু উত্তর পত্রে লেখা হয়েছে নাকি যাবতীয় বিষয়ে তদন্ত শুরু করছে পর্ষদ।জানা গেছে এই ইংরেজির উত্তরপত্র গুলি দায়িত্বে থাকা শিক্ষককেও কলকাতায় ডেকে পাঠানো হবে। এ প্রসঙ্গে পর্ষদ সভাপতি কল্যাণময় গঙ্গোপাধ্যায় জানিয়েছেন 'গোটা ঘটনার তদন্ত হবে। শাস্তিমূলক ব্যবস্থা ও নেওয়া হবে।'উল্লেখ্য, শুক্রবার বিকেলে কোচবিহারের তুফানগঞ্জ দেওচড়াই হাই স্কুলের শিক্ষক উৎপল দাম বাইকে করে মাধ্যমিকের উত্তরপত্র জমা দিতে যাবার সময় বাইক থেকে উত্তর পত্রগুলি পড়ে যায় বলেই অভিযোগ। শুক্রবার এ বিষয়ে তুফানগঞ্জ থানায় অভিযোগ জানান ওই শিক্ষক

## নভেল করোনা ভাইরাসের মোকাবিলায় হুগলিতে চারটি আইসোলেশন বেড

হুগলি, ১৫ মার্চ (হি.স.): উত্তরপাড়া পুরসভা পরিচালিত মহামায়া স্বাস্থ্যকেন্দ্রে নভেল করোনাভাইরাসের মোকাবিলায় চারটি আইসোলেশন বেডের উদ্বোধন করলেন পুরচেয়ারম্যান।

করোনা মোকাবিলায় রাজ্যের মুখ্যমন্ত্রীর নির্দেশে সতর্কতামূলক ব্যবস্থাগ্রহণ হুগলির উত্তরপাড়া কোতরং পুরসভা পরিচালিত মহামায়া শিশু ও মাতৃ মঙ্গল কেন্দ্রে, চালু করা হল ৪টি শয্যা বিশিষ্ট বিশেষ আইসোলেশন ওয়ার্ড ও এম্বুল্যান্স পরিষেবার।

ছয়ের পাতায়

## শিলচরকে কৃত্রিম বন্যার কবল থেকে রক্ষা করতে গঠিত বিশেষ টাস্ক ফোর্স

শিলচর (অসম), ১৫ মার্চ (হি.স.) : কাছাড় জেলার শিলচর শহরকে কৃত্রিম বন্যার কবল থেকে রেহাই দিতে গঠিত হল বিশেষ টাস্ক ফোর্স। বিশেষ করে বর্ষার মরশুমে নালা নর্দমায় জলের স্তর বৃদ্ধির ফলে যে কৃত্রিম বন্যার পরিস্থিতি তৈরি হয় তার মোকাবিলার উদ্দেশ্যে বিশেষ টাস্ক ফোর্সের মাধ্যমে কাজ শুরু হয়েছে শিলচর পুরসভা এলাকায়।

আসন্ন বর্ষার সময় যাতে শহরবাসী নিকাশি ব্যবস্থার জেরে বিপর্যস্ত হয়ে না পড়েন এই উদ্দেশ্যে কাছাড়ের জেলাশাসক বর্ণালী শর্মা কোমর বেঁধে মাঠে নেমেছেন। শিলচরের পুর এলাকার প্রতিটি অঞ্চলের নিকাশি ব্যবস্থা ও নালা নর্দমাগুলি পরিষ্কার করার জন্য বিশেষ টাস্ক ফোর্স যুদ্ধকালীন ভিত্তিতে কাজ করবে।

এই কাজের দায়িত্ব অর্পণ করা হয়েছে কার্যনির্বাহী ম্যাজিস্ট্রেট তথা উধারবন্দের সার্কল অফিসার অদিতি নুনিসাকে। তিনি ১ নম্বর ওয়ার্ড থেকে ৭ নম্বর ওয়ার্ড এবং তার পার্শবর্তী অঞ্চলগুলি তদারকি করবেন এগজিকিউটিভ ম্যাজিস্ট্রেট কে সাংসন, সহকারী কমিশনার ৮ থেকে ১৬ নম্বর ওয়ার্ড এবং তার পার্শবর্তী অঞ্চলের কাজ দেখাশোনা করবেন কার্যনির্বাহী ম্যাজিস্ট্রেট তথা সহকারী কমিশনার নবনিতা হাজরিকা, ১৫ থেকে ২১ নম্বর ওয়ার্ড ও তার পার্শবর্তী অঞ্চলগুলির দায়িত্বে থাকবেন কার্যনির্বাহী ম্যাজিস্ট্রেট তথা সোনাইয়ের সার্কল অফিসার বিকাশ ছেত্রী। তিনি ২২ থেকে ২৮ ও তার আশপাশ অঞ্চলগুলিতে এই কাজের তদারকি করবেন।

এক সরকারি নির্দেশে জেলার পূর্ত বিভাগের (এনএইচ), টেরিটরিয়াল রোড ডিভিশন, জলসম্পদ বিভাগ, শিলচর পুরসভা-সহ পুলিশ, আধাসামরিক বাহিনীকে এই টাস্ক ফোর্সে অন্তর্ভুক্ত করা হয়েছে। গত ১২ মার্চ শহরের নালা নর্দমা পরিষ্কার করার কাজ শুরু করা হয়েছে এবং ইতিমধ্যে শিলচরের নরসিং উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের নিকটবর্তী নালাগুলি পরিষ্কার করে ডাকঘর জংশন পয়েন্ট এবং কাছাড় জেলা পরিষদের বিপরীতে ও ড্রাগস কর্নার, ইটখোলা ইদগা পয়েন্ট পর্যন্ত নালা নর্দমাগুলি পরিষ্কার করা হয়েছে। এই সাফাই কর্মসূচি শিলচর পুরসভার প্রতিটি অঞ্চলে কাজ শেষ না হওয়া পর্যন্ত চালু থাকবে।

জেলা উন্নয়ন কমিশনার ও কার্যনির্বাহী আধিকারিক (শিলচর পুরসভা) জেসিকা লালসিম এবং অতিরিক্ত জেলাশাসক কাছাড় এবং সিইও (ডিডিএমএ) রাজীব রায়ের নেতৃত্বে এই কাজ পর্যবেক্ষণ করা হচ্ছে।


রবিবার পশ্চিম থানার পুলিশ অভিযান চালিয়ে বহু টাকার বিদেশী মদ সহ এক ব্যক্তিকে গ্রেপ্তার করে। ছবি- নিজস্ব।

## অসমে অপহরণকারীর কবল থেকে উদ্ধার পশ্চিমবঙ্গের যুবক, ধৃত তিন, ফেরার দুই

অভয়াপুরি (অসম), ১৫ মার্চ (হি.স.) : নিম্ন অসমের বঙাইগাঁও জেলার অন্তর্গত অভয়াপুরির বইটামারি এলাকার কাঁসারপাড়ে অপহরণকারীদের কবল থেকে পশ্চিমবঙ্গের জনৈক যুবককে উদ্ধার করা হয়েছে। এলাকার কতিপয় যুবকের তৎপরতায় তিনি অপহরণের হাত থেকে রক্ষা পেয়েছেন। উদ্ধারকৃত যুবককে পশ্চিমবঙ্গের জনৈক সুরজিৎ কোলে বলে পরিচয় পাওয়া গেছে। জানা গেছে, বঙাইগাঁওয়ের শহিদ বেদি এলাকা থেকে এএস ১৯ এসি ২৬৫১ নম্বরের একটি ম্যাক্সিমো গাড়িতে করে সুরজিৎ কোলেকে তুলে বইটামারির দিকে যাচ্ছিল অপহরণকারী দলটি। কিন্তু কাঁসারপাড়ে আসার পর সেখানকার কতিপয় যুবকের সন্দেহ হলে গাড়িটির গতি রোধ করে এর যাত্রীদের জিজ্ঞাসাবাদ শুরু করেন। বেগতিক দেখে দুই যাত্রী পালিয়ে গেলে তাঁদের সন্দেহ আরও গাঢ় হয়। তাঁরা আটক করেন জিয়া রহমান, সামিউল শেখ, আজাদ কালাম শেখকে। ধৃত তিন অপহরণকারীকে অভয়াপুরি থানার হাতে তুলে দেওয়া হয়েছে।

প্রসঙ্গত, পশ্চিমবঙ্গের যুবক সুরজিৎ কোলে বঙাইগাঁওয়ে সিজিএল পার্কিং সার্ভিস নামের একটি বেসরকারি কোম্পানিতে চাকরি করতে এসেছিলেন। তিনি পশ্চিমবঙ্গের কোথাকার বাসিন্দা তা এখনও জানা যায়নি।

## বদরপুরে ঠাকুর অনুকূলচন্দ্রের ১৩২ তম জন্ম মহামহোৎসব ও ৫০ তম প্রতিকৃতি প্রতিষ্ঠা বার্ষিকী উৎসব সম্পন্ন

বদরপুর (অসম), ১৫ মার্চ (হি.স.) : শ্রীশ্রী ঠাকুর অনুকূল চন্দ্রের শুভ ১৩২ তম জন্ম মহা মহোৎসব ও ৫০ তম প্রতিকৃতি প্রতিষ্ঠা বার্ষিকী (সুবর্ণ জয়ন্তী) উৎসব অনুষ্ঠিত হলো বদরপুর সৎসঙ্গ বিহারে। শনি ও রবিবার ব্যাপক জনস্রোতে আনন্দোল্লাসে মেতে উঠেছিল বদরপুর। এতে অংশ নেন গোটা বরাক উপত্যকার প্রত্যন্ত অঞ্চলের সৎসঙ্গী ভক্তবৃন্দরা।

দুদিন ব্যাপী বিভিন্ন মাঙ্গলিক অনুষ্ঠানের মাধ্যমে সাড়ম্বরে বদরপুর সৎসঙ্গ বিহারে উদযাপিত হয় ঠাকুরের উৎসব।

শনিবার বিকেল তিনটায় মাতৃ সম্মেলনের মাধ্যমে উৎসবের সূচনা হয়। এদিন হাসপাতালে রোগীদের মধ্যে ফলমূল বিতরণ সহ সন্ধ্যাকালীন সমেবত বিনতি প্রার্থনা, প্রণাম, নামজপ ছাড়াও স্থানীয় শিল্পীদের সঙ্গীত, নৃত্য পরিবেশনের আয়োজন করা হয়। রবিবার বেদ মঙ্গালিকী, ভোরবেলা উষা কীর্তন সহ নগর পরিক্রমা হয়। আজকের অনুষ্ঠান সূচিতে ছিল প্রার্থনা, নামজপ ও অমিয় গ্রন্থাদি পাঠ। এর পর শ্রীশ্রী ঠাকুর, শ্রীশ্রী বড়মা, শ্রীশ্রী বড়দার সুসজ্জিত প্রতিকৃতি নিয়ে এক বর্ণাঢ্য শোভাযাত্রা বের হয়। যা রেল শহর হয়ে বদরপুর জাতীয় সড়ক পরিক্রমা করে ফের জুমবস্তিতে অবস্থিত সৎসঙ্গ বিহারে গিয়ে পথ পরিক্রমার সমাপ্তি ঘটে।

এর পর ভাণ্ডারায় মহাপ্রসাদ বিতরণ করা হয়। আজ বিকেলের দিকে শ্রীশ্রী ঠাকুর অনুকূল চন্দ্রের দিব্য জীবন ও বাণী শীর্ষক বিষয়ের ওপর ধর্মসভা অনুষ্ঠিত হয়েছে। ধর্মসভায় একাধিক ভক্তবক্তা বক্তব্য পেশ করেছেন। আজ সন্ধ্যায় সমবেত প্রার্থনা, আলোকসজ্জা সহ সাংস্কৃতিক অনুষ্ঠানের মাধ্যমে উৎসবের সমাপ্তি ঘটে। গতকাল ও আজ গোটা বদরপুর ছিল উৎসবমুখর।

## করোনা-মুক্ত ডিব্রুগড়গামী চেন্নাই এক্সপ্রেসের সন্দেহজনক চার যাত্রী

যোরহাট (অসম), ১৫ মার্চ (হি.স.) : ডিব্রুগড়গামী চেন্নাই এক্সপ্রেসে কোনও করোনা ভাইরাসে আক্রান্ত রোগীকে শনাক্ত করা যায়নি। অযথা সংশ্লিষ্ট ট্রেনকে যোরহাট স্টেশনের বাইরে রেখে যাত্রী হয়রানি করা হয়েছে, উঠেছে ব্যাপক অভিযোগ।

রবিবার রেল দফতরের নিয়ন্ত্রণ কক্ষে এক খবর আসে, চেন্নাই থেকে ডিব্রুগড়গামী এক্সপ্রেসে করোনা ভাইরাসে আক্রান্ত চারজন রোগী সফর করছেন। এই খবরের ওপর ভিত্তি করে ট্রেনটিকে যোরহাট স্টেশনের বাইরে দাঁড় করানো হয়। অনেক খোঁজাখুঁজির পর সন্দহজনক চার যাত্রীকে শনাক্ত করে তাঁদের নিয়ে যাওয়া হয় যোরহাট মেডিক্যাল কলেজ হাসপাতালে। সেখানে প্রয়োজনীয় পরীক্ষা নিরীক্ষা করে কারোর শরীরে কোভিড-১৯ (করোনা) সংক্রমণের কোনও হদিশ পাওয়া যায়নি। এর পর অবশ্য যাত্রীদের তাঁদের গন্তব্যস্থানে পাঠানোর ব্যবস্থা করে দিয়েছে রেল কর্তৃপক্ষ। এর আগে চেন্নাই এক্সপ্রেসকে অবশ্য ছেড়ে দেওয়া হয়েছে। এ ঘটনায় ট্রেনের যাত্রীদের হয়রানি করা হয়েছে বলে অভিযোগ উঠেছে।

## পুলিশের ততরতায় ভেস্তে গেল এটিএম লুঠের চেষ্টা

বসিরহাট, ১৫ মার্চ (হি.স.) : পুলিশের ততরতায় ভেস্তে গেল এটিএম লুঠের চেষ্টা। রবিবার ভোর রাতে এটিএম লুঠের চেষ্টা হয় উত্তর ২৪ পরগণা জেলার বসিরহাট মহকুমার বসিরহাট থানার বদরতলা এলাকায়। কিন্তু পুলিশ দেখেই চম্পট দেয় দুষ্কৃতীরা। ঘটনায় তদন্ত শুরু করেছে পুলিশ।রবিবার ভোররাত ঊ কয়েকজন দুষ্কৃতী বসিরহাট মহকুমার বসিরহাট থানার বদরতলা এলাকার ইটিন্ডা রোডের একটি স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার এটিএম কাউন্টারের তালা কেটে এটিএম লুঠের চেষ্টা করছে । আচমকা এসে পরে বসিরহাট থানার পুলিশের টহলদারী ভ্যান ঊ পুলিশের গাড়ি দেখে এলাকা থেকে পালিয়ে যায় দুষ্কৃতীরা। ফলে ভেস্তে যায় এটিএম লুঠের চেষ্টা ঊ পরে পুলিশ এসে এটিএম কাউন্টারের সিসিটিভি ফুটেজ দেখে তল্লাশি শুরু করেছে।

# হরেকরকম হরেকরকম হরেকরকম

## তেঁতুলের উপকারিতা

তেঁতুল আমাদের দেশের বসন্তকালের টকজাতীয় ফল হলেও সারা বছর পাওয়া যায়। অনেকেরই ধারণা তেঁতুল খাওয়া স্বাস্থ্যের জন্য তিকর এবং তেঁতুল খেলে রক্ত জল হয়।

এধারণা সম্পূর্ণ ভুল। বরং তেঁতুলে রয়েছে প্রচুর পুষ্টি ও ভেষজ গুণ। তেঁতুল দেহে উচ্চরক্তচাপ নিয়ন্ত্রণ করে এবং হৃদরোগীদের জন্য খুব উপকারী। তেঁতুল দিয়ে কবিরাজি, আয়ুর্বেদীয় হোমিও ও এলোপ্যাথিক ওষুধ তৈরি করা হয়। পাকা তেঁতুল সবচেয়ে বেশি বিদ্যমান পুষ্টিমান উল্লেখ করা হল। পুষ্টি উপাদান থাকা তেঁতুল কাঁচা তেঁতুল বিলাতি তেঁতুলই তথ্য থেকে দেখা যায় পাকা তেঁতুল সবচেয়েবেশি পুষ্টিসমৃদ্ধ। তবে এই পুষ্টিমান তেঁতুলের উৎপাদনের স্থান, জাত ও জলবায়ুর পরিবর্তনের জন্য কিছুটা পরিবর্তন হতে পারে। পাকা তেঁতুল কফ ও বায়ুনাশক, খিদে বাড়ায় ও উষ্ণবীর্য হয়। তেঁতুল গাছের ছাল, ফুল, পাতা, বিচি ও ফল সবই ওষুধ হিসেবে ব্যবহৃত হয়। তেঁতুল বীজের শাঁস পুরনো অসুখে উপকারী। তেঁতুল পাতার রস কৃমিনাশক ও চোখ ওঠা সারায়।

মুখে ঘা বাত হলে পাকা তেঁতুল জলে কুলকুচি করলে উপকার পাওয়া যায়। বুক ধড় ফড় করা, মাথা ঘোরা ও রক্তের প্রকোপে তেঁতুল উপকারী। কাঁচা তেঁতুল বায়ুনাশক। কাঁচা তেঁতুল গরম করে আঘাত পাওয়া স্থানেপ্রলেপ দিলে ব্যথা সারে। তেঁতুল গাছের শুকনো বাকলের প্রলেপ, তত স্থানে লাগালে তা সারে। পুরনো তেঁতুল, খেলে আমাশয়, কোষ্ঠবদ্ধতা ও পেট গরমে উপকার পাওয়া যায়। পুরনো তেঁতুল খেলে কাশি সারে। তেঁতুলের শরবত কোষ্ঠকাঠিন্য দূর করে।

## আখের রসের প্রকৃত সত্য, যা চমকে দেবে আপনাকে!



অতি সাধারণ একটি দৃশ্য হল রাস্তার মোড়ে মোড়ে আখের রসের দোকান। অত্যন্ত অস্বাস্থ্যকরভাবে আখের রস মেশিন থেকে বের করা হলেও এর ক্রেতার সংখ্যা কিন্তু কম নয়! রিকশাওয়ালা থেকে শুরু করে বড় অফিসের কর্তা--- সবাইকে দেখা যায় রাস্তায় দাঁড়িয়ে আখের রস পান করতে। অনেকে বোতলে ভরে বাড়িতেও নিয়ে যান। সাধারণত প্রতি গ্লাস আখের রস বিক্রি হয় ১০ টাকায়। ঠান্ডা ও মজার এ পানীয়টি এত সুলভ মূল্যের হওয়ায় এর ক্রেতার সংখ্যাও বেড়ে যাচ্ছে দিন দিন। আখ শব্দের উৎপত্তি ইক্ষু থেকে। অঞ্চলভেদে একে গেন্ডারি বা কুশারও বলা হয়ে থাকে। আখ হলে বাঁশ ও ঘাসের জাতবাই। এর ইংরেজি নাম হল আখের রস দিয়ে চিনি ও গুড় তৈরি করা হয় বলে এর চাষ করা হয়। সাধারণত আখের কান্ডের একটি টুকরা দুই তৃতীয়াংশ মাটিতে পুঁতে দিয়ে এর চাষ করা হয়। তবে বর্তমানে বৈজ্ঞানিক পদ্ধতিতে গবেষণাগারে টিস্যু কালচারের মাধ্যমেও এর চাষের প্রসার ঘটছে। আখ বা ইক্ষু এই মৌসুমেই বেশি পাওয়া যায়। আখের রস সম্পর্কে আমাদের সমাজে অনেক ইতিবাচক ধারণা প্রচলিত আছে।

অথচ পুষ্টিবিদদের ভাষ্যমতে আকের রসে কোনো উন্নত পুষ্টিমান নেই। অন্যদিকে ভেষজবিদ, কবিরাজ ও আয়ুর্বেদীর মতে, এটি খুবই উপকারী এবং রোগ নিরাময়ে সাহায্য করে।প্রতি ১০০ গ্রাম আখের রসে রয়েছে— তবে এই পুষ্টিমানের আখের জাত ও উৎপাদনের স্থানের ওপর নির্ভরশীল। আখের রস প্রসাব বৃদ্ধি ও পরিষ্কার করে বলে অনেকের ধারণা। অনেকের ধারণা এটা জন্ডিস ভালো করে। এধারণাটি ভুল। আখের রস যততা স্বাস্থ্যসম্মত ও পুষ্টিকর ভাবা হয়, ততটা নয়। বরং আখের রস পান আপনার ওজন বৃদ্ধিতে একটা মারাত্মক ভূমিকা রাখতে পারে। একই সাথে অতিরিক্ত চিনির কারণে দাঁতেরও ক্ষতি হয় অনেক। তাই বলে একেবারেই যে এর কোনো উপকারিতা নেই। তা কিন্তু নয়। আখের মধ্যে যে শর্করা বা ফ্রুকটোজ রয়েছে সেটা উপকারী. বিশেষ করে যারা অতিরিক্ত পরিশ্রম করেন তাদের জন্য উপকারী। বাড়ন্ত শিশুদের জন্যও আখ উপকারী। কারণ এতে রয়েছে ১৫ শতাংশ প্রাকৃতিক চিনি, খনিজ লবণ ও ভিটামিন। কিন্তু একজন সাধারণ পূর্ণ বয়স্ক মানুষের আখের রস দৈনিক পান না করাই উত্তম। যে উপকারের আশায় পান করবেন সেগুলো কিছুই মিলবে না। বরং বাড়তি চিনি গ্রহণ ক্ষতি বৈ লাভ কিছু করবে না। এছাড়াও আমাদের দেশে যে অস্বাস্থ্যকর অবস্থায় আখের রস তৈরি করে বিক্রি করা হয়, সেগুলো পান না করাই খুব ভালো।

## লাবণ্য ফিরে পেতে ডাবল ক্রিম থেরাপি

ত্বকের চির তারুণ্য সকলেরই কাম্য তাই নির্জীব ত্বকে হারানো লাবণ্য ফিরিয়ে আনতে ডাবল ক্রিম থেরাপির সাহায্য নিতে পারেন.

ডাবল ক্রিম থেরাপি--- এই থেরাপির প্রথম এবং প্রধান কাজ হচ্চে ডাল স্কিনকে ময়েশ্চারাইজার করা, স্কিনকে গ্লো দেওয়া এবং তার সঙ্গে ডি ট্যান করা। দৈনন্দিন জীবন যাপনে বিপর্যস্ত হতে পারে আপনার সৌন্দর্য। তাই জেনে নিন লেবুর ছোঁয়ায় রূপের যত্ন নিতে কিছু কার্যকরী ব্যবহার। ত্বকের উজ্জ্বল ত্বরে উজ্জ্বলতা বৃদ্ধি করতে লেবু খুবই উপযোগী। একচির লেবুতে একটু চিনি ছিটিয়ে ত্বকে আলতো করে ঘষতে থাকুন। এটি প্রাকৃতিক স্ক্রাবার হিসেবে কাজ করবে। লেবুর ব্লিচিং ইফেক্ট ত্বকেরউজ্জ্বলতা বাড়াবে। তারপর কিছুক্ষণ রেখে ধুয়ে ফেললেই হল। শীতকালে সারাদিন বাড়ির বাইরে থাকলে গরমকালের থেকেও স্কিনটা অত্যধিক কালো এবং ড্রাই দেখায় অর্থাৎ এই সময় স্কিন অতিরিক্ত ড্যামেজ হয়ে যায়। ডাবল ক্রিম থেরাপির মাধ্যমে সমস্ত ড্যামেজ সেল সরিয়েত্বককে দারুণভাবে রিজুভিনেট করা যায়। এই পুরো থেরাপিটাই ক্রিমবেসড। এখানে জলের ব্যবহার একদমই হয় না। প্রথমে লা ল্যাভেন্ডার দিয়ে ত্বককে পরিষ্কার করে নেওয়া হয়। এই ক্লিনজিং করতে করতেই ত্বকের ট্যান ভাব অনেকটাই কেটে যায়, ত্বক বেশ তরতাজা হয়ে ওঠে। এই ফেসিয়ালে আলাদা করে কোনো স্ক্রাবিং করা হয় না। তার বদলে ব্যবহার করা হয় লা হোয়াইট নামে একটি অর্গানিক প্রোডাক্ট। এটি ১৬ মিনিট মতো মুখে লাগিয়ে রাখা হয়, এরপর পাইনঅ্যাপেল অ্যাপ্লিকেটারের সাহায্যে খুব হালকা হাতে রাব করে নেওয়া হয়। এরপর হালকা হাতে খুব আস্তে লা হোয়াইট তুলে ফেলা হয়। লা হোয়াইট ভীষণভালো ডি ট্যান এর কাজ করে, মুখের উপরে যে ডেড স্কিন সেলগুলি আছে তা খুব ভালো করে রিমুভ করে দেয়। এই সময় ত্বকের ধরন অনুযায়ী বিউটিশিয়ানরা স্কাবিং মেশিন, পিলিং মেশিন অথবা সাকশন মেশিন ব্যবহার করে থাকেন। এরপর লা আমন্ড ক্রিম দিয়ে পুরো মুখটা ম্যাসাজ করা হয়। এই ক্রিমটি এমন ধরনের অর্গানিক ক্রিম যা খুব সহজেই স্কিনের ভেতরে চলে যায় তার ফলে স্কিনটা খুব সফট হয়ে যায় আর সঙ্গে স হেগ স্কিন খুব ভালো ময়েশ্চারাইজডও হয়ে যায়। এবার এই ক্রিম রিমুভ না করেই লা স্যান্ডেল প্যাক স্কিনে ল াগিয়ে দেওয়া হয় পাইনঅ্যাপেল অ্যাপ্লিকেটারের সাহায্যে। এবার স্কিন টাইপ অনুযায়ী গ্যালভানিক অথবা আলট্রাসনিক মেশিন ব্যবহার করা হয়। এই প্যাকটি ১৫ মিনিট রেখে তুলে ফেলা হয়। লা স্যান্ডেল প্যাকের প্রধান কাজ হল স্কিনকে খুব টানটান করে দেওয়া, স্কিনের উপরের ফাইন লাইনগুলি মিলিয়ে দেওয়া এবং স্কিনকে ইয়ংগার লুক এনে দেওয়া। এবার এই প্যাক তুলে ফেলার পরেও আরো একবার স্কিনে হালকা হাতে ম্যাসাজ করা হয় তাই একে বলে ডাবল ক্রিম থেরাপি। লা রেপ্লিকো নামে একটি ফুল অর্গানিক ক্রিম দিয়ে এই ম্যাসাজ চলে ৫ মিনিট। এই পুরো ফেসিয়ালে যা যা ক্রিম ব্যবহার করে স্কিনের উজ্জ্বলতা ফিরে এল, সেটি এই ক্রিম ম্যাসাজের মাধ্যমে স্কিনের উজ্জ্বলতা ফিরে এল, সেটি এই ক্রিম ম্যাসাজের মাধ্যমে স্কিনে ব্লক করে দেওয়া হ য়। স্কিনকে টাইট রাখার জন্য। এই ফেসিয়াল করে রাতে শুতে যাবার আগে স্কিন ক্লিনজিং করে অবশ্যই ময়েশ্চারাইজার অথবা নাইট ক্রিম লাগাতে হবে। এই ফেসিয়ালে পুরোপুরি অর্গানিক ফেসিয়াল।

স্কচ ফেসিয়াল —

এই ফেসিয়াল ইনস্ট্যান্ট গ্লো এর কাজ করে। দীর্ঘদিন যে রূপচর্চা করেনি বা কোনো পার্টিতে যাবার আগে অথবা হঠাৎ করে বিয়ে ঠিক হওয়া কনেও এই ফেসিয়ালে খুব কম সময়ে ত্বকের জেল্লা ফিরে পেতে পারেন। এটিও একটি অর্গানিক ফেসিয়াল।

এই ফেসিয়ালের প্রথমে স্কচ ডিপ ব্রাইট দিয়ে ৫ মিনিট ধরে ক্লিনজিং করে নেওয়া হয়। অতিরিক্ত পিম্পল বিহীন সমস্ত ত্বকেই এই ফেসিয়াল করা যায়। এটিও ক্রিমবেসড ফেসিয়াল, এতেও জলের ব্যবহার একদমই হয় না। তার বদলে ক্রিমের সঙ্গে স্কচ ডি লাইট ব্যবহার করা হয়। অতিরিক্ত পিম্পল বিহীন সমস্ত ত্বকেই এই ফেসিয়াল করা যায়। এটিও ক্রিমবেসড ফেসিয়াল, এতেও জলের ব্যবহার একদমই হয় না। তার বদলে ক্রিমের সঙ্গে স্কচ ডি লাইট ব্যবহার করা হয়। এরপর একটি ক্রিম কনসেনট্রেড প্যাকের মতো স্কিনের ওপর লাগিয়ে দেওয়া হয়। এটি ১৫ মিনিট থেকে আধঘন্টা রাখা হয়। এতে স্কিনে যত ট্যান আছে সব রিমুভ হয়ে যায়। এরপর স্কচ ডি লাইট দিয়ে স্ক্রাবিং করে নেওয়া হয়। এই সময় প্রয়োজন অনুযায়ী স্টিম, স্ক্রাবিং মেশিন অথবা পিলিং মেশিন ব্যবহার করা হয়। স্কিনের ডিমান্ড অনুযায়ী। এরপর সাকশন মেশিন দিয়ে ভালো করে ব্ল্যাক হেডস রিমুভ করে নেওয়ায় হয়। এরপর স্কচ সাইন দিয়ে স্কিনে ম্যাসাজ করা হয়। এটি জেল আর ক্রিমের মিক্সিং। এর ফলে স্কিন খুব ড্রাইও হবে না, আবার খুব বেশি অয়েলিও হয়ে যাবে না। ত্বকের পি এইচ ব্যালেন্স এতে বজায় থাকবে এই ম্যাসাজের পর ক্রিম রিমুভ না করেই ত্বকে স্কচ ডিপ গ্রিন ক্রিমটি ১৫ মিনিটলাগিয়ে রাখতে হবে। এরপর পাইন অ্যাপেল অ্যাপ্লিকেটারের সাহায্যে হালকা হাতে রিমুভকরে নিতে হবে। এবার স্কিন টাইপ অনুযায়ী গ্যালভানিক, আলট্রাসাউন্ড মেশিন ব্যবহার করা হয়। ১২ দিন অন্তর অথবা মাসে একবার ফেসিয়াল আপনাকে নিতেই হবে ত্বকের ঔজ্জ্বল্য বজায় রাখতে গেলে। কাজেই নিজেকে সুন্দর করে তোলা এখন আপনার হাতের নাগালেই রয়েছে শুধু একটু সময় বার করে নিজেকে সুন্দর সুস্থ করে গড়ে তুলুন তাহলে দেখবেন আপনার নতুন লুক ই আপনার আত্মবিশ্বাস আরো বাড়িয়ে দিয়েছে।

## ভাত দিয়ে তৈরি করুন ভিন্ন স্বাদের ৫টি অসাধারণ খাবার



বাসি ভাত দিয়ে ফ্রাইড দিয়ে রাইস বা ভাত ভাজা তৈরি করতে অনেকেই পারেন। কিন্তু আর কিছু পারেন কি? কিংবা এই বাসি ভাত দিয়ে এমন কিছু তৈরি করতে জানেন যা অনায়াসে অতিথির সামনে পরিবেশন করা যায় আর কেউ বুঝতেই পারবে না যে এটাভাসি ভাত? চলুন, তাহলে জেনে নিন ৫টি অসাধারণ মজার ও একদম সহজ রেসিপি। বাসি ভাত দিয়ে যে কতকিছু করা যায়, সেটা দেখে অবাক না হয়ে পারবেন না।

ভাত ডাল দিয়ে একটি মজার রুটি—

ফ্রিজে জমেছে বাসি ভাত আর ডাল? একটি কাজ করুন, এই বাসি ভাত ও ডাল ব্লেন্ডারে দিয়ে ভালো করে পিষে ফেলুন। একদম মসৃণ আর থকথকে একটা পেস্ট হবে। পাতলা হয়ে গেলে ময়দা মিশিয়ে ঘন করুন। এরপর মাঝে দিন পেঁয়াজ, মরিচ কুচি, সামান্য ভাজাজ জিরার গুঁড়ো, অল্প লবণ, ধনিয়া কুচি, চাইলে দিতে পারেন মাংসও। এবার ভালো করে মিশিয়ে নিন। প্যানে অল্প তেল দিয়ে এই মিশ্রণ থেকে প্যানকেক বা দোসার মতো বানিয়ে ভাজুন। প্যানকেনের মতো মোটা বা দোসার মত পাতলা, দুটোই করতে পারেন। এক পাশ সোনালি ও মচমচে হলেউল্টে দিন। পরিবেশন করুন সব সস বা চাটনির সাথে।

রাইস অ্যান্ড চিজ বল—

বাসি ভাতকে গরম করে আলো করে চটকে নিন। আপনার পছন্দমত যে কোন মশলা দিন স্বাদের জন্য। ভেতরে চীজের পুর দিয়ে গোল গোল বল তৈরি করুন। এই বল ডিমে ডুবিয়ে বিস্কিটের গুঁড়ায় গড়িয়ে নিন। সোনালি করে ভেজে তুলুন। দারুণ সুস্বাদু স্যাক্স তৈরি।

স্টাফড ক্যাপ্সিকাম কাপ—

ভাতকে মাখিয়ে নিন পেঁয়াজ, মরিচ, ধনেপাতা ও আপনার পছন্দের যে কোন মশলা দিয়ে। এবার ক্যাপসিকামকে মাঝ বরাবর কেটে নিন। ভেতর থেকে বীজ বের করে এই ভাটের মিশ্রণ বরুন। ওপরে মোটা করে চীজ ছড়িয়ে দিন, এই কাপগুলো ওভেনে বেক করন সোনালি হয়ে যাওয়া পর্যন্ত। আরেকটি অসাধারণ খাবার তৈরি।

রাইস পুডিং উইথ ফ্রুটস—

ঘন দুধ নিন। এর মাঝে ভাতগুলো দিয়ে দিন। সাথে চিনি ও ভ্যানিলা দিন। এবার জ্বাল দিতে থাকুন। মাঝে একবার ডাল ঘুটনি দিয়ে ভালো করে ঘুটে দেবেন যেন বাতগুলো আধাভাঙ্গা হয়ে যায়। একদম ঘন হলে নামিয়ে নিন, ফ্রিজে রেখে ঠান্ডা করুন। পরিবেশন করুন আপনার পছন্দের যে কোন ফল ও আইসক্রিমের সাথে।

রাইস অমলেট—

তেলের মাঝে অইয়াজ ও মরিচকুচি দিয়ে ভাত দিয়ে দিন। সামান্য ভাজা জিরার গুঁড়ো চাট মশলা, ধনেপাতা দিয়ে ভাজুন। ভাত গরম হয়ে গেলে সমস্ত প্যানে এটাকে সমানভাবে ছড়িয়ে দিন। এরপর ২/৩ টি ডিম ফেটিয়ে এই ভাটের মিশ্রণের ওপরে ছড়িয়ে দিন। একদমই নাড়বেন না। আঁচ কমিয়ে ঢাকনা দিয়ে ঢেকে রাখুন, অমলেট জমতে দিন। কিনারা দিয়ে একটু তেল ঢেলে দেবেন যেন ডিমের তার প্রয়োজনীয় তেল পায়। চাইলে ওভেনেও বেক করতে পারেন। একপাশ হয়ে গেলে সাবধানে উল্টে দিন। দুপাশ রান্না করে গেলে নামিয়ে ফেলুন। একটি সম্পূর্ণ ব্রেক ফাস্ট তৈরি।

## যন্ত্রণাদায়ক ফুসকুড়ি হতে রেহাই পেতে যা করবেন



চিকিৎসাবিদ্যায় ফুসকুড়ি বা ফোসকাকে বলা হয় বিষফোড়া), এটি সাধারণত দেহের লোমকূপে হয়ে থাকে। এই সমস্যাটি বিশেষ করে দেহের মুখ, বগল, পিঠ, গাড়, গলা, নিতম্বে হয়ে থাকে। সাধারণত এমন ফুসকুড়ি সাদাও হলুদ বর্ণের হয়ে থাকে এবং দ্রুত দেহের অন্য স্থানেও ছড়িয়ে যেতে পারে। এই ফোসকাগুলো খুব ব্যথাদায়ক হয় ও বেতরের পুঁজি হয়ে থাকে এবং কয়েকদিন গেলেই এর আকার বৃদ্ধি পেতে থাকে। দেহে এই ফোসকা বা বিষফোড়ার দেখা দেয় ব্যাকটেরিয়ার কারণে। এছাড়াও ফোসকা হওয়ার আরো কিছু কারণ হল ক্ষতিগ্রস্ত, দুর্বল, রোগ প্রতিরোধ ক্ষমতা, ঘাম গ্রন্থিতে সংক্রামণ, অপরিষ্কার থাকা, দেহে পুষ্টির অভাব, ক্রনিক রোগ। তাছাড়া যাদের ডায়াবেটিস আছে তাদের ফোসকা হওয়ার সম্ভাবনা বেশি থাকে। প্রায় সময়ই এই ধরনের ফোসকা সমস্যাগুলো ঘরে বসেই সারিয়ে তোলা হয়। তবে দেহের ভিতরের দিকে যে ফোসকা হয়ে তাকে তা খুব যন্ত্রণাদায়ক হয়ে থাকে, আর যদি ২ সপ্তাহেওই ফোসকা ভালো নয় ও এর কারণে জ্বর আসে তাহলে ডাক্তারদেখানো উচিত। কিন্তু সাধারণ ফোসকা সমস্যায় জেনে রাখুন কিছু ঘরোয়া সমাধান। পেঁয়াজ--- পেঁয়াজে আছে অ্যান্টিসেপটিক উপাদান যা ত্বকের যে কোনো ইনফেকশন রোধ করতে সহায়তা করে। একটি পোঁয়াজ স্লাইস করে কেটে দিন। স্লাইস করা পেঁয়াজ ফোসকার ওপরে দিয়ে একটি কাপড় দিয়ে চেপে রাখুন। ২ ঘন্টা পর পর পেয়াজের স্লাইস পরিবর্তন করে নতুন স্লাইস দিতে হবে। নিম---নিমে প্রাকৃতিক ভাবেই আছে অ্যান্টিসেপটিক ও অ্যান্টিব্যাকটেরিয়াল উপাদান। দেহের ফোসকা সমস্যা রোধ করতে নিম খুব উপকারী। নিম ডাল হতে পাতা নিয়ে পরিষ্কার করে নিন। তারপর পেস্ট করে তাতে সামান্য পরিমাণ হলুদের গুঁড়ো মিশিয়ে দিন. নিমের পেস্টটি ফোসকা আক্রান্ত স্থানে লাগিয়ে ৩০ মিনিট অপেক্ষা করে ধুয়ে ফেলুন। ফোসকা দ্রুত সারিয়ে তুলতে প্রতিদিন কয়েকবার এই উপায়টি পালন করুন। আরেকটি সহজ উপায় হল — নিমপাতা জলে দিয়ে তা ফুটিয়ে নিন। ঠান্ডা হলে আক্রান্ত স্থানে দিনে কয়েকবার এই জল দিয়ে পরিষ্কার করুন।

## পরিষ্কার ও ঝলমলে চোখ পেতে যা করবেন

আমাদের দেহের সবচেয়ে গুরুত্বপূর্ণ অঙ্গ হল চোখ। তাই চোখের প্রতি যত্নবান হওয়া প্রয়োজন। চোখ আছে বলেই আমরা সুন্দর এই পৃথিবী দেখতে পাই। তাছাড়া দেহের সুস্ততার জন্য চোখের সুস্ততারও প্রয়োজন অছে. আপনি হয়ত খেয়াল করলে বুঝতে পারবেন যে চোখে কোনো সমস্যা হলে আমরা কুব দুশ্চিন্তায় ভুগি। চোখে জ্বালা পোড়া হলে, চুলকালে অ্যালার্জি হলে বেশ কিছু সময়ের জন্য ভয় হয় মনে। চোখে বিভিন্ন সময় সমস্যা দেখা দেওয়ার কারণগুলো হল অসুখ বা অন্য দৈহিক সমস্যা, ক্লান্তি, কম ঘুম হওয়া, দীর্গ সময় কাজ করা, দীর্ঘক্ষণ ধরে টিভি ল্যাপটপ কম্পিউটার দেখা, দেহে পুষ্টির অভাব, জলশূন্যতা, অত্যধিক মদ্যপান,ধূমপান, এবং দুর্বল লিভার। পরিষ্কার ও ঝলমলে চোখ ও দৃষ্টি পেতে নিজের লাইফস্টাইলে কিছু পরিবর্তন আনুন এবং ঘরেই নিজের চোখের যত্ন নিন। চোখ ম্যাসাজ চোখের সুস্বাস্থ্য বজায় রাখার অন্যতম উপায় হল চোখ ম্যাসাজকরা। ম্যাসাজের মাধ্যমে চোখে রক্ত চলাচল বৃদ্ধি পায়। হাতে সামান্য অলিভ অয়েল ও নারকেল তেল নিয়ে নিন। তারপর হাতের আঙুলের সাহায্যে চোখের চারপাশে ধীরে ধীরে ম্যাসাজ করুন। প্রতিদিন ১ বার চোখে এইভাবে ম্যাসাজ করুন গোলাপ জ্বলক্লান্ত চোখকে মুহূর্তেই সচল করে তুলতে গোলাপ জল খুব উপকারী। গোলাপ জ্বল চোখ ঠান্ডা রাখে, চোখের চারপাশে কালো দাগ ডার্ক সার্কেল রোধ করে এবং চোখের ফোলা ভাব কমই এ দেয়। দুটুকরো কটন বল গোলাপ জলে ভিজিয়ে নিন। শুয়ে পরুন এবং গোলাপ জলে ভেজানো তুলোর টুকরো চোখ বন্ধ করে ওপরে দিয়ে রাখুন। ১০-১৫ মিনিট রেখে চোখ ধুয়ে ফেলুন। যখনই চোখ ক্লান্ত লাগবে তখন এইসহজ কাজটি করতে পারেন। শশাক্লান্ত ও অনুজ্জ্বল চোকের জন্য শশা ভালো। শশার পানীয় উপাদান ক্লান্ত চোখের উজ্জ্বলতা ফিরিয়ে দিতে সহায়তা করে থাকে, চোখের ডার্কসার্কেল সমস্যা রোধ করে এবং চোখের নিচের ফোলাভাব কমিয়ে দেয়। শশা স্লাইস করে কেটে নিন, তারপর ১৬ মিনিট ফ্রিজে রেখে দিন। শুয়ে পরুন, ঠান্ডা শশা চোখের ওপরে দিয়ে রাখুন ১০ মিনিট। তারপর জল দিয়ে চোখ ধুয়ে ফেলুন। চোখের প্রয়োজনে মাঝে মাঝেই এই কাজটি করতে পারেন। আপনি চাইলে একই উপায়ে আলু দিয়ে চোখের যত্ন নিতে পারেন।




রবিবার আগরতলায় নিখিল ত্রিপুরা প্রবীণ নাগরিক সংগঠনের উদ্যোগে আয়োজিত হয় এক দিনে কর্মশালা। ছবি- নিজস্ব।

# করোনার জেরে এবার বন্ধ সোনাঝুড়ি হাট

শান্তিনিকেতন, ১৫ মার্চ (হি.স.): দেশজুড়ে বেড়েই চলেছে করোনাভাইরাসের প্রকোপ।এই ভাইরাসের প্রকোপের কারণে ইতিমধ্যেই ভারতের বেশকিছু রাজ্যের সরকার সিদ্ধান্ত নিয়েছে স্কুল-কলেজ, প্রেক্ষাগৃহ ও অন্যান্য জনবহুল স্থানগুলি আপাতত বন্ধ রাখার।পশ্চিমবঙ্গ রাজ্য সরকারের তরফ থেকেও আগামী ১৬ তারিখ থেকে ৩১ শে মার্চ পর্যন্ত সমস্ত রকম স্কুল-কলেজ বন্ধ রাখার সিদ্ধান্ত নিয়েছে। বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ও ৩১শে মার্চ পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের পঠন পাঠন, পরীক্ষা ও হোস্টেল বন্ধ রাখার সিদ্ধান্ত নিয়েছে। আর এবার বন্ধ সোনাঝুড়ি হাট। শনিবার বোলপুরের এসডিপিও অভিষেক রায় স্থানীয় সোনাঝুড়ি হাটের ব্যবসায়ীদের সাথে একটি বৈঠক করেন। যে বৈঠক শেষে ৩১ শে মার্চ পর্যন্ত হাট বন্ধ রাখার সিদ্ধান্তের কথা জানিয়ে দেওয়া হয়। পুলিশ প্রশাসন ও ব্যবসায়ীদের সর্বসম্মত সিদ্ধান্তেই এই সিদ্ধান্ত গৃহিত হয়েছে বলে জানা যায়।

বোলপুরের সোনাঝুড়ি হাটে প্রতিদিন অজস্র পর্যটক আসেন। এই সকল পর্যটকরা শুধু রাজ্যের বা দেশের নন, বিদেশ থেকেও বহু পর্যটক আসেন। আর করোনা ভাইরাসের প্রকোপ বাড়ার মুহূর্তে মানুষের সুরক্ষার কথা মাথায় রেখে এমন সিদ্ধান্ত নেওয়া হয়েছে। মানুষের সুরক্ষার কথা মাথায় রেখে আগেই এবছর বিশ্বভারতীর বসন্ত উৎসব বাতিল করা হয়। বিশ্বভারতী কর্তৃপক্ষ ইতিমধ্যেই বিজ্ঞপ্তি জারি করে অনির্দিষ্টকালের জন্য বন্ধ রেখেছে রবীন্দ্রভবন, বাংলাদেশ ভবন, সংগ্রহশালা ও শান্তিনিকেতন গৃহ। শুধু তাই নয় আশ্রম চত্বরে পর্যটকদের প্রবেশাধিকারে নিষেধাজ্ঞা জারি করা হয়েছে। পাশাপাশি বিশ্বভারতীতে বন্ধ করে দেওয়া হয়েছে মাধ্যমিক পরীক্ষা, হোস্টেল খালি করার নির্দেশ দেওয়া হয়েছে।
ভারতে রবিবার পর্যন্ত যা খবর তাতে করোনা ভাইরাসে সংক্রমিত ব্যক্তির সংখ্যা পৌঁছে গেছে ৯৩ তে। তবে আজ নতুন করে কোনো মৃত্যুর খবর নেই। এখনো অব্দি ভারতে এই ভাইরাসের জেরে মৃতের সংখ্যা ২।

# "বাংলার গর্ব মমতা" কর্মসূচিতে হুগলিতে সম্মাননা তৃণমূলের পুরানো কর্মীদের

হুগলি, ১৫ মার্চ (হি.স.) : আসন্ন পুরভোট এবং ২০২১ এর বিধানসভা ভোটে মানুষের কাছে যাওয়ার লক্ষ্য নিয়ে "বাংলার গর্ব মমতা" কর্মসূচিতে রবিবার হুগলির দুই বিধানসভা কেন্দ্রে সম্মান জানান হল তৃণমূলের পুরানো কর্মীদের ঊ এদিন জেলার শ্রীরামপুর ও চম্পদানি বিধানসভা কেন্দ্রে।
বাংলার গর্ব মমতা এই কর্মসূচির অন্তর্গত বয়স্ক মানুষ এবং কর্মীদের সম্মান জানানোর যে কর্মসূচি নেওয়া হয়েছে তারই অঙ্গ হিসেবে রবিবার পালিত হল তৃণমূল কংগ্রেসের এই কর্মসূচিটি। এদিন শ্রীরামপুর বিধানসভা কেন্দ্রের স্থানীয় মায়া ভবনে মিলিত হয়েছিল পুরনো দিনের বহু বসে যাওয়া এবং তৃণমূলের দুর্দিনে থাকা কর্মীরা। শ্রীরামপুর কেন্দ্রের বিধায়ক ডক্টর সুদীপ্ত রায় শ্রীরামপরে পুরপ্রধান অমিয় মুখোপাধ্যায় এবং রিষরা পুরসভার পুরপ্রধান বিজয় সাগর মিশ্রর উপস্থিতিতে সকাল থেকে সরগরম ছিল অনুষ্ঠান মঞ্চটি।
বিধায়ক সুদীপ্ত রায় জানান, মমতাদি পরিষ্কারভাবে নির্দেশ দিয়েছেন যে, যে সমস্ত তৃণমূলকর্মী তৃণমূল দলটা তৈরীর পেছনে সক্রিয় ভূমিকা নিয়েছিলেন এবং যারা শেষ রক্তবিন্দু দিয়ে লড়াই করে দলকে ক্ষমতায় এনেছে তাঁদের প্রকৃত সম্মান দিতে হবে। সেইমত আজকে এখানে শ্রীরামপুর বিধানসভা কেন্দ্রের পুরনো কর্মী বয়স্ক মানুষদের সম্মান জানানো হয়। এবং যেসব কর্মী যারা অভিমানের সক্রিয় রাজনীতি থেকে সরে গিয়েছিলেন তাঁরা আজকে দলের এই কর্মসূচিতে যোগ দিয়েছেন।
পুরোনো দিনের কর্মীরা জানান অভিমানে এবং দলের কিছু নেতার ব্যাবহারে আমরা সক্রিয় রাজনীতি থেকে সরে গিয়েছিলাম ঊ তবে আজ যেভাবে আমাদের নেত্রী মমতা বন্দ্যোপাধ্যাযআমাদের সম্মান দিয়ে আবার দলের কাজে ঝাঁপিয়ে পড়ার আহ্বান জানিয়েছেন তাতে আমরা খুশি ঊ তৃণমূল কংগ্রেস আগামী দিনে যাতে আরও সুনামের সঙ্গে মানুষের কল্যাণে কাজে এগিয়ে যায় সেই চেষ্টা চালিয়ে যাব।
অন্যদিকে একই রকম অনুষ্ঠান অনুষ্ঠিত হয় চম্পদানি বিধানসভা কেন্দ্রে। সেখানে পুরনো দিনের কর্মীদের সম্মান জানান হুগলি জেলা তৃণমূল কংগ্রেসের সভাপতি দিলীপ যাদব।

# হুগলিতে তৃণমূলের ধিক্কার মিছিল

হুগলি, ১৫ মার্চ (হি.স.) : নিত্য প্রয়োজনীয় জিনিসের দাম বৃদ্ধির প্রতিবাদে হুগলিতে ধিক্কার মিছিল ঊ রবিবার বিকেলে মগড়ার ছোট খেজুরিয়া থেকে মগড়া থানার জিটিরোডে মোড় হয়ে মগড়া রেল স্টেশন পযন্ত দীর্ঘ ছয় কিলোমিটার রাস্তার তৃণমূলের নেতা ও কর্মীরা এই ধিক্কার মিছিল করে। এই মিছিল নেতৃত্বে ছিলেন মগড়া শহর তৃণমূল যুব কংগ্রেসের সভাপতি দেবব্রত বিশ্বাস।সঙ্গে ছিলেন মগড়া সহ বাঁশবেড়িয়ার তৃণমূলের নেতা ও কর্মীরা। এদিনের মিছিল প্রসঙ্গে দেবব্রত বিশ্বাস বলেন, বিজেপি যেভাবে দিনের পর দিন নিত্য জিনিসের দাম বাড়াচ্ছে তাতে পশ্চিমবঙ্গের সাধারন মানুযের নাভিশ্বাস উঠে যায়। এছাড়া বিভিন্ন জায়গায় দাঙ্গা লাগিয়ে পশ্চিমবঙ্গের মানুষকে ব্যতিব্যস্ত করে তুলছেন।

# করোনা আতঙ্কে বন্ধ একাধিক দর্শনীয় স্থান, মুখভার শহরবাসীর

কলকাতা,১৫ মার্চ (হি.স.):রবিবার মানেই বই খাতার পাট চুকিয়ে বাবা মায়ের হাত ধরে ঘুরতে যাওয়ার পালা ঊ কিন্তু সেই আশায় জল ঢালল করোনা ঊ করোনাভাইরাসের আতঙ্কে বন্ধ কলকাতার একাধিক দর্শনীয় স্থান ঊ ঘুরতে এসে অনেকেই যাচ্ছেন ফিরে ঊ তাই মুখভার কলকাতাবাসীর।
করোনা আতঙ্কে ঘুম উড়েছে সকলের ঊ মনে করা হচ্ছে ভিড় থেকে ছড়াতে পারে এই সংক্রমণ ঊ তাই ভিড় এড়াতে জাদুঘরের সামনের গেটে লাগানো হয়েছে বড় তালা ঊ সঙ্গে নোটিস বোর্ডে লেখা, 'করোনা সংক্রমণের জেরে ৩১ মার্চ পর্যন্ত বন্ধ রাখা হবে ইন্ডিয়ান মিউজিয়াম ঊ সতর্কতা জারি করা হয়েছে আলিপুর চিড়িয়াখানাতেও ঊ বন্ধ সায়েন্স সিটিও ঊ অন্যদিকে আজ থেকে বন্ধ করে দেওয়া হয়েছে ভিক্টোরিয়া মেমোরিয়ালও ঊফলে বহু মানুষকেই ঘুরতে এসে কলকাতার দর্শনীয় স্থান না দেখেই ফিরে যেতে হচ্ছে।

# মাস্ক ও স্যানিটাইজার নিয়ে কালোবাজারি করলেই কড়া পদক্ষেপ বার্তা বীরভূম পুলিশ প্রশাসনের

সিউড়ি, ১৫ মার্চ (হি.স.):: করোনাভাইরাস বিশ্বজুড়ে ত্রাসের সৃষ্টি করেছে। দিনের পর দিন এই ভাইরাসের প্রকোপ বেড়েই চলেছে। এমত অবস্থায় মাস্ক ও স্যানিটাইজার নিয়ে কালোবাজারি শুরু হয়েছে বলে অভিযোগ। বিভিন্ন জায়গার পাশাপাশি বীরভূমেও গত দু''দিন ধরে অমিল মাস্ক ও স্যানিটাইজার। বেশিরভাগ ওযুধের দোকান থেকে ক্রেতারা এই সকল দ্রব্যাদি না পেয়ে ফিরে যাচ্ছেন।আর এই সকল প্রয়োজনীয় দ্রব্যাদি নিয়ে যেন কোন রকম কালোবাজারি না হয় তার জন্য রবিবার বীরভূমের বিভিন্ন ওষুধের দোকানে দোকানে পুলিশি হানা।
এদিন বীরভূমের সিউড়ি শহরের বিভিন্ন ওষুধের দোকানে হানা দেয় বীরভূম পুলিশের উচ্চপদস্থ আধিকারিকরা। এছাড়াও ছিলেন স্বাস্থ্য দপ্তরের একজন করে প্রতিনিধি। একইভাবে বোলপুর, সাঁইথিয়া ও অন্যান্য জায়গাতেও পুলিশ ওযুধের দোকানগুলিতে হানা দেয় ও দোকানদারদের সতর্ক করে দেওয়া হয় যেন কোন রকম এই প্রকার দ্রব্যাদি নিয়ে কালোবাজারি না করা হয়। আর কালোবাজারি করা হলে কঠোর থেকে কঠোরতম শাস্তির মুখে পড়তে হবে দোকানদারদের। বীরভূম পুলিশের ডিএসপি ডিএনডি অভিষেক মন্ডল জানান, 'ওষুধের দোকানগুলিতে আজ আমরা ঘুরে দেখলাম মাস্ক ও স্যানিটাইজার নিয়ে কোনোরকম জালিয়াতি অথবা কালোবাজারি হচ্ছে কিনা। আমরা দোকানগুলির স্টক মিলিয়ে দেখি।এছাড়াও গত ১৫ দিনে এই প্রকার দ্রব্যাদির বিক্রির হার মেলায়। কোথাও কোনো রকম অমিল দেখলেই উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা হবে।' তবে গ্রাহকরা অনেকেই জানিয়েছেন, গ্রাহকদের চাহিদা মত শহরগুলিতে মাস্ক অথবা স্যানিটাইজারের পর্যাপ্ত সরবরাহ নেই। আর এমন স্বীকারোক্তি শোনাও যায় পুলিশ আধিকারিকদের মুখ থেকে। তবে পুলিশ আধিকারিকরা সাধারণ মানুষকে বার্তা দিয়েছেন, 'যদি কোথাও দেখা যায় মাস্ক ও স্যানিটাইজার মজুদ রয়েছে অথচ দোকানদার বিক্রি করতে চাইছেন না। অথবা এগুলি নিয়ে কোনোরকম কালোবাজারি করছে তাহলে সঙ্গে সঙ্গে পুলিশ প্রশাসনকে খবর দিন। তৎক্ষণাৎ উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা হবে।'

# ডাক পেয়েও অভিমানে স্বীকৃতি সম্মেলন মুখো হলেন না গলসীর পুরোনো তৃণমূলকর্মীরা

দুর্গাপুর, ১৫ মার্চ (হি.স.): দীর্ঘদিন কোন কর্মসুচীতে ডাক না পাওয়ার অভিযোগ। আচমকা ফোনে আমন্ত্রন পেয়েও স্বীকৃতি সম্মেলনে গেলেন না গলসীর পুরোনো তৃণমূলকর্মীরা। নেতৃত্বের বিরুদ্ধে একরাশ ক্ষোভ উগরে দিলেন অভিমানি কর্মীরা। ২০২১ বিধানসভা নির্বাচনের আগে পুরোনোকর্মীদের দলে সক্রিয় না হওয়ায় নতুন করে জল্পনা ছড়িয়েছে পুর্ব বর্ধমান জেলা জুড়ে।
প্রসঙ্গত, গত লোকসভা ভোটে ভরাডুবি হয়েছে রাজ্যে শাসকদল তৃণমূলের। হারানো মাটি ধরে রাখতে মরিয়া ঘাসফুল শিবির। আগামী বিধানসভা নির্বাচনের আগে রাজ্যে প্রতিপক্ষ বিজেপিকে ঠেকাতে একগুচ্ছ কর্মসুচী নিয়েছে তৃণমূল। জনপ্রিয়তা ফেরাতে দিদিকে বলো, বাংলার গর্ব মমতা, সাংবাদিকদের নিয়ে জলযোগ যোগাযোগ, আবার পুরোনো বসে যাওয়া কর্মীদের সক্রিয় করতে স্বীকৃতি সম্মেলনের মত কর্মসুচী নিয়েছে। রবিবার গলসী বিধানসভার বুদবুদে একটি হোটেলে ছিল তৃণমূলের স্বীকৃতি সম্মেলন। উদ্দেশ্য ছিল পুরোনোকর্মীদের ডেকে সম্বর্ধনা দেওয়া, তাদের অভাব অভিযোগ শুনে সক্রিয় রাজনীতিতে ফেরানো। এদিন নির্ধারিত সময়ে অনুষ্ঠান হয়। কিন্তু গলসী-১ নং ব্লকের এক সময়ের লড়াকু কর্মীরা ছিল গরহাজির। আর তা নিয়ে জল্পনা শুরু হয়েছে। জনার্দন চট্টোপাধ্যায়। বুদবুদের বাসিন্দা। দোর্দন্ড বামজামানায় দলের ব্লক সভাপতির দায়িত্ব সামলেছেন। ২০১২ সালের নির্বাচনে জয়ী হয়ে পঞ্চায়েত সমিতির সভাপতি ছিলেন। ওইসময় সভাপতির ভোটাভুটির দিন দলীয়কর্মীদের হাতে মারও খেতে হয়েছে তাকে। ঘটনার উত্তেজনায় পরে অন্য একদিন দলের এক মন্ত্রীর উপস্থিতিতে ভোটাভুটি হয়। কিন্তু ২০১৮ সালের পর রহস্যজনকভাবে রাজনীতি থেকে বসে পড়েন। দলীয় কর্মসুচীতে না যাওয়ায় নানান জল্পনাও শুরু হয়। এদিন ডাক পেয়েও সম্মেলন না যাওয়ার প্রশ্ন করতেই জনার্দনবাবু বলেন,' জন্মলগ্ন থেকে দলটা করে এসেছি। আজ হঠাৎ স্বীকৃতি

# বাঁকুড়াতেও দলের পুরাতন কর্মীদের নিয়ে স্বীকৃতি সম্মেলন তৃণমূলের

বাঁকুড়া, ১৫ মার্চ(হি.স.): রবিবার বাঁকুড়াতেও বাংলার গর্ব মমতা কর্মসূচিতে দলের পুরাতন কর্মীদের নিয়ে স্বীকৃতি সম্মেলন তৃণমূলের ঊ ভোট গুরু পিকের পরামর্শ অনুযায়ী এদিন দলের পুরনো, অভিমানী সরে যাওয়া কর্মীদের ফের দলে ফিরিয়ে আনতে স্বীকৃতি সম্মেলন হল বাঁকুড়া জেলা জুড়ে।
বাংলার গর্ব মমতা কর্মসূচির জেরে মনোবল তলানিতে ঠেকে যাওয়া তৃনমূলের নিচু থেকে শীর্ষ নেতৃত্বের মনোবল তুঙ্গে উঠেছে। বৃহস্পতিবার ও শুক্রবার বাঁকুড়া জেলার বাঁকুড়া, সোনামুখী, ছাতনা, বড়জোড়া, শালতোড়া, বিষ্ণুপুর, তালডাংরা, রাইপুর সহ ১২ টি বিধানসভাতেই সাংবাদিকদের সঙ্গে জলযোগ অনুষ্ঠানের পর রবিবার স্বীকৃতি সম্মেলন হল জেলার ১২ টি বিধানসভা কেন্দ্রে। এই সম্মেলন হয় দলের অসময়ে সিপিএমের কাছে মার খেয়ে লড়াই করা কর্মীদের নিয়ে। একসময় প্রতিকূল পরিস্থিতিতে দলকে মজবুত করেও দলে যথাযথ সম্মান না পেয়ে দূরে সরে ছিলেন যারা তাদের নিয়ে। এই সব পুরানো কর্মীরা দলের বর্তমান নেতা কর্মীদের প্রতি অভিমান করে বসে পড়েছিলেন। সেই সব কর্মীদের এদিন সম্মানের সঙ্গে সংবর্ধিত করে পরামর্শ চাইলেন বিধায়করা।বাঁকুড়ার ১২টি বিধানসভার মধ্যে ২০১৬ নির্বাচনে ৫ টিতে পরাজিত হয়ে ছিল তৃণমূল। তার মধ্যে ২ জন কংগ্রেস বিধায়ক ও একজন আরএসপি বিধায়ক তৃণমূলে যোগ দিলেও এখনও বড়জোড়া ও সোনামুখী এই ২ টি বিধানসভা বামেদের কাছেই রয়েছে। সে কারনে বড়জোড়া বিধানসভায় প্রাক্তন বিধায়ক আশুতোষ মুখোপাধ্যায়কে দায়িত্ব দেওয়া হয়েছে বাংলার গর্ব মমতা কর্মসূচি পালনের। এদিন আশুতোষবাবুকে কাছে পেয়ে দলের দুর্দিনের পুরানো কর্মীরা তাদের ক্ষোভ প্রকাশ করেন। তাদের দাবি মমতা বন্দ্যোপাধ্যায়ের আদর্শ ও বাংলার প্রতি দায় বদ্ধতা মেনে কংগ্রেস ছেড়ে তৃণমূলে যোগ দেন। সিপিএমের সঙ্গে লড়াই করতে গিয়ে অনেকে মিথ্যা মামলায় জড়িয়ে এখনও আদালত আর ঘর করছি। তারা বলেন তবুও দলে নতুন প্রজন্মের কাছে সেভাবে সম্মান বা স্বীকৃতি পাইনি। তাই অভিমানে আমরা সংগঠন থেকে সরে এসেছি। আশুতোষবাবু বলেন, এই সব কর্মীরা আমদের দলের সম্পদ।শালতোড়া বিধানসভার বিধায়ক স্বপন বাউরি এদিন দুর্লভপুরে এক অনুষ্ঠানে ৩৫ জন পুরানো কর্মীকে পুষ্পস্তবক, ও উত্তরীয় দিয়ে সম্মানিত করেন। এই সব পুরনো কর্মীরা ক্ষোভ প্রকাশ করে বলেন, ৯ বছর পর মনে পড়ল আমাদের, আমরা দলে কতটা অপরিহার্য তা টের পেলেন। তাদের দাবি নির্বাচন পেরিয়ে গেলে তারা কি ফের আমাদের ভুলে যাবেন? এই আশঙ্কা ও প্রকাশ করেন তারা। স্বপন বাউরি বলেন অনেক ত্রুটি বিচ্যুতি হয়েছে। যেহেতু আমি দলের বিধায়ক তাই সব দায় আমার। আপনাদের ছাড়া ২০১১ সালে আমরা ক্ষমতায় আসতে পারতাম না। সেই অভিমান ভুলে সকলেই বলেন আমরা দলের নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে আজও শ্রদ্ধা করি। তিনিই আমাদের যোগ্য মর্যাদা ফিরিয়ে দিলেন। শুনেছি উনিই আমাদের তালিকা তৈরি করে স্বপন বাউরিকে দিয়েছেন।বাঁকুড়া বিধানসভার বিধায়ক শম্পা দরিপার উদ্যোগে এদিন বাঁকুড়া বঙ্গবিদ্যালয় সভাগৃহে স্বীকৃতি সম্মেলনের আয়োজন করা হয়।সম্মেলনে আগত পুরনো দিনের কর্মীদের উদ্দেশ্য করে বলেন, যারা অভিমানে দুরে সরে ছিলেন তারা ফিরে এসেছেন। অভিভাবকের মত তারা আমাদের দোষ ধরিয়ে দিয়ে দিয়েছেন। আমি সেই সব মাথা পেতে নিয়েছি। আগামী দিনে সকলের পরামর্শ মেনে কাজ করব।




রবিবার আগরতলায় সদর কংগ্রেস কার্যালয়ে দলীয় কর্মীদের নিয়ে এক আলোচনা সভা আয়োজিত হয়। ছবি- নিজস্ব।

# চুঁচুড়া বিধানসভা তৃণমুলের অনুষ্ঠানে ব্রাত্যই রয়ে গেল পুরোন কর্মীরা

হুগলি, ১৫ মার্চ (হি.স.): পুরনো কর্মীদের দলে ফিরিয়ে আনতে উদ্যোগী তৃণমূল কংগ্রেস। তাই "বাংলার গর্ব মমতা" কর্মসুচির প্রথম পর্যায়ের শেষ সরনি হিসাবে দল থেকে মুখ ফিরিয়ে নেওয়া পুরোনো নেতা-কর্মীদের স্বীকৃতি সম্মলনের আয়োজন করা হয়। রবিবার সমগ্র রাজ্যে বিধানসভা ভিত্তিক এই স্বীকৃতি সম্মেলন অনুষ্ঠিত হয়। এদিন চুঁচুড়া বিধানসভা এলাকায় এই কর্মসুচিতে প্রায় ৭০ জন কর্মীদের আমন্ত্রন জানানো উপস্থিতির সংখ্যা ছিল অর্ধেক। তাঁদেরকে নিয়েই সম্মেলনের পর একসাথে খাওয়া-দাওয়ার আয়োজন করা হয়। যেখানে হুগলি-চুঁচুড়া পুরএলাকার ৩০টি ওয়ার্ডের বহু পুরন তৃণমূল কর্মীদেরই এখানে আমন্ত্রণ জানানো হয়নি বলে অভিযোগ। যার মধ্যে অন্যতম হুগলি-চুঁচুড়া পুরসভার ৫বারের কাউন্সিলর তথা দু'বারের চেয়ারম্যান আশিষ সেন(লাউ)।
কংগ্রেসী ঘরানার লাউবাবু ৯৮ সাল থেকেই তৃণমূলের সৈনিক। তৃণমূলের টিকিটে একবার তিনি বিধানসভায় লড়াইও করেছেন। আশীষবাবুর আক্ষেপ প্রশান্ত কিশোরের টিম এসে আমার সাথে কথা বলে গেছে। আমার রাজনৈতিক ইতিহাসের কথা তাঁরা শুনেছে। কিন্তু আজকের সম্মেলনে বিধায়ক আমাকেই ডাকলো না। শুধু আমি নয়, পুরসভার ২০ নম্বর ওয়ার্ডের কর্মী সমীর সরকার, ২২নম্বর ওয়ার্ডের প্রাক্তন কাউন্সিলর কৃষ্ণকান্ত ঘোষ, ২ নম্বর ওয়ার্ডের প্রাক্তন কাউন্সিলর রূপা দে, ৮ নম্বর ওয়ার্ডের প্রাক্তন কাউন্সিলর তারক পাল সহ বহু তৃণমূল কর্মীকেই আজ ডাকা হয়নি।এবিষয়ে চুঁচুড়ার বিধায়ক অসিত মজুমদারের বক্তব্য পুরনো কর্মীদের ডাকা মানে এই নয় যারা অন্যের বউকে নিয়ে পালিয়ে যাবে, যারা মদ খেয়ে নর্দমায় পরে থাকবে, যারা পুকুর ভরাট করবে তাঁদেরকে ডেকে এনে তৃণমূল করাতে হবে। তবে আশিষ সেন, সমীর সরকার, কৃষ্ণকান্ত ঘোষ, তারক পাল, রূপা দে এঁদের বিষয়ে অসিতবাবুর বক্তব্য এঁরা তো তৃণমূল করছে এঁরা তো আর দল থেকে মুখ ফেরায়নি তাই এঁদেরকে ডাকার কোন প্রশ্নই নেই।

# রিজেন্ট পার্কে রহস্যমৃত্যু

কলকাতা, ১৫ মার্চ (হি.স.): ফের শহরে রহস্যমৃত্যু ঊ রিজেন্ট পার্ক এলকার এক বাড়ি থেকে উদ্ধার সরকারি কর্মীর পচাগলা মৃতদেহ ঊ ঘটনার তদন্তে রিজেন্ট পার্ক থানার পুলিশ।মৃতার নাম তপন বসু ঊপুলিশ সূত্রে জানা যাচ্ছে,বেশ কিছুদিন দিন ধরে দেখা মিলছিলনা তপনবাবুর ঊ এরপর তাঁর আত্মীয়রা রবিবার রিজেন্ট পার্কে ওই ব্যক্তির বাড়িতে তাকে খুঁজতে আসলে তাকে পচাগলা অবস্থায় দেখতে পায় তারা ঊ এরপরই পুলিশে খবর দিলে ঘটনা স্থলে পৌঁছায় রিজেন্ট পার্ক থানার পুলিশ ঊ তারা এসে দেখে মাটির উপর গলায় ফাঁস অবস্থায় পড়ে রয়েছে ওই ব্যক্তির দেহঊপাশে রয়েছে সুইসাইট নোটও ঊ কি কারণে মৃত্যু হল তার তা তদন্ত চালাচ্ছে।




রবিবার আগরতলায় আয়োজিত রক্তদান শিবিরের উদ্বোধন করেন বিজেপি সদর জেলা কমিটির সভাপতি। ছবি- নিজস্ব।

# করোনা আতঙ্কে সোমবার থেকে স্তব্ধ হতে পারে রাজ্যের সব আদালতও

কলকাতা,১৫ মার্চ (হি.স.):করোনা আতঙ্কের জের এবার আদালতেওঊ জমায়েত কমাতে কলকাতা হাইকোর্টে সোমবার থেকে স্বাভাবিক কাজকর্ম হবে না ঊ রবিবার হাইকোর্টে বিশেষ বৈঠকে বসেন ৩ বিচারপতি ঊ সেখানেই সিদ্ধান্ত নেওয়া হয়ঊ
বিচারপতি দীপঙ্কর দত্ত, বিচারপতি সঞ্জীব বন্দ্যোপাধ্যায় এবং বিচারপতি ইন্দ্র প্রসন্ন মুখোপাধ্যায় বৈঠকে বসেনঊ কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রারে নির্দেশিকা মাথায় রেখে একাধিক সিদ্ধান্ত নেওয়া হয় বৈঠক থেকেঊ রবিবার দুপুরে হাইকোর্ট রেজিস্ট্রার জেনারেল রাই চট্টোপাধ্যায় বিজ্ঞপ্তি জারি করে আদালত চত্বরে করোনার করণীয় ঘোষণা করেন ঊ জমায়েত কমাতে কলকাতা হাইকোর্টের সোমবার থেকে স্বাভাবিক কাজকর্ম হবে না ঊ একমাত্র জরুরী মামলাগুলির শুনানি করবেন বিচারপতিরা ঊ জরুরি শুনানির মামলা কোনগুলি হবে তা সোমবার থেকে এজলাসে জানিয়ে দেবেন হাইকোর্টের বিচারপতিরা।হাইকোর্টের মূল ভবনের এ, বি, ই তিন প্রবেশদ্বারে সোমবার থেকে থার্মাল গানের ব্যবহার হবে ঊ থার্মাল গান বসানো হবে হাইকোর্টের অন্য দুই ভবনের প্রবেশদ্বারেওঊ শরীরের অতিরিক্ত তাপমাত্রা থার্মাল গানে ধরা পরলেই বিশেষ চিকিৎসকদের কাছে পাঠানো হবেঊসোমবার থেকে বিচারপতি, আইনজীবী এবং মামলাকারীদের থার্মাল স্ক্যানারের গন্ডি পেরিয়ে হাইকোর্টে প্রবেশ করতে হবে ঊরাজ্যের অন্য সব আদালতের কর্মী সংখ্যা অর্ধেক বা তারও কম করে দেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে হাইকোর্ট প্রশাসনের তরফেঊ রোটেশন ভিত্তিতে কর্মীরা কাজ করবেন এখন থেকে আদালতেঊসেক্ষেত্রে অনুপস্থিত থাকা কর্মীদের অন ডিউটি বলেই গণ্য হবে।
নিম্ন আদালতকে নির্দেশ দেওয়া হয়েছে, জেল থেকে আসামিদের বা অভিযুক্তদের আদালতে পেশ না করে ভিডিও কনফারেন্সের মাধ্যমে সেই শুনানি সম্পন্ন করতেঊ ফলে, সোমবার থেকে রাজ্যের আদালতের স্বাভাবিক কাজকর্ম স্তব্ধ হওয়ার আশঙ্কাঊআইনজীবীদের সঙ্গে জুনিয়র ইন্টার্ন রা হাইকোর্টে প্রবেশ করতে পারবেন নাঊপর্যাপ্ত হ্যান্ড স্যানিটাইজার সব আদালত চত্বরে মজুদ রাখার নির্দেশ জারি হয়েছে।

## জিএমসিএইচে ভরতি রোগী করোনাক্রান্ত নন, তাঁকে ছেড়ে দেওয়া হয়েছে : হাসপাতাল কর্তৃপক্ষ

গুয়াহাটি, ১৫ মার্চ (হি.স.) : গতকাল শনিবার নগাঁও জেলার আমসৈ থেকে যে রোগী এসেছিলেন তিনি করোনায় আক্রান্ত নন। রোগীর শরীরের যাবতীয় পরীক্ষা নিরীক্ষা করা হয়েছে, কোভিড ১৯-এর কোনও বীজাণু ধরা পড়েনি। স্পষ্ট করেছেন গুয়াহাটি মেডিক্যাল কলেজ হাসপাতালের সুপারিনটেনডেন্ট ডা. রমেন তালুকদার। তিনি জানান, আজ (রবিবার) তাঁকে হাসপাতাল থেকে ছেড়ে দেওয়া হয়েছে।

এ প্রসঙ্গে ডা. তালুকদার বলেন, মানুষ এমনিতেই ভীত। তার ওপর এ সংক্রান্ত নানা ধরনের গুজব ছড়িয়ে মানুষকে আতঙ্কিত করে তোলা হচ্ছে। তাই করোনা সম্পর্কে কাউকে ভীতিগ্রস্ত না হওয়ার পরামর্শ দিয়েছেন ডা. রমেন তালুকদার। তবে জনসাধারণের প্রতি অনুরোধ জানিয়ে বলেছেন, আতঙ্ক নয়, করোনা রোগের সন্দেহ হলে সঙ্গে সঙ্গে চিকিৎসকের সহায়তা নিন। আরও বলেন, বহিঃরাজ্য থেকে এলেই যে কেউ করোনা আক্রান্ত, তা নয়, এই বিষয় নিয়ে অযথা গুজব না ছড়াতে এবং আতঙ্কিত না হতেও বলেছেন ডা. তালুকদার। বলেন, কোনও রোগী করোনা ভাইরাসে আক্রান্ত কিনা তার পরীক্ষা সংক্রান্ত যাবতীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। প্রয়োজনীয় সেম্পল সংগ্রহ করে পরীক্ষা করার ব্যবস্থাও আছে, তাই এ নিয়ে আতঙ্কিত হতে বারণ করেছেন তিনি।

সুপারিনটেনডেন্ট ডা. তালুকদার জানান, অসমে এখন পর্যন্ত ২৯ জনের নমুনা সংগ্রহ করা হয়েছিল। এগুলোর সাতটি গুয়াহাটি মেডিক্যাল কলেজ হাসপাতাল (জিএমসিএইচ) রাজ্যের এবং বাকিগুলি বহিঃরাজ্যের। পাশাপাশি জানান, করোনা ভাইরাস সম্পর্কিত সেম্পল জিএমসিএইচ ছাড়াও ডিব্রুগড়, শিলচর এবং যোরহাট মেডিক্যাল কলেজ হাসপাতালে পরীক্ষা করার ব্যবস্থা করা হয়েছে। এই সব হাসপাতালে করোনা ভাইরাসে আক্রান্ত রোগীর জন্য আইসোলেশন কক্ষেরও ব্যবস্থা রয়েছে, জানান তিনি।

## কংসাবতী নদীর জলে ডুবে মৃত্যু হল এক ব্যক্তির

ঝাড়গ্রাম, ১৫ মার্চ (হি.স.) : পারাপারের সময় কংসাবতী নদীর জলে ডুবে মৃত্যু হল এক ব্যক্তির। রবিবার দুপুরে এই ঘটনাটি ঘটেছে ঝাড়গ্রাম জেলার বিনপুর থানার সাতবিল্লী এলাকায়।


পুলিশ জানিয়েছে মৃত ওই ব্যক্তির নাম বরেন মাহাতো (৫৬)। বাড়ি লালগড় থানার তল বামাল এলাকায়। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গিয়েছে এদিন দুপুরে বামালের দিক থেকে কংসাবতী নদী পারাপার করছিল বরেন মাহাতো। সেই সময় হঠাৎ করে নদীর জলে ডুবে যায়। প্রথমে স্থানীয় মানুষজনেরা নদীর জলে খোঁজাখুঁজি করেও সন্ধান পাইনি। এরপর খবর দেওয়া হয় পুলিশকে। পরে পুলিশ ও স্থানীয় মানুষজনেরা সাতবিল্লী এলাকা থেকে মৃতদেহ উদ্ধার করে ঊ পুলিশ দেহটি ময়নাতদন্তের জন্য ঝাড়গ্রাম জেলা সুপার স্পেশালিটি হাসপাতালে পাঠিয়ে দেয়।

## রোগী ভর্তিতে ”না” কঠোর বেলেঘাটা আইডি

কলকাতা,১৫ মার্চ (হি.স.):বর্তমানে করোনা আতঙ্কে ভুগছে দেশ থেকে রাজ্য ঊ হালকা হাচি কাসি বা জ্বর হলেই পরামর্শ নেওয়া হচ্ছে চিকিৎসকের ঊ আর তারই মাঝে জ্বর-সর্দি-কাশির মতো উপসর্গ থাকলেই রাজ্যের সমস্ত হাসপাতাল থেকে রোগীদের পাঠানো হচ্ছে বেলেঘাটা আইডি হাসপাতালে ঊ  কিন্তু সবাইকে ভর্তি নেওয়া যাবেনা পরিস্কার জানিয়ে দেয় বেলেঘাটা  আইডি হাসপাতাল।

হাসপাতাল  সূত্রে খবর,রাজ্যের সমস্ত হাসপাতাল থেকে জ্বর সর্দি,বুকে জল জমলেও রোগীদের পাঠানো হচ্ছে বেলেঘাটা আইডি হাসপাতালে ঊ  কিন্তু অত জায়গা নেই স্বেখানে ঊ সকলকে ভর্তি নেওয়া সম্ভব নয়ঊকিন্তু এতে সমস্যায় পরেছে রোগীরা।টানাপোড়েনের মাঝে পড়ে নাজেহাল হচ্ছেন তাঁরা ঊ আপাতত  করোনা-সন্দেহে বেলেঘাটা আইডিতে ভর্তি ১০ জন।


## জরুরী পরিষেবা



**হাসপাতাল : জিবি** : ২৩৫-৫৮৮৮ **আইজিএম** : ২৩২-৫৬০৬, **টি এম সি** : ২৩৭ ০৫০৪ **চক্ষুব্যাঙ্ক** : ৯৪৩৬৪৬২৮০০। **অ্যাম্বুলেন্স : একতা সংস্থা** : ৯৭৭৪৯৯৮৯৯৬ **ব্লু লোটাস ক্লাব** : ৯৪৩৬৫৬৮২৫৬, **শিবনগর মডার্ণ ক্লাব : ও আমরা তরুণ দল** : ২৫১-৯৯০০, **সেন্ট্রাল রোড দাতব্য চিকিৎসালয়** : ৭৬৪২৮৪৪৬৫৬ **রিলিভার্স** : ৯৮৬২৭৬৭৪২৮ **কর্ণেল চৌমুহনী যুব সংস্থা** : ৯৮৬২৫৭০১১৬/ **সংহতি ক্লাব** : ৮৭৯৪১ ৬ ৮২৮১, **অনীক ক্লাব** : ৯৪৩৬৪৮৭৪৮৩, ৯৪৩৬৪৬৪৬০১, **রামকৃষ্ণ ক্লাব** : ৮৭৯৪১৬৮৮১ **শতদল সংঘ** : ৯৮৬২৯৩৯৭৮০, **প্রগতি সংঘ (পূর্ব আড়ালিয়া)** : ৯৭৭৪১১৬৬২৪, **রেডক্রস সোসাইটি** : ২৩১-৯৬৭৮, **টিআরটিসি** : ২৩২৫৬৮৫, **এগিয়ে চলো সংঘ** : ৯৪৩৬১২১৪৮৮, **লালবাহাদুর দাতব্য চিকিৎসালয়** : ৯৪৩৬৫০৮৬৩৯, ৯৪৩৬১২১৪৮৮, **মানব ফাউন্ডেশন**: ২৩২৬১০০। **চাইল্ড লাইন** : ১০৯৮ (**টোলফ্রি : ২৪ ঘন্টা**)। **ব্লাড ব্যাঙ্ক : জিবি** : ২৩৫-৬২৮৮ (**পি বি এক্স**), **আইজিএম**: ২৩২-৫৭৩৬, **আই এল এস** : ২৪১৫০০০/৮৯৭৪০৫০৩০০ **কসমোপলিটন ক্লাব** : ৯৮৫৬০ ৩৩৭৭৬, **শববাহী যান : নব অঙ্গীকার** ৮৭৯৪৫১৪৩১১, **সেন্ট্রাল রোড যুব সংস্থা** : ৭৬৪২৮৪৪৬৫৬ **বটতলা নাগেরজলা স্ট্যান্ড ডেভেলাপমেন্ট সোসাইটি** : ০৩৮১-২৩৭-১২৩৪, ৮৯৭৪৮৬০৩৩৫, ৯৮৬২৭০২৮২৩, **সমাজ কল্যাণ ক্লাব** : ৯৭৭৪৬৭০২৪২, **সংযোগ সংঘ** : ৯৪৩৬১৬৯৫২১, ৯৮৫৬৮৬৭১২০, **ব্লু লোটাস ক্লাব** : ৯৪৩৬৫৬৮২৫৬, **ত্রিপুরা ট্রাক ওনার্স সিন্ডিকেট** : ২৩৮-৫৮৫২, **ত্রিপুরা ট্রাক অপারেটর্স অ্যাসোসিয়েশন** : ২৩৮-৬৪২৬, **রিলিভার্স** : ৮৮৩৭০৫৯৫৯৮, **কুঞ্জবন স্পোর্টিং ইউনিয়ন** : ৮৯৭৪৫৮১৮১০, **ত্রিপুরা ন্যায্যমূল্যের দোকান পরিচালক সমিতি** : ২৩৮১৭১৮, ৯৪৩৬৪৬৯৬৪৪, **সূর্য তোরণ ক্লাব (দুর্গা চৌমুহনী)** : ৮৭২৯৯১১২৩৬, **আগন্তুক ক্লাব** : ৭০০৫৪৬০০৩৫/ ৯৪৩৬৫৯১৮৯১, **ত্রিপুরা নির্মাণ শ্রমিক ইউনিয়ন** : ৮২৫৬৯৯৭ **ফায়ার সার্ভিস : প্রধান স্টেশন** : ১০১/২৩২-৫৬৩০, **বাধারঘাট** : ১০১/২৩৭-৪৩৩৩, **কুঞ্জবন** : ২৩৫-৩১০১, **মহারাজগঞ্জ বাজার** : ২৩৮ ৩১০১ **পুলিশ : পশ্চিম থানা** : ২৩২-৫৭৬৫, **পূর্ব থানা** : ২৩২-৫৭৭৪, **আমতলী থানা** : ২৩৭-০৩৫৮, **এয়ারপোর্ট থানা** : ২৩৪-২২৫৮, **সিটি কন্ট্রোল** : ২৩২-৫৭৮৪, **বিদ্যুৎ : বনমালীপুর** : ২৩২-৬৬৪০, ২৩০-৬২১৩। **দুর্গা চৌমুহনী** : ২৩২-০৭৩০, **জিবি** : ২৩৫-৬৪৪৮। **বড়দোয়ালী** : ২৩৭০২৩৩, ২৩৭১৪৬৪ **আইজিএম** : ২৩২-৬৪০৫। **বিমানবন্দর এয়ার ইন্ডিয়া** : ২৩৪১৯০২, ২৩৪-২০২০, **এয়ার ইন্ডিয়া টোল ফ্রি নম্বর** : ১৮৬০-২৩৩-১৪০৭, ১৮০০-১৮০-১৪০৭, **ইন্ডিগো** : ২৩৪-১২৬৩, **স্পাইস জেট** : ২৩৪-১৭৭৮, **রেল সার্ভিস : রিজার্ভেশন** : ২৩২-৫৫৩৩ **আন্তর্জাতিক বাস সার্ভিস : টি আর টি সি বিল্ডিং** : ২৩২-৫৬৮৫। **আগরতলা রেলস্টেশন** : ০৩৮১-২৩৭৪৫১৫।


## ১২০ বছরের পুরনো স্মৃতি বয়ে চলেছে বোসপাড়া লেনের এই বাড়িতে

কলকাতা, ১৫ মার্চ (হি.স.) : এ যেন একটা ঐতিহাসিক দিন। যার সঙ্গে জড়িয়ে আছে একটা বিশেষ সময়কালের অমলিন ঐতিহ্য। ১২০ বছর আগে এখানেই মেয়েদের স্কুল খুলেছিলেন আইরিশ বংশোদ্ভুত এক যুবতী। বৈভব ছেড়ে সারা জীবনের মত যিনি নিজের সঙ্গে জড়িয়ে নিয়েছিলেন বঙ্গসংস্কৃতি আর হিন্দু সনাতন জীবনধারা। অনেক ঘটনার মধ্যে দিয়ে সংস্কারের পর শেষ হল ঐতিহাসিক সেই স্কুল সংরক্ষণের কাজ। যেখানে ছোট ইটের গাঁথনির ঠাকুর দালানে আজও জেগে ১৮৯৮-র ১৩ নভেম্বর। রবিবারের এই সকালে বাড়ির সদরে বসেছে মঙ্গলঘট।

বাগবাজারে ১৬ নম্বর বোসপাড়া লেনের স্কুলে আগে প্রয়োজন আছে কিছু প্রাককথনের। ১৮৯৫ সালের নভেম্বর মাস। শীতের এক অপরাহ্নে লন্ডনে এক পারিবারিক আসরে স্বামী বিবেকানন্দ গিয়েছিলেন। সেখানে তাঁর বেদান্ত দর্শনের ব্যাখ্যা শুনে প্রীত হলেন সকলেই। কিন্তু ২৮ বছরের এক শিক্ষিকার জীবনবোধ যেন এক লহমায় বদলে গেল।

স্বামীজীর ধর্মব্যাখ্যা ও ব্যক্তিত্বে মুগ্ধ এবং অভিভূত ওই যুবতী এর পর স্বামীজীর প্রতিটি বক্তৃতা ও প্রশ্নোত্তরের ক্লাসে উপস্থিত থাকেন। তারপর বিবেকানন্দকেই নিজের গুরু বলে বরণ করে নেন। তৈরি হল একটা ইতিহাস। লেখা হয়ে গেল মার্গারেট এলিজাবেথ নোবেলের জীবনের চিত্রনাট্য।

এলিজাবেথের জন্ম ১৮৬৭ সালের ২৮ অক্টোবর উত্তর আয়ারল্যান্ডের ডানগ্যানন শহরে। তাঁর বাবা স্যামুয়েল রিচমন্ড নোবেল ছিলেন ধর্মযাজক। মা মেরি ইসাবেলা। মার্গারেটের যখন মাত্র দশ বছর বাবা মারা যান। তার পর দাদামশাই তথা আয়ারল্যান্ডের বিশিষ্ট স্বাধীনতা সংগ্রামী হ্যামিলটন তাঁকে লালনপালন করেন। মার্গারেট লন্ডনের চার্চ বোর্ডিং স্কুলে পড়াশুনা করেছিলেন। এরপর হ্যালিফ্যাক্স কলেজে তিনি এবং তাঁর বোন মেরি পড়াশুনা করেছিলেন। ১৮৮৪ সালে, সতেরো বছর বয়সে শিক্ষাজীবন শেষ করে মার্গারেট শিক্ষিকার পেশা গ্রহণ করেন। দুবছরের জন্য কেসউইকের একটি প্রাইভেট স্কুলে পড়ান। এরপরে একে একে রেক্সহ্যামে (১৮৮৬), চেস্টারে (১৮৮৯) এবং লন্ডনের উইম্বলডনে (১৮৯০) তিনি শিক্ষকতা করেন। কিছুদিন পরে ১৮৯৫ সালে উইম্বলডনে নিজে ”রাস্কিন স্কুল” উদ্বোধন করেন।

১৮৯৮ সালের ২৮ জানুয়ারি স্বদেশ ও পরিবার-পরিজন ছেড়ে মার্গারেট চলে আসেন ভারতে। এই সময় বিবেকানন্দের কাছে ভারতের ইতিহাস, দর্শন, সাহিত্য, জনজীবন, সমাজতত্ত্ব, প্রাচীন ও আধুনিক মহাপুরুষদের জীবনকথা শুনে মার্গারেট ভারতকে চিনে নেন। কয়েক দিন পর রামকৃষ্ণ পরমহংসের স্ত্রী সারদা দেবীর সঙ্গে তার সাক্ষাৎ হয়। এরপর ২৫ মার্চ স্বামী বিবেকানন্দ তাঁকে ব্রহ্মচর্য ব্রতে দীক্ষা দেন। তিনিই মার্গারেটের নতুন নাম রাখেন ‘নিবেদিতা’।

মেয়েদের লেখাপড়া শেখানোর জন্য নিবেদিতা উত্তর কলকাতা এখানে, মানে বোসপাড়া লেনে একটি মেয়েদের স্কুল খোলেন। সব কিছুর তদারকিতে ছিলেন ভগিনী নিবেদিতা। কালীপুজোর তিথিতে সেই ঠাকুর দালানে স্বামী বিবেকানন্দ, স্বামী ব্রহ্মানন্দ ও স্বামী সারদানন্দের উপস্থিতিতে নিবেদিতা বালিকা বিদ্যালয়ের উদ্বোধন করেছিলেন মা সারদা।

## রিমান্ডে

● প্রথম পাতার পর

দিয়েছেন আইনমন্ত্রী। তিনি বলেন, ঘটনা খুবই মর্মান্তিক। তিনি সংশ্লিষ্ট পরিবার পরিজনদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন। মামলার তদন্তের স্বার্থে সকলকে তথ্য দিয়ে সহযোগিতা করতে আহ্বান জানিয়েছেন আইনমন্ত্রী। তিনি বলেন, পুলিশ ঘটনার নিরপেক্ষ ও সুষ্ঠু তদন্ত করবে। অভিযুক্তরা দোষী প্রমাণিত হলে সর্বোচ্চ শাস্তির ব্যবস্থা করা হবে। শুধু তদন্তকার্যে নিরপেক্ষতা নয়, বিচার কার্যেও যাতে কেউ কোন ধরনের প্রভাব খাটাতে না পারে তা নিশ্চিত করা হবে। নিরপেক্ষ আইনজীবী নিয়োগ করা হবে। রাজ্য সরকার এ ধরনের ঘটনা কোনভাবেই বরদাস্ত করবে না বলে তিনি স্পষ্টভাবে জানিয়েছেন।

সরকারের পাশাপাশি প্রত্যেক গ্রামবাসীকে ওই শোকাহত পরিবারের পাশে দাঁড়াতে রতনবাবু আহ্বান জানিয়েছেন। বিজেপির প্রদেশ সভাপতি ডা. মানিক সাহা এ ধরনের ঘটনার তীব্র নিন্দা ও ধিক্কার জানিয়েছে। শোকাহত পরিবারের প্রতি তিনি সহমর্মিতা প্রকাশ করেছেন। দোষীদের কঠোর শাস্তিমূলক ব্যবস্থা করতে তিনি রাজ্য সরকারের প্রতি অনুরোধ জানিয়েছেন। দলের পক্ষ থেকে পরিবারটিকে সবধরনের সহযোগিতা করা হবে বলেও জানান বিজেপির প্রদেশ সভাপতি। যুবতি হত্যা কাণ্ডের ঘটনাকে পুঁজি করে কেউ যাতে রাজনৈতিক ফায়দা তোলার চেষ্টা না করেন সে বিষয়েও আইনমন্ত্রী সকলকে সতর্ক করেছেন।

নিবার মোহনপুরের রাঙাছড়ায় অগ্নিদগ্ধ হয়ে মৃত মন্টি দেবের পরিবারের সঙ্গে রাজ্য মহিলা কংগ্রেসের নেত্রীরা সাক্ষাত করতে গেলে কতিপয় দুস্কৃতিদের হাতে লাঞ্ছিত হয়। এরই প্রতিবাদে রবিবার রাজ্য মহিলা কংগ্রেসের পক্ষ থেকে পুলিশ মহানির্দেশকের নিকট অগ্নিদগ্ধ করে যুবতি হত্যার সঙ্গে জড়িতদের গ্রেপ্তারের পাশাপাশি মহিলা কংগ্রেস নেত্রীদের হেনস্থাকারীদের গ্রেপ্তারের দাবি জানিয়ে এক ডেপুটেশান প্রদান করা হয়। এই প্রসঙ্গে বলতে গিয়ে পুরনিগমের কাউন্সিলর রত্না দত্ত বলেন এধরনের ঘটনা গনতন্ত্রকে ধ্বংসের পরিচয় বহন করে।

## অধ্যক্ষ

● প্রথম পাতার পর

ফুঁসে প্রিন্সিপালের রুমের সামনে বিক্ষোভ দেখাতে থাকে ছাত্রছাত্রীরা।অষ্টম থেকে শুরু করে দ্বাদশ শ্রেণীর ছাত্র ছাত্রীরা এ আন্দোলনের অংশ গ্রহণ করে। সন্ধ্যা থেকে রাত্রি ১০ ঘটিকা পর্যন্ত আন্দোলন চলে। ছাত্রছাত্রীরা প্রিন্সিপাল ও ক্যান্টিন ইনচার্জের অপসারণ দাবি করে। ঘটনাস্থলে ছুটে আসেন ডিসি মানিক চক্রবর্তী, এসডিপিও রাজিব সূত্রধর, চুরাইবারি থানার ওসি জয়ন্ত দাস সহ বিশাল পুলিশবাহিনী। ডিসি মানিক চক্রবর্তী ঘটনাস্থলে এসে ছাত্রদের কাছ থেকে তাদের অভিযোগ সবিস্তারে শুনেন। তারপর ছাত্রদের একটি লিখিত অভিযোগ ডিসি মহোদয়ের হাতে তুলে দেওয়া হয়। ডিসি মানিক চক্রবর্তী ছাত্রদের আশ্বস্ত করেন যে, আগামীকাল অর্থাৎ সোমবার জেলা শাসকের নিকট অবগত করে ঘটনাটি দেখবেন। উনার আশ্বাসে আশ্বস্ত হয়ে ছাত্ররা তাদের বিক্ষোভ প্রত্যাহার করে।

## আইসোলেশন বেড

তিনের পাতার পর

যদিও এ বিষয়ে হাসপাতালের ভারপ্রাপ্ত ডাক্তার শুভদীপ মুখার্জী জানান এই ওয়ার্ডটি তৈরী শুধু মাত্র সন্দেহ প্রবন রোগীদের চিহ্নিত করে রাখা ও নির্দিষ্ট হাসপাতালে পাঠিয়ে দেওয়া,অযথা গুজব না ছড়ানোর আবেদন করেন। যেভাবে চারিদিকে নভেল করোনাভাইরাস ছড়াচ্ছে তার সুরক্ষার জন্য উত্তরপাড়া পৌরসভা সহযোগিতায় পুরচেয়ারম্যানের উদ্যোগে ও মাননীয়া মুখ্যমন্ত্রীর নির্দেশে এই পুরসভার স্বাস্থ্যকেন্দ্রে চারটি আইসোলেশন বেডের উদ্বোধন করলেন উত্তরপাড়া পুরচেয়ারম্যান দিলীপ যাদব।

রবিবার বেলা বারোটার সময়ে স্বাস্থ্য কেন্দ্রে পুরচেয়ারম্যান দিলীপ যাদবের বক্তব্য যদি কোরোনা ভাইরাসে আক্রান্ত রোগীর প্রাথমিক চিকিৎসাটা অন্তত এখানে রেখে করা যাবে ঊ যদি সেই রোগী আসে তার পরিপ্রেক্ষিতেই এই সুরক্ষার ব্যবস্থা আমরা করেছি। মাননীয়া মুখ্যমন্ত্রীর নির্দেশেই এই ব্যবস্থা করা হয়েছে ঊ আমরা মহামায়া স্বাস্থ্য কেন্দ্রে চারটি আইসোলেশন বেড তৈরি রেখেছি আপৎকালীন ব্যবস্থা হিসেবে।

এদিকে মহামায়া স্বাস্থ্যকেন্দ্র ঘুরে দেখা গেলো রোগীরা এসে ভিড় করেছেন চিকিৎসার জন্য। রোগীদের বক্তব্য চারিদিকে যে হারে করোনাভাইরাসের কথা শোনা যাচ্ছে তার জন্য এই মহামায়া স্বাস্থ্যকেন্দ্রে যে সুরক্ষার ব্যবস্থা করা হয়েছে চারটি আইসোলেশন বেড রাখা হয়েছে তার জন্য উত্তরপাড়া পুরসভাকে ধন্যবাদ জানাচ্ছি ঊ তার সঙ্গে পুরো চেয়ারম্যানকে ও বাংলার মুখ্যমন্ত্রীকে ধন্যবাদ জানালেন উত্তরপাড়ার কিছু বাসিন্দা।

## করোনা আতঙ্কে স্যানিটাইজার দিয়ে হাত ধুয়ে নিকো পার্কে প্রবেশ

কলকাতা, ১৫ মার্চ (হি.স): করোনা আতঙ্কে কপালে ভাঁজ পরেছে শহরবাসীর ঊ বলা যায় এক প্রকার রাতের ঘুম উড়তে বসার জোগার ঊ তবে,করোনা সতর্কতায় ফাঁক রাখতে চাইছেনা কেউ ঊ তাই এবার করোনা আতঙ্কে স্যানিটাইজার দিয়ে হাত ধুয়ে নিকো পার্কে প্রবেশঊরবিবার নিকো পার্কে এমনই দৃশ্য ধরা পরল।

করোনা সতর্কতায় কোমর বেঁধে নেমে পরেছে স্বাস্থ্য দফতর ঊ ইতিমধ্যেই করোনা মোকাবিলায় সক্ষম করে তোলার চেষ্টা চলছে কলকাতার সরকারি থেকে বেসরকারি হাসপাতাল গুলোকেও ঊ বলা হচ্ছে মাস্ক ব্যবহার করতে হাত ভাল করে স্যানিটাইজার দিয়ে ধুতে ঊ আর তাই এবার কোনও রকম ঝুঁকি নিতে চাইল না নিকো পার্কও ঊপার্কে প্রবেশ করতেই গেটে দাঁড়িয়ে থাকা নিরাপত্তারক্ষীরা প্রবেশকারীদের হাতে স্যানিটাইজার দিচ্ছেন ঊপাশাপশি করোনা সতর্কতায় চালানো হয়েছে সতর্কতা মূলক বাণীও।

## করোনার জেরে এবার বন্ধ শ্যুটিং

কলকাতা, ১৫ মার্চ (হি.স.) : করোনা আতঙ্কে জের এবার বলিউডেওঊ করোনা সতর্কতায় এবার শ্যুটিং বন্ধ বলিউডে। ১৯ মার্চ থেকে ৩১ মার্চ পর্যন্ত বন্ধ শ্যুটিং।

করোনা আতঙ্কে ঘুম উড়েছে দেশবাসীর ঊ আর তারই মাঝে বন্ধ বিনোদন ঊ বন্ধ বলিউডে সিনেমা, সিরিয়াল, ওয়েব সিরিজের শ্যুটিং ঊ১৯ মার্চ থেকে ৩১ মার্চ পর্যন্ত বন্ধ থাকবে শ্যুটিং। এমনটাই জানাল ইন্ডিয়ান মোশন পিকচার্স প্রডিউশার্স অ্যাসোসিয়েশন। রবিবার দুপুরে হওয়া সিনেমা সংগঠনগুলির মিলিত বৈঠকে এই সিদ্ধান্ত নেওয়া হচ্ছে। যতদিন না পর্যন্ত দেশে করোনার প্রকোপ ও আতঙ্ক কমছে ততদিন বন্ধ থাকবে শ্যুটিং।

## নকল মাস্ক বিক্রি কলেজস্ট্রিটে হানা ইবির

কলকাতা,১৫ মার্চ (হি.স.): করোনা আতঙ্কে ভুগছে কলকাতা।আর সেই সুযোগে ঝোপ বুঝে কোপ মারছে ওযুধ ব্যবসায়ীরাঊ আতঙ্কের মাঝেই নকল মাস্ক বিক্রি চলছে কলেজ স্ট্রিটে। রবিবার কলেজ স্ট্রিটে সেই ওযুধের দোকানে হানা দেয় ইবি-র আধিকারিকরা।

করোনা আতঙ্কে মুখে মাক্স পড়ে রাস্তায় বেরোতে বলছেন চিকিৎসকরা আর এবার তারই সুযোগ নিচ্ছে কিছু ওষুধের দোকান গুলো।কোথাও চড়া দামে তো কোথাও নকল মাস্কঊ খবর পেয়ে সেই ওষুধের দোকানে হানা দিল ইবি আধিকারিকরা। সেখানে গিয়ে তারা দেখতে পায় প্লাস্টিকের মাস্কঊআর সেখানে লেখা এন-৯৫।

সেটা দেখা মাত্রাই মাস্ক গুলো নষ্ট করে দেওয়ার নির্দেশ দেয় ইবি-র আধিকারিকরা। তাদের সামনে ওই মাস্ক নষ্ট করে দেয় দোকানদাররা।

## ১০৩২৩

● প্রথম পাতার পর

দিন ১০৩২৩ এর আন্দোলনকারীদের তরফ থেকে জানানো হয়েছে আটচল্লিশ ঘন্টার গণঅবস্থান সোমবার সকালে শেষ হওয়ার কথা। কিন্তু, সরকারের তরফ থেকে যেহেতু কোন সাড়া পাওয়া যায়নি তাই এই গণঅবস্থান অনির্দিষ্টকালের জন্য চলবে। সংগঠনের সভাপতি বিমল সাহা হুমকি দিয়ে বলেন, ১০৩২৩ আগামীদিনে আইন অমান্যের চাইতেও ভয়ানক আন্দোলন সংগঠিত করা হবে। যেভাবে বিজেপিকে ক্ষমতায় আনতে সাহায্য করেছে ১০৩২৩ তেমনি এখন ক্ষমতা থেকেও সরিয়ে দিতে চেষ্টা চালাবে।

১০৩২৩ নিয়ে রাজনীতির রং অনেক আগে থেকে পৃথক হয়ে রয়েছে। বামপন্থী মনোভাবাপন্ন সংগঠনের তরফ থেকে আবার নতুন করে আন্দোলন কর্মসূচী ঘোষণা দেওয়া হয়েছে। আমরা ১০৩২৩ ব্যানারে সতের মার্চ থেকে আগরতলায় সিটি সেন্টারের সামনে অনির্দিষ্টকালের জন্য গণধর্ণা আন্দোলন কর্মসূচী ঘোষণা করা হয়েছে। সংগঠনের তরফে ডালিয়া দাস এদিন এই আন্দোলন কর্মসূচি ঘোষণা করেছেন। তিনি জানিয়েছেন, রাজ্য সরকার তাদের চাকুরী বহাল রাখার ব্যবস্থা না করলে আন্দোলন জারি থাকবে।

প্রসঙ্গত, আগামীকাল সুপ্রিম কোর্টে ১০৩২৩ এর একটি মামলার শুনানি হওয়ার কথা রয়েছে। যদিও, সুপ্রিম কোর্ট ইতিপূর্বে রায় দিয়েছিল ৩১ মার্চ পর্যন্ত ১০৩২৩ চাকুরীতে বহাল থাকবেন। তারপর তাদের চাকুরী আর থাকবে না। সেই মোতাবের রাজ্য সরকারের তরফ থেকে শিক্ষা দপ্তরর এই শিক্ষকদের চাকুরীচ্যুতির যাবতীয় আইনী প্রক্রিয়ার নোটিশ পাঠিয়ে দিয়েছে।

## সরকার

● প্রথম পাতার পর

বেঙ্গালুরু নিয়ে যায় বলে অভিযোগ। এই দড়ি টানাটানির মধ্যেই মধ্যপ্রদেশ বিধানসভার অধ্যক্ষ নর্মদাপ্রসাদ প্রজাপতি বিদ্রোহী ৬ মন্ত্রীর ইস্তফা গ্রহণ করলে রাজ্যপাল লালজি টন্ডন সোমবার আস্থা ভোটের নির্দেশ দেন।

২৩০ আসনের মধ্যপ্রদেশ বিধানসভায় মোট বিধায়ক সংখ্যা ২২৮। সংখ্যাগরিষ্ঠতা পেতে ১১৫ জন বিধায়কের সমর্থন দরকার কোনও দলের। চার নির্দল বিধায়ক, দুই বহুজন সমাজ পার্টি-র বিধায়ক এবং এক জন সমাজবাদী পার্টিরবিধায়কের সমর্থনে এত দিন সেখানে ১২১টি আসন ছিল কংগ্রেসের দখলে। ২২ জন বিদ্রোহী বিধায়ক ইস্তফা দেওয়ার পর তাদের আসনসংখ্যা এসে দাঁড়ায় ৯৯-তে। নির্দল, বসপা এবং সপার তরফে সমর্থন তুলে নিলে সে ক্ষেত্রে তাদের পক্ষে থাকা বিধায়কের সংখ্যা দাঁড়াবে ৯১-তে। সে ক্ষেত্রে বিধানসভার ম্যাজিক সংখ্যা এসে ঠেকবে ১০৪-এ। বিজেপির কাছে যেহেতু ১০৭ জন বিধায়ক রয়েছে, তাই আস্থাভোট হলে তাদের জয়লাভে কোনও বাধা থাকবে না।

কিন্তু রবিবারও মধ্যপ্রদেশের কংগ্রেস নেতৃত্বের দাবি, তাঁরা আস্থাভোটে জয়লাভ করবেন। হরিশ রাওয়াত এ দিন ভোপাল বিমানবন্দরে বলেন, “আস্থা ভোটের জন্য আমরা প্রস্তুত। এমনকি বিদ্রোহী বিধায়কদের অনেকের সঙ্গেই আমাদের যোগাযোগ রয়েছে।” রাজ্যের মন্ত্রী কান্তিলাল ভুরিয়ার পাল্টা দাবি, “বিজেপির কমপক্ষে ৬ জন বিধায়ক আমাদের সঙ্গে যোগাযোগ করছেন। আমরা নিজেদের সংখ্যাগরিষ্ঠতা নিশ্চিত ভাবে প্রমাণ করব।”

ফলে রবিবার বিকেল থেকে আস্থাভোট হওয়া পর্যন্ত মধ্যপ্রদেশের কুর্সি দখলকে কেন্দ্র করে নাটক আরও জমে উঠতে পারে বলেই মনে করছেন রাজনৈতিক বিশ্লেষকরা। তবে মধ্যপ্রদেশ কংগ্রেসের একটি সূত্রে খবর, সোমবার আস্থাভোট এড়ানো যায় কী ভাবে তা নিয়েও দফায় দফায় বৈঠক করছেন শীর্ষ নেতারা। পরিস্থিতি মোকাবিলায় কমলনাথকেই দায়িত্ব দেওয়া হয়েছে। আইনি সংস্থানও খতিয়ে দেখছেন কংগ্রেস নেতৃত্ব।

## সভা অনুষ্ঠিত

আটের পাতার পর

বিজেপি এবং সিপিএমকে ক্ষমতা থেকে বাইরে রেখে সমমনোভাবাপন্ন দলগুলির সঙ্গে আঁতাত গঠনের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। প্রদেশ কংগ্রেস সভাপতি সাংবাদিকদের জানান এডিসি নির্বাচনের প্রাক্কালে ব্যাপক সংখ্যায় কংগ্রেস দলে যোগদান করছেন।

## রক্তদান শিবির

আটের পাতার পর

জন্মদিনে তিনি সকলের কাছে আহ্বান জানিয়েছেন নিয়মিতভাবে ৩-৪ মাস পরপর রক্তদানে এগিয়ে আসার জন্য। বিধায়ক সুদীপ রায় বর্মনের জন্মদিন উপলক্ষ্যে আয়োজিত রক্তদান শিবিরে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন বিধায়ক আশিস কুমার সাহা সহ সংগঠনের বিভিন্ন স্তরের নেতৃবৃন্দ ও কর্মী-সমর্থকরা।

## ওয়ার্ডে

● প্রথম পাতার পর

দুই নাজেরিয়ানের ব্যাপারে রবিবার করিমগঞ্জ জেলা যুগ্ম স্বাস্থ্য অধিকর্তা ডা. অনুপ কুমার দৈত্যারি বলেন, সতর্কতামূলক ব্যবস্থা হিসেবেই তাঁদের আইসোলেশনে রাখা হয়েছে। ডা. দৈত্যারি বলেন, কেন্দ্রীয় সরকারের নির্দেশে বিদেশ থেকে আগত যে কোনও ব্যক্তিকে ১৪ দিনের জন্য আইসোলেশনে রাখা হয়েছে। তাঁদের শরীরে করোনা ভাইরাস সংক্রমণের লক্ষণ আছে কি না তা পরীক্ষা করতেই আইসোলেশনের ব্যবস্থা, জানান জেলা স্বাস্থ্য যুগ্ম অধিকর্তা ডা. অনুপ দৈত্যারি। তিনি আরও জানান, প্রাথমিক ভাবে এই দুই নাইজেরিয়ার নাগরিককে ৪৮ ঘণ্টা আইসোলেশনে রাখা হবে। এর পর তাঁদের শারীরিক অবস্থা দেখে পরবর্তী পদক্ষেপ নেওয়া হবে।

প্রসঙ্গত, শনিবার রাত আনুমানিক দশটা নাগাদ অসম-ত্রিপুরা আন্তঃ রাজ্য সীমান্তবর্তী চোরাইবাড়ি চেকগেটে এক নৈশ বাসে রুটিন তাল্লাশি চালানোর সময় দুই বিদেশি নাগরিক পুলিশের চোখে ধুলো দিয়ে পালিয়ে যান। এএস ০১ জেসি ৮০৫২ নম্বরের স্বপ্না ট্র্যাভেলস-এর নৈশ বাসে চোরাইবাড়ি পুলিশ ওয়াচপোস্টের ইনচার্জ মিন্টু শীল তাঁর দলবল নিয়ে তাল্লাশি অভিযান চালিয়েছিলেন। বাসে মধ্যের সিটে উপবিষ্ট দুই বিদেশি নাগরিক তড়িৎগতিতে বাস থেকে নেমে জাতীয় সড়কের পাশের গভীর জঙ্গলে পালিয়ে গা ঢাকা দেয়। পুলিশ অফিসার মিন্টু শীল সময় নষ্ট না করে ব্যাটালিয়ানকে সঙ্গে নিয়ে জঙ্গলে চিরুনি তাল্লাশি চালান। কিছু সময়ের মধ্যেই পুলিশের হাতে সাফল্য আসে। অবৈধ ভাবে ভারতে প্রবেশকারী দুই বিদেশি নাগরিকের কাছ থেকে নাইজেরিয়া থেকে বাংলাদেশ আসার পাসপোর্ট পাওয়া গেলেও, ভারতে প্রবেশ করার কোনও বৈধ কাগজপত্র তাদের কাছে পায়নি পুলিশ।

পুলিশি জেরায় ধৃত দুই বিদেশি নাগরিক জানায়, তারা প্রথমে নাইজেরিয়া থেকে বাংলাদেশ আসে। মধ্যে কিছুদিনের জন্য তারা ব্যাঙ্কক গিয়েছিলো। সেখান থেকে পুনরায় বাংলাদেশ আসে। পরে বাংলাদেশ থেকে আগরতলা হয়ে তারা ভারতে প্রবেশ করে। গুয়াহাটি যাওয়ার উদ্দেশ্যেই তারা নৈশ বাসে চড়েছিল। ধৃত দুই নাইজেরিয়ান নাগরিকের নাম সিনেদু নাংশু (৩০) ও কানু কিংশলে (২৮) বলে জানিয়েছে পুলিশ। রবিবার সকালে ধৃত দুই নাইজেরিয়ার নাগরিককে বাজারিছড়া থানায় সমঝে দেন চোরাইবাড়ি ওয়াচপোস্টের ইনচার্জ মিন্টু শীল।

সাম্প্রতিককালে করোনা ভাইরাসের আতঙ্ক থাকায়, কেন্দ্রীয় সরকারের নির্দেশ অনুসারে জেলা পুলিশ প্রশাসন ধৃত দুই বিদেশি নাগরিককে করিমগঞ্জ অসামরিক হাসপাতালে আইসোলেশনে রেখেছে। আজ বেলা ২:০০ টা নাগাদ তাদের আইসোলেশন কক্ষে নিয়ে যাওয়া হয়েছে।

করোনা মহামারি থেকে দেশকে রক্ষা করতে সমগ্র দেশে কঠোর সতর্কতা জারি করা হয়েছে। বিদেশ থেকে আগত যে কোনও নাগরিককে ১৪ দিনের আইসোলেশনে রাখার জন্য কেন্দ্রীয় সরকারের কড়া নির্দেশ। দেশের প্রত্যেক রাজ্য সরকারকে এ ব্যাপারে কঠোর পদক্ষেপ নিতে কেন্দ্রী সরকারের পক্ষ থেকে বিভিন্ন সতর্কতামূলক নির্দেশ জারি করা হয়েছে।

এদিকে করিমগঞ্জ জেলায় করোনা ভাইরাস সংক্রমণের কোনও খবর এখন পর্যন্ত পাওয়া না গেলেও, এই মারণ ভাইরাস প্রতিরোধের খবরা-খবর নেওয়ার জন্য জেলা বিপর্যয় মোকাবিলা দফতরে কন্টোল রুম খোলার সিদ্ধান্ত নিয়েছেন জেলাশাসক আনবামুথান এমপি। আজ সন্ধ্যায় জেলাশাসকের কনফারেন্স হল-এ করোনা ভাইরাস মোকাবিলায় প্রশাসনিক প্রস্তুতি খতিয়ে দেখতে এক সভায় এই সিদ্ধান্ত নেন জেলাশাসক। সেই সঙ্গে জেলার অভিজ্ঞ ১০ জন চিকিৎসককে নিয়ে একটি রেপিড রেসপন্স টিম গঠন করা হয়েছে। প্রতিদিনের আপডেট জেলা প্রশাসনকে দেওয়ার নির্দেশ দেওয়া হয় এই রেপিড রেসপন্স টিমকে। করোনা ভাইরাস না ছড়ানোর জন্য রাজ্য সরকার কর্তৃক জারিকৃত সরকারি বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান, সিনেমা হল, শোপিং মল, সুইমিং পুল, জিমনাশিয়াম-সহ বিভিন্ন প্রতিষ্ঠান প্রকাশ্য কার্যক্রম আগামী ২৯ মার্চ পর্যন্ত বন্ধ ঘোষণা করা হয়েছে বলেও সভায় জানিয়ে দেওয়া হয়।

## মোদীর

● প্রথম পাতার পর

তিনি জানান সেই ফান্ডে ১ কোটি মার্কিন ডলার দিতে প্রস্তুত ভারত।

প্রধানমন্ত্রীর প্রস্তাবকে স্বাগত জানান অন্যান্য রাষ্ট্রের প্রধানরাও। আফগানিস্তানের প্রেসিডেন্ট আশরাফ গনির গলাতেও শোনা যায় মোদীর কথাই। তিনিও সতর্কতার সঙ্গে পরিস্থিতি মোকাবিলা করার কথা বলেন। মালদ্বীপের প্রেসিডেন্ট ইব্রাহিম মহম্মদ সোলি, সার্স মোকাবিলায় দিল্লির বন্ধুত্বপূর্ণ অবস্থানের প্রশংসা করেন। যেভাবে সে বার ভারত ওষুধ-অর্থ-চিকিৎসক দিয়ে সাহায্যের হাত বাড়িয়েছিল, তা ভূয়সী প্রশংসা শোনা যায় সোলির গলায়। এবারও ভারতের থেকে এমনই সাহায্য পাবেন বলেও আশা প্রকাশ করেন। সার্ক অন্তর্ভুক্ত দেশগুলিকে একজোট হয়ে কাজ করার আহ্বান জানান বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনাও।

এদিনের ভিডিও কনফারেন্সে মোদীর সঙ্গে যোগ দিয়েছিলেন বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা, আফগানিস্তানের প্রেসিডেন্ট আশরাফ গনি, নেপালের প্রধানমন্ত্রী কেপি শর্মা ওলি, ভুটানের প্রধানমন্ত্রী শেরিং তোবগে, মালদ্বীপের প্রেসিডেন্ট ইব্রাহিম মহম্মদ সলিহ, শ্রীলঙ্কার প্রেসিডেন্ট গোটাবে রাজাপাকসে এবং পাকিস্তানের প্রধানমন্ত্রী ইমরান খানের স্বাস্থ্য উপদেষ্টা জাফর মির্জা।

ভারতে লাফিয়ে বাড়ছে করোনা আক্রান্তের সংখ্যা। রবিবার সকালে কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রকের সর্বশেষ বিবৃতিতে জানানো হয়েছে যে গোটা দেশে করোনায় আক্রান্তের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ১০৭।

করোনার বাড়বাড়ন্ত রোখার জন্য ইতিমধ্যে সমস্ত শিক্ষা প্রতিষ্ঠান বন্ধের ঘোষণা করেছে দিল্লি, হরিয়ানা, পশ্চিমবঙ্গ, উত্তরপ্রদেশ, হরিয়ানার মতো রাজ্যগুলি। উত্তরাখন্ডের মতো পার্বত্য রাজ্যগুলিতে জনসমাগমের উপর নিষেধাজ্ঞা জারি করা হয়েছে। যে কোনও ধরণের সভা ও সমিতির উপর নিষেধাজ্ঞা জারি করা হয়েছে। নিয়মভঙ্গ করলে নেওয়া হবে কঠোর আইনি পদক্ষেপ বলে জানিয়েছেন রাজ্যের মন্ত্রী মদন কৌশিক। ২৯ মার্চ পর্যন্ত সমস্ত স্কুল, কলেজ, জিম, সিনেমা হল বন্ধের নির্দেশ দিয়েছে অসম সরকার। রাজ্য শিক্ষা পর্ষদ এবং সিবিএসসির পরীক্ষা ছাড়া সমস্ত পরীক্ষার নির্ঘন্ট পিছিয়ে দেওয়া হয়েছে।

অন্যদিকে সেনা ও আধা সেনার পর কোয়ারেন্টাইন গড়ার ক্ষেত্রে এগিয়ে এল দিল্লি পুলিশ। বিবৃতি জারি করে জানানো হয়েছে যে ঝারোডা কালান এবং ওয়াজিরাবাদের পুলিশের প্রশিক্ষণ কেন্দ্রে কোয়ারেন্টাইনের সুবিধা দেওয়া হবে। কেন্দ্রশাসিত চন্ডীগড়ে করোনাভাইরাসকে মহামারী হিসেবে আখ্যায়িত করা হয়েছে।

## সম্ভাবনা

● প্রথম পাতার পর

অনুসারে পরীক্ষার্থীর এবং শিক্ষক শিক্ষিকাদের পরীক্ষার হলে ঢোকার আগে সাবান কিংবা এলকোহল মিশ্রিত সেনিটাইজার দিয়ে হাত ধুতে হবে। এদিকে, আগামী ১৬ মার্চ থেকে বিশেষ প্রশিক্ষণ কর্মসূচি নিষ্ঠা স্থগিত রাখা হয়েছে। শিক্ষা দপ্তর নির্দেশিকা জারি করে এই ঘোষণা দিয়েছে।

করোনা ভাইরাসের জন্য আসন্ন এডিসি নির্বাচন পিছিয়ে দেওয়ার সম্ভাবনা দেখা দিয়েছে। এডিসি নির্বাচনের আগে সারা দেশে করোনা ভাইরাস নিয়ে পরিস্থিতি না শোধরালে এডিসি নির্বাচন পিছিয়ে দেওয়া হবে। সূত্রের খবর, এ বিষয়ে প্রশাসনিক স্তরে চিন্তা ভাবনা শুরু হয়েছে।

## মহিলার

● প্রথম পাতার পর

মৃত মালতিদেবীর পরিবারের সদস্যের মতো প্রতিবেশীরা পুলিশকে জানান, নেহাৎ অজ্ঞতাবশত তাঁরা মৃতদেহটি নামিয়েছেন।

এদিকে পুলিশ মিনতি ঘোষের মরদেহ ধর্মনগরের সরকারি হাসপাতালে ময়না তদন্তের জন্য পাঠিয়েছে। পুলিশ জানিয়েছে, এই মৃত্যুর রহস্য এবং কারণ সবটাই তদন্ত করে বের করা হবে।

# অঙ্গন

## নাইট শিবিরে ধাক্কা, আইপিএল খেলতে পারবেন না তাম্বে

আইপিএল শুরুর আগে কলকাতা নাইট রাইডার্স শিবিরে ধাক্কা। ২০২০ সালের আইপিএল-এ খেলতে পারবেন না প্রবীণ তাম্বে। ভারতীয় ক্রিকেট কন্টোল বোর্ডের এক কর্তা সোমবার বলেন, ""বিসিসিআই-এর নিয়ম অনুযায়ী আইপিএল-এ খেলতে হলে বিশ্বের অন্য কোনও ফ্র্যাঞ্চাইজি লিগে খেলতে পারবেনা ভারতীয়রা।""টি টেন-এর ড্রাফটের জন্য নিজের নাম পাঠিয়েছিলেন ৪৮ বছরের তাম্বে। সিন্ধির হয়ে গতবছর টি ১০ টুর্নামেন্টে খেলেছিলেন তিনি। এতে তাম্বে বোর্ডের নিয়ম লঙ্ঘন করেছেন বলে জানান বোর্ডের সেই কর্তা। এই কারণেই কেকেআর-এর হয়ে এ বার আইপিএল খেলা হবে না তাম্বের।

এ বারের নিলামে বেস প্রাইস ২০ লক্ষ টাকায় তাঁকে নিয়েছিল নাইটরা। তার পরেই তাম্বে বলেছিলেন, বয়স মাথায় রেখে তিনি মাঠে নামেন না। ফিটনেসের দিক থেকেও ভাল জায়গাতেই তিনি রয়েছেন। কিন্তু পরিবর্তিত পরিস্থিতিতে তাঁর মাঠে নামা হচ্ছে না।অস্ট্রেলিয়ার বিরুদ্ধে রেকর্ডের সামনে দাঁড়িয়ে ভারতের এই জুটি২০১৩ সালে আইপিএল অভিষেক ঘটেছিল তাম্বের। সেই সময়েই তাঁর বয়স ছিল ৪১। রাজস্থান রয়্যালস, গুজরাত লায়ন্স ও সানরাইজার্স হায়দরাবাদের হয়ে খেলার অভিজ্ঞতা রয়েছে এই প্রবীণ ক্রিকেটারের। আইপিএল-এ এখনও পর্যন্ত ৩৩টি ম্যাচ থেকে ২৮টি উইকেট নেন তিনি। আবু ধাবির টি ১০ টুর্নামেন্টখেলায় আইপিএল-এর দরজা বন্ধ হয়ে গেল তাম্বের জন্য।

খেলার অনুমতি পেলেন না তারকা স্পিনার, আইপিএল শুরুর আগেই ধাক্কা কেকেআরেরসংবাদ প্রতিদিন ডিজিটাল ডেস্ক: আইপিএল শুরু হওয়ার আগেই বড়সড় ধাক্কা খেল কলকাতা নাইট রাইডার্স।

এবছরের আইপিএলে খেলতে পারবেন না দলের বর্ষীয়ান স্পিনার প্রবীণ তাম্বে। বিসিসিআইয়ের নিয়মাবলী লঙ্ঘন করার জেরে আগামী আইপিএল থেকে নির্বাসিত করা হচ্ছে তাম্বেকে। সরকারিভাবে এখনও ঘোষণা করা না হলেও, আইপিএল চেয়ারম্যান ব্রিজেশ প্যাটেল একাধিক সর্বভারতীয় সংবাদমাধ্যমকে একথা জানিয়েছেন।প্রবীণের খেলা নিয়ে মূল বাধা ছিল বিসিসিআইয়েরই একটি নিয়ম। সেই নিয়ম অনুযায়ী, ভারতীয় ক্রিকেট নিয়ামক সংস্থার সঙ্গে চুক্তি থাকলে কোনও ক্রিকেটার অন্য কোনও টি-টোয়েন্টি বা টি-১০ টুর্নামেন্ট খেলতে পারেন না। বিসিসিআইয়ের সঙ্গে কোনও ক্রিকেটারের চুক্তি থাকলে, তিনি বিদেশের কোনও লিগে শুধুমাত্র ৪০ ওভার, ৩ দিন ও পাঁচদিনের ক্রিকেট খেলতে পারবেন।

তাও, বিসিসিআই এবং যে রাজ্যের হয়ে তিনি ক্রিকেট খেলেন, সেই রাজ্যের ক্রিকেট সংস্থার অনুমতি নিয়ে। মুশকিল হল, সম্প্রতি প্রবীণ তাম্বেকে দেখা গিয়েছে আবু ধাবিতে টি-১০ চ্যাম্পিয়নশিপে খেলতে। সেখানে রীতিমতো সফলও হন তাম্বে। একটি হ্যাটট্রিকও করেন তিনি।

এই টি-১০ টুর্নামেন্টে খেলেই বিপাকে পড়েছেন তাম্বে। বিসিসিআইয়ের শর্ত লঙ্ঘনের জেরে আইপিএল থেকে বরখাস্ত করা হল তাঁকে।

আগেই বিসিসিআই জানিয়ে দিয়েছিল, তাম্বের খেলা না খেলা নির্ভর করছে আইপিএল গভর্নিং কাউন্সিলের বৈঠকে।নিলামে প্রবীণ তাম্বেকে কিনে চমক দিয়েছিল কেকেআর। প্রথম ক্রিকেটার হিসেবে ৪৮ বছর বয়সে পেশাদার ক্রিকেট খেলার অনন্য নজিরের সামনে ছিলেন তাম্বে। মজার কথা হল, দলের কোচ ম্যাককালামের থেকেও দশ বছরের বড় প্রবীণ।

এর আগে রাজস্থান রয়্যালসের হয়ে আইপিএলে ভাল পারফর্ম করেছেন এই ৪৮ বছর বয়সী লেগ-স্পিনার। কেকেআর শিবির স্পিন বিভাগে গভীরতা বাড়ানোর উদ্দেশেই কিনেছিল প্রবীণকে। পীযূষ চাওলার পরিবর্ত হিসেবে কেনা হয়েছিল তাঁকে। কিন্তু, কেকেআরের কোনও উদ্দেশ্যই পূরণ হবে না। বিসিসিআইয়ের নিয়ম না মেনে টি-১০ টুর্নামেন্ট খেলায় নির্বসিত হতে হল প্রবীণকে।

## ভয়াবহ গাড়ি দুর্ঘটনায় আহত বিশ্বসেরা শাটলার


কুয়ালা লামপুর: বছরের প্রথম ট্রফি জয়ের রেশ কাটতে না কাটতেই ভয়াবহ গাড়ি দুর্ঘটনায় আহত হলেন বিশ্বের এক নম্বর ব্যাডমিন্টন তারকা কেনতো মোমোতা। ইন্দোনেশিয়া মাস্টার্সে চ্যাম্পিয়ন হওয়ার পর দেশে ফেরার বিমান ধরার আগেই তাঁকে হাসপাতালে ভর্তি হতে হয় নাকে ও মুখমণ্ডলে একাধিক চোট নিয়ে।মালয়েশিয়া মাস্টার্সে চ্যাম্পিয়ন হওয়ার পর মোমোতা দেশে ফেরার জন্য হোটেল থেকে বিমানবন্দরের উদ্দেশ্যে রওনা দিয়েছিলেন যে গাড়িতে, ভোর রাতে সেই গাড়িটিই দুর্ঘটনার কবলে পড়ে। ধীর গতিতে যাওয়া একটি ট্রাকের পিছনে ধাক্কা মারে তারকা শাটলারদের গাড়িটি। ঘটনাস্থলেই মৃত্যু হয় গাড়ির চালকের। জাপানি শাটলার ছাড়াও গাড়িতে উপস্থিত ছিল তাঁর কোচিং স্টাফরাও।কেনতোর নাকের হাড় ভেঙেছে। মুখে একাধিক জায়গায় কেটে গিয়েছে। আহত হয়েছেন তাঁর সহকারী কোচ, ফিজিও থেরাপিস্ট ও একজন ব্যাডমিন্টন অফিসিয়ালও।স্থানীয় সময় ভোর ৪টে ৪০ নাগাদ হাইওয়েতে এই দুর্ঘটনা ঘটে।

## আইপিএলে নেই নাইটদের নয়া অতিথি

মুম্বই: ডিসেম্বরে ত্রয়োদশ আইপিএলের নিলামে নতুন অতিথি হিসেবে নাইট রাইডার্সের স্কোয়াডে নাম লিখিয়েছিলেন তিনি। প্রবীণ ক্রিকেটার হিসেবে ত্রয়োদশ আইপিএলের নিলামে ডাক পেয়ে নজির গড়েছিলেন বছর আটচল্লিশের অভিজ্ঞ স্পিনার প্রবীণ তাম্বে। কিন্তু বিসিসিআই''য়ের নিয়মের গেড়োয় প্রবীণ ক্রিকেটার হিসেবে ফ্র্যাঞ্চাইজি লিগ আইপিলে খেলা হচ্ছে না তাঁর।কানাডার মাটিতে টি-১০ লিগে অংশগ্রহণ করায় আইপিএলের ত্রয়োদশ সংস্করণে খেলা হচ্ছে না তাম্বের। বিসিসিআই''য়ের কার্যনির্বাহী এক আধিকারিকের নিশ্চিত করেছেন এ বিষয়ে। বিসিসিআই''য়ের কার্যনির্বাহী ওই আধিকারিক জানিয়েছেন, ''বিসিসিআই''য়ের নিয়মে স্পষ্ট উল্লেখিত আছে আইপিএল খেলা কোনও ভারতীয় ক্রিকেটার বিশ্বব্যাপী অন্য কোনও ফ্র্যাঞ্চাইজি লিগে অংশগ্রহণ করতে পারবেন না। স্বাভাবিকভাবেই টি-১০ লিগের অংশগ্রহণ করে তাম্বের আইপিএল খেলার বিষয়টি বিসিসিআই''য়ের প্রোটোকল বিরোধী। সুতরাং তিনি আসন্ন আইপিএলে অংশগ্রহণ করতে পারবেন না।''বেস প্রাইস ২০ লাখ টাকায় ত্রয়োদশ আইপিএলে কলকাতা ফ্র্যাঞ্চাইজি নাইট রাইডার্সে নাম লেখানো তাম্বের আইপিএল অভিষেক হয়েছিল ২০১৩। ৪১ বছর বয়সে দেশের ফ্র্যাঞ্চাইজি ক্রিকেট লিগ অভিষেকে রাজস্থান রয়্যালসের হয়ে খেলেছিলেন এই লেগ-স্পিনার। এযাবত ৩৩টি আইপিএল ম্যাচে তাঁর নামের পাশে লেখা রয়েছে ২৮টি উইকেট।উল্লেখ্য, আসন্ন আইপিএলের নিলামে সবচেয়ে দামি ক্রিকেটার হয়েছেন অজি ফাস্ট বোলার প্যাট কামিন্স। ১৫.৫ কোটি টাকায় পার্পল ব্রিগেডে নাম লিখিয়ে ইতিহাস গড়েন তিনি। বেন স্টোকসকে ছাপিয়ে আইপিএলের ইতিহাসে সবচেয়ে দামি ক্রিকেটার তিনিই। আগামী ২৯ মার্চ শুরু হচ্ছে আইপিএলের ত্রয়োদশ সংস্করণ। ২৪মে ওয়াংখেড়ে স্টেডিয়ামে হবে টুর্নামেন্টের ফাইনাল।

## বুমরাহের বলে আউট বিরাট, তারপর যা বললেন ভারত অধিনায়ক

অস্ট্রেলিয়ার বিরুদ্ধে মাঠে নামার আগে নেট সেশনে বুমরাহের বলে আউট হলেন বিরাট কোহলি। এদিন মুম্বইয়ের ওয়াংখেড়েতে প্রস্তুতি করার সময় নেট সেশনের শেষ বলে জসপ্রীতের ডেলিভারিতে ক্যাপ্টেন কোহলি বোল্ড আউট হন। যারপর সতীর্থ বুমরাহের প্রশংসায় বিরাট।বিরাট বলেন, ''জসপ্রীত দেশের হয়ে চার বছর খেলছে। এই নিয়ে সম্ভবত দ্বিতীয়বার আমায় নেটে আউট করল। এর আগে সম্ভবত ২০১৮ সালে অ্যাডিলেডে একবার আমায় আউট করেছিল। এরপর বোধহয় এই দ্বিতীয়বার আমায় নেটে আউট করেছে। আমি আউট হয়ে খুশি, এই প্রতিযোগিতাটা আমার বেশ মজাই লাগে। বুমরাহ দারুণ ক্রিকেটার। বুমরাহের বিরুদ্ধে ব্যাটিং করা সবসময়ই চ্যালেঞ্জিং। ব্যাটিং করার সময় আমি সবসময়ই ওকে ছাপিয়ে যাওয়ার চেষ্টা করি।''শেষটায় মজা করে বিরাট জুড়েছেন, ''পরে বুমরাহের সঙ্গে দেখা হলে, জিজ্ঞাসা করবেন, আমাকে আউট করে ওর কেমন লাগলো।''প্রসঙ্গত ওডিআইয়ে এই মুহূর্তে বিশ্বের সেরা বোলার বুমরাহ। ওডিআইয়ে এখন ১ নম্বরে রয়েছেন জসপ্রীত। টেস্ট ও টি-টোয়েন্টিতেও বেশ ধারাবাহিক বোলার। চোটের কারণে এই মুহূর্তে অবশ্য বেশ কিছুদিন দলের বাইরে ছিলেন জসপ্রীত। সেপ্টেম্বরে দক্ষিণ আফ্রিকার বিরুদ্ধে ঘরের মাঠে সিরিজের আগে বুমরাহের পিঠের চোট ধরা পড়ে।যারপর ২০২০ সালে নতুন বছরে শ্রীলঙ্কার বিরুদ্ধে টি-টোয়েন্টি সিরিজ দিয় জসপ্রীত প্রতাবর্তন করেছেন। শ্রীলঙ্কার বিরুদ্ধে ২ টি-টোয়েন্টি ম্যাচে বুমরাহ ২ উইকেট পেয়েছে। এবার অস্ট্রেলিয়ার বিরুদ্ধে ওডিআই সিরিজে তাঁর বোলিং পারফর্ম্যান্সের দিকে তাকিয়ে ভারতীয় দল।






## করোনা আতঙ্ক! কর্তারপুর ভ্রমণের উপর নিষেধাজ্ঞা জারি কেন্দ্রের

নয়াদিল্লি, ১৫ মার্চ (হি.স.) : করোনাভাইরাস রোধে পাকিস্তানের কর্তারপুর যাওয়ার উপর নিষেধাজ্ঞা জারি করল কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রক।
ভারতে ইতিমধ্যেই করোনায় আক্রান্তের সংখ্যা ৯৩। এমন পরিস্থিতিতে করোনায় আক্রান্ত পাকিস্তানে যাওয়ার উপর নিষেধাজ্ঞা জারি করল কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রক। এক ট্যুইটবার্তায় কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রকের তরফ থেকে জানানো হয়েছে যে করোনাভাইরাসের বাড়বাড়ন্ত রোধে সতর্কতামূলক ব্যবস্থা হিসেবে শ্রী কর্তারপুর সাহেবে ভ্রমণ এবং সেই সংক্রান্ত রেজিস্ট্রেশন সাময়িক সময়ের জন্য বন্ধ করে দেওয়া হয়েছে। ১৬ মার্চ রাত ১২ থেকে এই নিয়ম বলবত হবে। পরবর্তী নির্দেশিকা না আসা পর্যন্ত এই নির্দেশ জারি থাকবে।
উল্লেখ করা যেতে পারে ইতিমধ্যে অন্যান্য প্রতিবেশী দেশগুলির সঙ্গে যেমন বাংলাদেশ, নেপাল, ভুটান, মায়ানমারে থেকে স্থলে পথে যাত্রী আসা যাওয়া ১৫ মার্চ থেকে বন্ধ করে দেওয়া হয়েছে।

## পুণে করোনায় আক্রান্তের সংখ্যা বেড়ে ১৫

পুণে, ১৫ মার্চ (হি.স.) : করোনাভাইরাসে মহারাষ্ট্রের পুণেতে নতুন করে আক্রান্ত পাঁচজন। ফলে সব মিলিয়ে আক্রান্তের সংখ্যা বেড়ে দাঁড়াল ১৫ বলে রবিবার জানিয়েছেন পুণের জেলাশাসক নাভাল কিশোর রাম। জেলাশাসক জানিয়েছেন, পুণের পিমপ্রি-চিনছওয়াড়ে বাসিন্দা ওই পাঁচজনের বিদেশভ্রমণ করে এসেছিল। বর্তমানে তাদের চিকিৎসা চলছে নাইডু হাসপাতালে। চিকিৎসকেরা জানিয়েছেন ওই পাঁচজনের শারীরিক অবস্থা এখন স্থিতিশীল। ইতিমধ্যে গোটা মহারাষ্ট্রে মহামারীরোধী আইন কার্যকর করা হয়েছে। জিমনাসিয়াম, প্রেক্ষাগৃহ, সিনেমা হল, মল, সুইমিং পুল বন্ধ করে দেওয়া হবে।

## মেট্রোয় ঝাঁপ দিয়ে আত্মহত্যার চেষ্টা

কলকাতা,১৫ মার্চ (হি.স.): মেট্রোয় আত্মহত্যার প্রবণতা যেন দিন দিন বেড়েই চলেছে । ফের রবিবার ছুটির বেলায় মেট্রোয় ঝাঁপ। রবীন্দ্র সরোবর মেট্রো স্টেশনে ঝাঁপ দিয়ে আত্মহত্যার চেষ্টা করে এক ব্যক্তি। ফলে কিছুক্ষণ মেট্রো চলাচল বন্ধ থাকে।
রবিবার ঘড়িতে তখন, সকাল ১০টা ৩৫ মিনিট উ হঠাৎই রবীন্দ্র সরোবর মেট্রো স্টেশনে ঝাঁপ দিয়ে আত্মহত্যার চেষ্টা করেন মাঝবয়সি এক ব্যক্তি । নোয়াপাড়াগামী মেট্রোর সামনে ঝাঁপ দেওয়ায় বন্ধ হয়ে যায় কবি সুভাষ থেকে নোয়াপাড়া যাওয়ার মেট্রো পরিষেবা উ খানিক পরই পরপর ট্রেন দাঁড়িয়ে পড়ায় ডাউন লাইনেও পরিষেবা বন্ধ করে দিতে হয় । তবে, দ্রুত পরিষেবা স্বাভাবিক করে মেট্রো রেল কর্তৃপক্ষ।

## করোনা পরীক্ষা নেগেটিভ ট্রাম্পের

ওয়াশিংটন, ১৫ মার্চ (হি.স.) : মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের শরীরে নেই করোনাভাইরাস।শনিবার হোয়াইট হাউজের তরফে বিবৃতি জারি করে এমন জানিয়েছেন প্রেসিডেন্টের ব্যক্তিগত চিকিৎসক সিওন কনলি। সম্প্রতি ব্রাজিলিয়ান প্রতিনিধিদের সঙ্গে ফ্লোরিডায় নৈশভোজ করেছিলেন প্রেসিডেন্ট ট্রাম্প। তারপরেই স্বেচ্ছা শারীরিক পরীক্ষার মধ্যে দিয়ে যান ট্রাম্প। সকলকে আশ্বস্ত করে সিওন কনলি জানিয়েছেন রাষ্ট্রপতির শরীরে করোনার কোন ভাইরাস নেই।
প্রেসিডেন্ট বিপদমুক্ত থাকলেও অন্যদিকে মারণ করোনাভাইরাসে জেরবার অবস্থা মার্কিনিদের। শনিবার পর্যন্ত ২৭২৬ জন করোনায় আক্রান্ত হয়েছেন। প্রাণ হারিয়েছেন ৫৪জন।



রবিবার আইনমন্ত্রী রতন লাল নাথ রাঙাছড়ার ঘটনার পরিদর্শনে যান। ছবি- নিজস্ব।

## বিলোনীয়ায় সাঁই বাবার মন্দিরে বাৎসরিক অনুষ্ঠান শুরু ২রা এপ্রিল

**নিজস্ব প্রতিনিধি, বিলোনীয়া, ১৫ মার্চ।।** বিলোনিয়া মাইছড়া কলাবাড়িয়াতে সাঁই বাবার মন্দির প্রাঙ্গণে রামনবমী উপলক্ষে এপ্রিলের দুই তারিখ থেকে তিন তারিখ পর্যন্ত দুই দিন ব্যাপী শুরু হতে যাচ্ছে চতুর্থ বাৎসরিক অনুষ্ঠান। এই অনুষ্ঠানকে সাফল্য মন্ডিত করে তোলার লক্ষ্যে সকলের সহযোগিতা কামনার আহ্বানে মন্দির প্রাঙ্গণে রবিবার সকালে অনুষ্ঠিত হয় সাংবাদিক সম্মেলন। আহূত সাংবাদিক সম্মেলনে মন্দির প্রতিষ্ঠাতা জগদীশ মজুমদার জানান দোসরা এপ্রিল সকাল থেকে শুরু হবে নামযজ্ঞ অনুষ্ঠান , সন্ধ্যায় সন্ধ্যারতী সহ ধর্মামুলক অনুষ্ঠান।তেসরা এপ্রিল দুপুর থেকে শুরু হবে মহাপ্রসাদ বিতরন। সকলের সাদর আমন্ত্রণ করে সহযোগিতার আহ্বান জানান মন্দির প্রতিষ্ঠাতা জগদীশ মজুমদার।
২০১৫ সালের মাঝামাঝি সময়ে মাইছড়া কলাবাড়িয়া রাস্তার পাশে চার কানি জায়গার মধ্যে দুই কানি জায়গা মন্দিরের নামে দান করে জগদীশ মজুমদার। শুরু হয় সাঁই বাবার মন্দিরের কাজ। ২০১৬ সালের শেষের দিকে জগদীশ মজুমদারের ঐকান্তিক প্রচেষ্টায় গড়ে উঠে মন্দিরটি। ২০১৭ সালে মন্দিরের দ্বার উদঘাটন করে জনসাধারণের জন্য উন্মুক্ত করা হয়। এই সাঁই বাবার মন্দিরে শেতপাথরের সাঁই বাবার বিগ্রহের পাশাপাশি প্রবেশ দ্বারে রয়েছে গনেশ ও মাতা রাজ লক্ষ্মির বিগ্রহ।

## কংগ্রেসের বর্ধিত সভা অনুষ্ঠিত

**নিজস্ব প্রতিনিধি, আগরলা, ১৫ মার্চ।।** রবিবার কংগ্রেস ভবনে কংগ্রেসের একবর্ধিত সভা অনুষ্ঠিত হয়।বর্ধিত সভায় এডিসি নির্বাচনের রনকৌশল নিয়ে বিস্তারিত আলোচনা হয়। বর্ধিত সভা থেকে এডিসি নির্বাচনের কর্মসূচী গ্রহণ করা হয়। বর্ধিত সভায় বিভিন্ন ব্লক ও জেলা নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। স্থানীয় নেতাদের মতামতকে গুরুত্ব দিয়ে এডিসি নির্বাচনের প্রার্থী মনোনিত করা হবে। **ছয়ের পাতায় দেখুন**

## দক্ষিণ কাশ্মীরে নিকেশ চার লস্কর জঙ্গি

অনন্তনাগ, ১৫ মার্চ (হি.স.) : কেন্দ্রশাসিত জম্মু ও কাশ্মীরে জঙ্গি দমনে বড়সড় সাফল্য। নিরাপত্তা বাহিনীর গুলিতে নিকেশ চার লস্কর-ই-তৈবার জঙ্গি।
রবিবাসরীয় সকালে গোপন সূত্র থেকে খবর পেয়ে দক্ষিণ কাশ্মীরের অনন্তনাগের ওয়াতেরিংগামে তল্লাশি অভিযান চালায় রাষ্ট্রীয় রাইফেলস, সিআরপিএফ, জম্মু ও কাশ্মীর পুলিশের স্পেশ্যাল অপারেশন গ্রুপ নিয়ে গঠিত যৌথবাহিনী। সামরিক পরিভাষায় এই ধরণের তল্লাশি অভিযানকে কর্ডন এন্ড সার্চ বলা হয়। এদিন অভিযান চলার সময় তল্লাশিরত জওয়ানদের লক্ষ্য করে গুলি চালায় জঙ্গিরা। শুরু হয় দুই তরফের তুমুল গুলির লড়াই। সংঘর্ষ চার লস্কর জঙ্গিকে খতম করা হয়। নিহত জঙ্গিদের কাছ থেকে বিপুল পরিমাণে আগ্নেয়াস্ত্র বাজেয়াপ্ত করা হয়েছে।

## চড়িলামে বিভিন্ন বুথে জনসম্পর্ক অভিযান

**নিজস্ব প্রতিনিধি, চড়িলাম, ১৫ মার্চ।।** রবিবার ১৯ চড়িলাম বিধানসভার উত্তর ব্রজপুর এলাকার নয় দশ এবং বার নাম্বার বুথে এক জনসম্পর্ক অভিযান অংশ নেয় চড়িলাম মন্ডল সভাপতি । জনসম্পর্কে উপস্থিত ছিলেন চড়িলাম মন্ডল সভাপতি রাজকুমার দেবনাথ, এছাড়াও উপস্থিত ছিলেন উত্তর ব্রজপুর পঞ্চায়েত প্রধান মণি দেবনাথ, চড়িলাম বিধানসভার যুবমোর্চার সভাপতি গোপাল শর্মা,এবং সিপাহিজলা জেলার উওরাংশে বিশিষ্ট রাজনীতিবিদ অমল দেবনাথ, সিপাহিজলা জেলার উওরাংশে যুবমোর্চার দায়িত্ব প্রাপ্ত নেতা শ্যামল দেবনাথ, এবং উওর ব্রজপুর এলাকার গোপাল দেবনাথ, ও বিমল দেবনাথ সহ অন্যানরা।আজকের এই জনসম্পর্ক অভিযানে সমস্ত এলাকার মানুষদের সাথে তাদের সুযোগ সুবিধা নিয়ে আলোচনা করা হয়েছে। তাছাড়া আজ থেকে দু বছর আগে ত্রিপুরা রাজ্যে বিজেপি আই পি এফ টি জোট সরকার ক্ষমতায় এসেছে। জোট সরকারের মূল লক্ষ্য এক ত্রিপুরা শ্রেষ্ঠ্য ত্রিপুরা গড়ার এবং সেই দিকে সরকার সাফল্যের দিকে এগিয়ে যাচ্ছে।
এক ত্রিপুরা শ্রেস্ঠ্য ত্রিপুরা এই শ্লোগানকে সামনে রেখে রাজ্যের মুখ্যমন্ত্রী এবং এলাকার বিধায়ক তথা রাজ্যের উপমুখ্যমন্ত্রী যিশু দেববর্মা দিন রাত কাজ করে যাচ্ছেন। বিগত দু বছরে সমগ্র রাজ্যের পাশাপাশি উওর ব্রজপুর এলাকায়ও বিভিন্ন উন্নয়নমূলক কাজ করেছে রাজ্যের জোট সরকার।শুধু তাই নয় উওর ব্রজপুর এলাকার বিভিন্ন অলি গলির রাস্তাঘাট যেগুলি বিগত বাম আমলে চলাচল করা সম্ভব ছিল না কিন্তু বামপন্থী নেতারা সেই দিকে কোন নজর না দিয়ে রাস্তার কাজ গুলির টাকা আত্মসাৎ করে নিয়েছে সেই অলি গলির রাস্তাগুলো তৈরী করে এলাকার মানুষদের চলাচলের সুবিধা করা হচ্ছে। রাস্তার পাশাপাশি বিভিন্ন রাস্তার দুপাশে ড্রেইন করা হয়েছে এবং উওর ব্রজপুর বিদ্যালয়ে ছাএদের জন্য সাইকেল স্টেন করা হয়েছে এবং ইতিমধ্যে বিদ্যালয়ে যোল রুম বিশিষ্ট দ্বিতল ভবনের কাজ শুরু হবে বলে জানিয়েছেন উপমুখ্যমন্ত্রী।
এছাড়াও এলাকায় সোলার লাইট লাগিয়ে এলাকাকে আলোকিত করা হয়েছে, চৌষট্টি জলের সাপ্লাই কানেকশন দেওয়া হয়েছে, ছোট ব্যবসা করার জন্য ত্রিশ জনকে আর্থিক সাহায্য করা হয়েছে এগুলো ছাড়াও এলাকায় বিভিন্ন উন্নয়নমৃলক কাজ করেছে রাজ্যের বিজেপি জোট সরকার।এই উন্নয়নমৃলক কাজগুলোকে সামনে রেখে এবং এলাকার জনসাধারনের কি কি সমস্যা রয়েছে এবং সেগুলো যাতে অতিসত্বর সমাধান করা যায় এই লক্ষে আজ এই জনসম্পর্ক করা হয়েছে।

## বিধায়ক সুদীপ বর্মনের জন্মদিন উপলক্ষে স্বেচ্ছায় রক্তদান শিবির

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৫ মার্চ ।।** রবিবার জিবি হাসপাতালে রক্তদানের মধ্য দিয়ে বিধায়ক সুদীপ রায় বর্মনের জন্মদিন পালিত হয়। রাজ্যের বিভিন্ন স্থান থেকে অনুগামীরা ছুটে আসেন রক্তদান শিবিরে। বিধায়ক সুদীপ রায় বর্মনের জন্মদিনে জিবি হাসপাতালে রবিবার এক মহতী রক্তদান শিবির অনুষ্ঠিত হয়। রাজধানী আগরতলা শহ রাজ্যের বিভিন্ন স্থান থেকে দলীয় নেতা-কর্মী সমর্থক ও বিশেষ করে অনুগামীরা আগরতলার জিবি হাসপাতালে ছুটে আসেন সুদীপবাবুর জন্মদিনে রক্তদান করতে। রাজ্যে কোন বিধায়কের জন্মদিনে রক্তদান শিবির ইতিপূর্বে হয়েছে কিনা জানা নেই। তবে বিধায়ক সুদীপ রায় বর্মনের প্রতি অনুগামীরা যে কতটা সহানুভূতিশীল রক্তদানের মধ্য দিয়ে সেই বার্তা তারা পৌঁছে দেবার চেষ্টা করেছেন। জিবি হাসপাতালে রক্তদান অনুষ্ঠানে সুদীপবাবু বলেন, জন্মদিনে এর চেয়ে ভালো কাজ আর কিছু হতে পারে না। এটি সবচেয়ে তৃপ্তিলাভ বলে তিনি উল্লেখ করেন। **ছয়ের পাতায় দেখুন**

## করোনা আতঙ্ক! পিছিয়ে গেল পঞ্চায়েতের নির্বাচন

অমরাবতী, ১৫ মার্চ (হি.স.) : করোনাভাইরাসের জেরে ছয় সপ্তাহ পিছিয়ে গেল অন্ধ্রপ্রদেশের পঞ্চায়েত নির্বাচনের ভোটগ্রহণ। পরিস্থিতি স্বাভাবিক হলেই ভোটগ্রহণের নতুন নির্ঘণ্ট ঘোষণা করা হবে বলে জানিয়েছেন রাজ্য নির্বাচন কমিশনার এন রমেশ কুমার। প্রশাসনের উচ্চপর্যায়ের বৈঠকের পর এমন সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে জানিয়েছেন তিনি। উল্লেখ করা যেতে পারে আগের ঘোষণা অনুযায়ী ২১ মার্চ প্রথম দফার ভোটগ্রহণ পঞ্চায়েত নির্বাচনের জন্য শুরু হওয়ার কথা ছিল। নতুন নির্দেশিকায় তা ছয় সপ্তাহ পিছিয়ে গেল। এখনও পর্যন্ত গোটা দেশে করোনাভাইরাসে আক্রান্ত হয়েছে ৯৩ জন। এই ভাইরাস যাতে আর ছড়াতে না পারে সেই জন্য সতর্কতামূলক ব্যবস্থা হিসেবে পিছিয়ে দেওয়া হল ভোট।

## জম্মু ও কাশ্মীরে গ্রেফতার দুই জঙ্গি

শ্রীনগর, ১৫ মার্চ (হি.স.) : তল্লাশি চালিয়ে জম্মু ও কাশ্মীর থেকে গ্রেফতার দুই জঙ্গি।
রবিবার প্রশাসনের তরফ থেকে জানানো হয়েছে যে গোপন সূত্র থেকে খবর পেয়ে শনিবার রাতে দক্ষিণ কাশ্মীরের কুলগামের মালপোরার জাতীয় সড়ক থেকে এক জঙ্গিকে গ্রেফতার করেছে পুলিশ। জানা গিয়েছে ধৃত জঙ্গির নাম পারভেজ আহমেদ। খুদওয়ানি এলাকার বাসিন্দা এই জঙ্গি লস্করের ওভার গ্রাউন্ড ওয়ার্কার হিসেবে কাজ করত। ধৃতের কাছ থেকে ৩.৭০ লক্ষ টাকা বাজেয়াপ্ত করা হয়েছে। জিজ্ঞাসাবাদের জন্য তাকে পরে থানায় নিয়ে যাওয়া হয়েছে।
অন্যদিকে বারামুল্লা জেলায় কর্ডন এন্ড সার্চ অপারেশন চালিয়ে দানিশ কাকরু নামে অপর এক জঙ্গিকে গ্রেফতার করা হয়েছে। ধৃত জঙ্গি চিস্তি কলোনীর বাসিন্দা বলে জানা গিয়েছে।

# ইরান ফেরত ২৩৬ জনকে রাখা হল কোয়ারেন্টাইনে

জয়সলমের, ১৫ মার্চ (হি.স.) : ইরান থেকে উদ্ধার করে ২৩৬ ভারতীয়কে দেশে ফেরানো হয়েছে। বর্তমানে তাদের রাজস্থনের জয়সলমেরের সেনাবাহিনীর তৈরি কোয়ারেন্টাইনে রাখা হয়েছে। রবিবার সকালে এয়ার ইন্ডিয়ার দুইটি যাত্রীবাহী বিমানে করে তাদের দেশে ফেরত আনা হয়।
যে ২৩৬ জন ভারতীয়কে উদ্ধার করা হয়েছে তাদের মধ্যে ১০০ জন পুরুষ এবং ১৩৬ জন মহিলা। রবিবার প্রতিরক্ষা মন্ত্রকের জনসংযোগ আধিকারিক কর্নেল সম্বিত ঘোষ জানিয়েছেন, ১৪ দিন ধরে ২৩৬ জনকে কোয়ারেন্টাইনে রাখা হবে। চিকিৎসকদের নজরদারি থাকবে এই সকল নাগরিকদের উপর।
উল্লেখ করা যেতে পারে করোনাভাইরাসে দাপটে চিনের পর জেরবার অবস্থা দক্ষিণ কোরিয়া, ইরান এবং ইতালি। কিছুদিন আগে সংসদে দাঁড়িয়ে বিদেশমন্ত্রী এস জয়শঙ্কর জানিয়েছেন ইরানে আটকে ভারতীয়দের শীঘ্র উদ্ধার করা হবে। সেই মতো ২৩৬ জনকে দেশে ফিরিয়ে আনা হয়।

## ত্রিপুরার মহারাজাদের শান্তিনিকেতনে স্বীকৃতি প্রদানের দাবীতে মুখ্যমন্ত্রীর দ্বারস্ত পূর্বোদয় সংস্থা

**আগরতলা ১৫ মার্চ।।** আজ মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেবের কাছে তাঁর সরকারি আবাসে পূর্বোদয় সংস্থার পক্ষ থেকে এক স্মারকলিপি দেয়া হয়। যাতে রাজ্য সরকার ত্রিপুরার মহারাজাদের শান্তিনিকেতন ও কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের জন্য যে বিশেষ সহায়তা ছিল তার সঠিক মূল্যায়ন যেন বিশ্বভারতী করে, এজন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের দাবী তোলা হয়।
উল্লেখ্য গত ২১ শে ফেব্রুয়ারি পূর্বোদয় -এর এক প্রতিনিধি দল সংস্থার সাধারণ সম্পাদিকা নীতি দেবের নেতৃত্বে শান্তিনিকেতনে গিয়ে লিখিত ভাবে বিশ্বভারতীর উপাচার্য অধ্যাপক বিদ্যুৎ চক্রবর্তীর কাছে এক স্মারক লিপি প্রদান করেন। যাতে মহারাজা বীরচন্দ্র কিশোর মানিক্য বাহাদুর থেকে মহারাজা বীরবিক্রম কিশোর মানিক্য বাহাদুর পর্যন্ত ত্রিপুরার মহারাজারা কিভাবে শান্তিনিকেতন কে সাহায্য করেছেন, শান্তিনিকেতনকে এক সময় বাঁচিয়ে রেখেছিলেন, বা কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুর এর অনুরোধে অন্যান্য ক্ষেত্রেও কিভাবে ত্রিপুরার মহারাজারা আর্থিক ইত্যাদি সহায়তা করেছিলেন তার বিশদ উল্লেখ করা হয়। একই সাথে অনুরোধ করা হয় বিশ্বভারতী যেন ত্রিপুরার মহারাজাদের এই অবদান স্বীকার করে শান্তিনিকেতনে ত্রিপুরার মহারাজাদের প্রতি কৃতজ্ঞতা স্বরূপ কোনো সম্মানের ব্যবস্থা করেন। উপাচার্য অধ্যাপক চক্রবর্তী পূর্বোদয়-এর এই উদ্যোগকে স্বাগত জানান এবং প্রতিশ্রুতি দেন তিনি এ বিষয়ে কিছু করা যায় কিনা দেখবেন। তবে তিনি জানান শান্তিনিকেতনের নিয়ম অনুযায়ী কারো প্রতিমূর্তি এখানে বসানো যায় না , তবে অন্যভাবে ত্রিপুরা মহারাজাদের সহায়তা কে কিভাবে স্বীকৃতি দেয়া যায় সেটা তিনি অবশ্যই দেখবেন। উপাচার্য শান্তিনিকেতন ও ত্রিপুরার মধ্যে সাংস্কৃতিক আদান প্রদান এর উপর বিশেষ গুরুত্ব আরোপ করেন।এ জন্য তিনি সরকারি বা বেসরকারি ভাবেও যেকোনো প্রচেষ্টাকে স্বাগত জানান।
এদিন মুখ্যমন্ত্রীকে বিষয়টিতে সক্রিয় ভূমিকা নেবার আহ্বান জানানো হয়। মূখ্যমন্ত্রীও প্রতিনিধি দলকে এবিষয়ে আশ্বস্ত করেছেন।
প্রতিনিধি দলে ছিলেন পূর্বোদয় সংস্থার সভাপতি অলকা সিনহা সহ অন্যান্যরা।

## এডিসি ভোট ঃ রাইমাভ্যালীতে বিজেপি ও আইপিএফটির সভা অনুষ্ঠিত

**নিজস্ব প্রতিনিধি, গন্ডাছড়া, ১৫ মার্চ।।** এডিসি নির্বাচনকে সামনে রেখে রবিবার রাইমাভ্যালীতে শাসক দল বিজেপি এবং আইপিএফটির পৃথক পৃথক সভা অনুষ্ঠিত হয়। এই দিন আইপিএফটির জগবন্ধু পাড়া অঞ্চল কমিটির উদ্যোগে এক সভা অনুষ্ঠিত হয়।এর আগে দলীয় কর্মী সমর্থকদের নিয়ে একটা মিছিল জগবন্ধু পাড়া বাজারের বিভিন্ন পথ পরিক্রমা করে মধ্য বাজারে এসে এক সভায় মিলিত হয়। সেখানে উপস্থিত ছিলেন বিধায়ক ধনঞ্জয় ত্রিপুরা, বিধায়ক প্রেম কুমার রিয়াং, গন্ডাছড়া মহকুমা কমিটির সভাপতি সূর্যসেন জমাতিয়া প্রমুখ।
আজকের এই সভায় বিভিন্ন দল ত্যাগ করে ১৭৬ পরিবারের ৩৫০ জন ভোটার আইপিএফটি দলে যোগদান করে। দলত্যাগীদের হাতে দলীয় পতাকা দিয়ে দলে বরন করে নেন উপস্থিত নেতৃত্বরা। অন্যদিকে এই দিন বিজেপি দলের তিন তিনটি সভা অনুষ্ঠিত হয়। প্রথম সভাটি অনুষ্ঠিত হয় দলপতি এলাকায়। সেখানে উপস্থিত ছিলেন বিজেপির ধলাই জেলা কমিটির সহ-সভাপতি বিকাশ চাকমা, গন্ডাছড়া মন্ডল সভাপতি ভুমিকানন্দ রিয়াং, জনজাতি মোর্চার সভাপতি মধু কুমার ত্রিপুরা প্রমুখ। সভায় বিভিন্ন দল ত্যাগ করে ৩ পরিবারের ১১ জন ভোটার বিজেপি দলে যোগদান করে। সভায় উপস্থিত নেতৃত্বরা দলত্যাগীদের হাতে দলীয় পতাকা দিয়ে দলে বরন করে নেন। এই দিন বিকেল তিনটায় সাধু চন্দ্র পাড়াতে অনুষ্ঠিত হয় এক উঠান সভা। সেখানে উপস্থিত ছিলেন মন্ডল সভাপতি ভুমিকানন্দ রিয়াং, সহ-সভাপতি আদিত্য সরকার প্রমুখ। সন্ধ্যা নাগাদ বড়বাড়িতে সর্বশেষ সভাটি অনুষ্ঠিত হয়। সেখানে উপস্থিত ছিলেন মন্ডল সভাপতি ভুমিকানন্দ রিয়াং, জনজাতি মোর্চার সভাপতি মধু কুমার ত্রিপুরা, ধন্য মানিক ত্রিপুরা প্রমুখ। সব মিলিয়ে এডিসি নির্বাচনের ঘণ্টা ভাজার আগেই রাইমাভ্যালীতে শাসক দলের প্রচার তুঙ্গে।

## গন্ডাছড়া মার্চেন্ট এসোসিয়েশনের নতুন কমিটি গঠিত

**নিজস্ব প্রতিনিধি, গন্ডাছড়া, ১৫ মার্চ ।।** গন্ডাছড়া মার্চেন্ট এসোসিয়েশনের নতুন কমিটি গঠন করা হয় রবিবার। এদিন এই উপলক্ষ্যে গন্ডাছড়া বাজার সংলগ্ন দুর্গাবাড়ি প্রাঙ্গণে এক সভা অনুষ্ঠিত হয়। সেখানে উপস্থিত ছিলেন এলাকার সমাজসেবক আদিত্য সরকার, ভূমিকানন্দ রিয়াং, বিকাশ চাকমা, গোপাল সরকার প্রমুখ এবং বাজার ব্যবসায়ী সমাজ। এদিন পুরানো কমিটি ভেঙ্গে সর্বসম্মতিক্রমে আগামী তিন বছরের জন্য নতুন কমিটি গঠন করা হয়। এতে সভাপতি সীতানাথ সাহা, সাধারন সম্পাদক রমেন্দ্র রায় এবং কোষাদক্ষ রিপন রায়কে মনোনীত করা হয়। নতুন মার্চেন্ট কমিটির এক কর্মকর্তা জানান আপাতত ২৫ জনকে নিয়ে নতুন কমিটি গঠন করা হয়েছে। পরে এই সংখ্যাটা আরো বাড়তে পারে বলে তিনি জানান।

## নেতাজী রোডে অটোতে উদ্ধার বিস্তর বিলেতী মদ

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৫ মার্চ ।।** আগরতলা পশ্চিম থানার পুলিশ রবিবার দুপুর পৌনে বারটা নাগাদ নেতাজী রোডে একটি অটো আটক করে ২৫০ বোতল বিলেতি মদ উদ্ধার করেছে। অটোর নম্বর টিআরজি-৩৭৫৭। অটোর চালক লক্ষণ ভৌমিককে গ্রেপ্তার করা হয়েছে। বেআইনিভাবে অটোতে করে বিলেতি মদ নিয়ে যাবার চেষ্টা করেছিল ওই অটো চালক। এব্যাপারে পশ্চিম থানায় একটি মামলা গৃহীত হয়েছে। পশ্চিম থানার ওসি জানান, সুনির্দিষ্ট খবরের ভিত্তিতে এসআই দেবাশিস সাহা অটোটিকে আটক করে এই সাফল্য পেয়েছেন। এ ধরনের অভিযান অব্যাহত থাকবে বলে জানিয়েছেন পশ্চিম থানার ওসি।

## করোনা থেক সতর্কতা, পিছিয়ে গেল পরীক্ষার নির্ঘন্ট

বেঙ্গালুরু, ১৫ মার্চ (হি.স.) : করোনাভাইরাস রোধে পিছিয়ে দেওয়া হল রাজ্যের প্রতিটি স্কুলের ক্লাস পরীক্ষা বলে রবিবার ঘোষণা করল কর্ণাটক সরকার।
রবিবার সকালে রাজ্যের শিক্ষামন্ত্রী এস সুরেশ কুমার জানিয়েছেন, স্কুলগুলির সপ্তম, অষ্টম এবং নবম শ্রেণীর পরীক্ষা ৩১ মার্চ পর্যন্ত পিছিয়ে দেওয়া হল। পরিস্থিতি স্বাভাবিক হলে পরীক্ষা সংক্রান্ত নতুন নির্দেশিকা জারি করা হবে প্রশাসনের তরফে।
উল্লেখ করা যেতে পারে এর আগে শুক্রবার রাজ্যের সমস্ত মল, সিনেমা হল, পানশালা, বিবাহ অনুষ্ঠান বন্ধ করে দেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে। আগামী এক সপ্তাহ পর্যন্ত এই নির্দেশ কার্যকর থাকবে। পাশাপাশি প্রয়োজন না পড়লে বাড়ি থেকে বেরোনর দরকার নেই বলে নির্দেশিকায় জানানো হয়েছে।






স্বত্বাধিকারী পরিতোষ বিশ্বাস কর্তৃক রেনবো প্রিন্টিং ওয়ার্কস আগরতলা থেকে মুদ্রিত ও জাগরণ কার্যালয় এল এন বাড়ী লেইন, আগরতলা ত্রিপুরা থেকে প্রকাশিত। সম্পাদক-পরিতোষ বিশ্বাস।